The Weekly Bangla Patrika
সফলতার ২৮ বছরে
# বাংলা পত্রিকা
www.banglapatrikausa.com
বর্ষ ২৮ সংখ্যা ৫১ সোমবার আশ্বিন ০১ ১৪৩১ / রবিউল আওয়াল ১২, ১৪৪৬ / Vol. 28 / Issue 51 / September 16, 2024 USA. Free in NY, Other State $1




## সাংবাদিক মুশফিকুল ফজল ঢাকায় সংবর্ধিত

**বিশেষ প্রতিনিধি:** সহকর্মী সাংবাদিকদের উচ্ছ্বাস, ভালোবাসায় সিক্ত হলেন, এক দশক নির্বাসনে থাকা বিশিষ্ট সাংবাদিক মুশফিকুল ফজল আনসারী। শুক্রবার (১৩ সেপ্টেম্বর) ঢাকায় জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবর্ধনা সভায়, জাতিসংঘ ও হোয়াইট হাউসের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের প্রশ্নবানে জর্জরিত করার জন্য বিশিষ্ট সাংবাদিক মুশফিকুল ফজল আনসারীকে 'হিরো' হিসেবে অবহিত করেছেন বিশিষ্টজনেরা। সাংবাদিক মুশফিক, এ সংবর্ধনায় গত ১৫ বছরের দু:শাসনের প্রতিহিংসা ও নির্যাতনের শিকার হয়েও যারা এর প্রতিবাদ করেছেন তারাই প্রকৃত বীর বলে *(বাকি অংশ ১৬ এর পাতায়)*

## পুত্রসহ শেখ হেলালের দেশ ত্যাগ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আপন দুই চাচাতো ভাই প্রভাবশালী সাবেক এমপি শেখ জুয়েল, শেখ হেলাল ও তার ছেলে শেখ তন্ময় সীমান্ত পাড়ি দিয়ে ভারত চলে গেছেন। ৯ সেপ্টেম্বর, তারা তিনজন যশোর সংলগ্ন সীমান্ত দিয়ে কলকাতা বাকি অংশ ৫ এর পাতায়

# সময় স্বল্পতায় সংবর্ধনা অনুষ্ঠান না হওয়ার সম্ভাবনা

## ২৪ সেপ্টেম্বর নিউইয়র্ক আসছেন ড. মুহাম্মদ ইউনুস



**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা শান্তিতে নোবেল বিজয়ী ড. মোহাম্মদ ইউনূস আগামী ২৪ সেপ্টেম্বর নিউ ইয়র্ক আসছেন। আগামী ২০ সেপ্টেম্বর শুরু হচ্ছে জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশন। এই অধিবেশনে তিনি ৭ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন বলে ঢাকার পররাষ্ট্রমন্ত্রণালয় সূত্রে ইতোমধ্যেই জানানো হয়েছে। ২২ সেপ্টেম্বর নিউ ইয়র্কে আসার কথা থাকলেও শেষ পর্যন্ত ড. মুহাম্মদ ইউনূস আসছেন ২৪ সেপ্টেম্বর। এমনটি জানা গেছে সংশ্লিষ্ট সূত্রে সল্প সময়ের এ সফরে ২৭ সেপ্টেম্বর শুক্রবার জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে তিনি ভাষণ দেবেন। সময় সল্পতার কারণে ২৬ সেপ্টেম্বর সংবর্ধনা সভা না হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

এদিকে ড. ইউনূসের নিউইয়র্ক আগমণ ঘিরে প্রবাসী বাংলাদেশীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও তাঁকে সংবর্ধিত করার উদ্যোগ নেয়া হলেও সময় স্বল্পতার কারণে সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান সম্ভব হবে না বলে জানা গেছে। প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূসের নিউ ইয়র্ক আগমন উপলক্ষে নিউ ইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট, ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস ও জাতিসংঘের বাংলাদেশ মিশন-এর সহযোগিতায় প্রবাসীদের সাথে সভা অনুষ্ঠানের প্রস্তুতি নেয়া হয়েছিল। পাশাপাশি বাংলাদেশ সোসাইটি ও ড. শওকত আলীর নেতৃত্বে প্রবাসী নাগরিক সমাজের ব্যানারে প্রফসর ইউনুসকে একটি নাগরিক সংবর্ধনা দেয়ার দাবী উঠেছিল। সোসাইটির পক্ষ থেকে অনুমতি পেলে সোসাইটি সংবর্ধনার আয়োজন করবে বলে জানিয়েছিলেন কর্মকর্তারারা।

ড. ইউনূসের সংবর্ধনায় যোগ দিতে আগ্রহী বিপুল সংখ্যক প্রবাসী তাদের নামের তালিকা জমা দিয়েছেন কনস্যুলেটে অফিসে। ব্যক্তিগতভাবে, সাংগঠনিকভাবে বা ই-মেইলে এই তালিকা দেয়া হয়েছে। যা হলের ক্যাপাসিটির চাইতে অনেক বেশী বলে জানা গেছে। তবে শেষ পর্যন্ত এই সংবর্ধনা *(বাকি অংশ ৩ এর পাতায়)*

# সোসাইটি, চট্টগ্রাম, কোম্পানীগঞ্জ সমিতির নির্বাচনী ভাইরাসে আক্রান্ত কমিউনিটি




**বাংলা পত্রিকা রিপোর্ট:** ২০২৪ সাল হচ্ছে যুক্তরাষ্ট্রের নির্বাচনী বছর। চলতি এই বছরের নভেম্বরের ৫ তারিখ মঙ্গলবার অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচনে প্রধান দুই প্রতিদ্বন্দ্বির মধ্যে ক্ষমতাসীন ডেমোক্র্যাট দলের প্রার্থী হিসেবে ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এবং রিপাবলিকান দলে প্রার্থী হিসেবে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রতিদ্বন্দ্বিতা করছেন। চলছে দুই প্রার্থীও ব্যাপক নির্বাচনী প্রচার-প্রচারণা।

অপরদিকে চলতি বছর বাংলাদেশ সোসাইটি সহ কমিউনিটির আরো ২টি সংগঠনের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এরমধ্যে আগামী ২৭ অক্টোবর রোববার সোসাইটির দ্বি-বার্ষিক কার্যকরি কমিটির (২০২৫-২০২৬) নির্বাচন হবে। এদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সোসাইটির এবারের নির্বাচনে 'সেলিম-আলী' আর 'রুহুল-জাহিদ' দুই প্যানেলে ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। 'সেলিম-আলী' প্যানেলের প্রার্থী হিসেবে সোসাইটির বর্তান প্রচার ও জনসংযোগ সম্পাদক রিজু মোহাম্মদ ইতিমধ্যেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় বেসরকারীভাবে নির্বাচিত হয়েছেন।

প্রবাসের অন্যতম বৃহত্তম সামাজিক সংগঠন চট্টগ্রাম এসোসিয়েশন অব আমেরিকার (চট্টগ্রাম সমিতি) নির্বাচনে ভোট গ্রহণ হবে ১৯ অক্টোবর শনিবার। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মনোনয়নত্র দাখিল সহ অন্যান্য কার্যক্রম সমাপ্ত হয়েছে। 'তাহের-অরিফ' আর 'মাকসুদ-মাসুদ' এই দুই প্যানেল ছাড়াও সাধারণ সম্পাদক পদে একজন স্বতন্ত্রভাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এছাড়াও কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোশিয়েশন ইউএসএ'র নির্বাচন আগামী ১৩ অক্টোবর *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

*শেখ হাসিনার সাথে ফোনালাপে*

## ১০ মিনিটে যুবকের 'আপা' সম্বোধন ২৮৭ বার, হাস্যরস

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাংলাদেশের প্রধানমন্ত্রী পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যাওয়া শেখ হাসিনার সাথে যুক্তরাষ্ট্রে থাকা বাংলাদেশী তানভীর কায়সার নামে এক যুবকের ফোনালাপের অডিও ভাইরাল হয় নেট দুনিয়ায়। বৃহস্পতিবার ভাইরাল হওয়া শেখ হাসিনার কথোপকোথনের বিষয়টি নিয়ে যতটা কৌতুহল সৃষ্টি হয়েছে নেটিজেনদের মধ্যে তার চেয়ে বেশি ফোনালাপে কথা বলা তানভীরের 'আপা-আপা' সম্বোধন শব্দটি হাস্যরসের জন্ম দিয়েছে। এ নিয়ে নেটিজেনরা সামাজিক যোগাযোগ মাধ্যমে 'আপা আপা' সম্বোধন করে বিভিন্ন পোস্ট এবং ট্রল কমেন্ট করছেন। *(বাকি অংশ ১২ এর পাতায়)*

## স্টেট সিনেটর জেসিকা রামোসের মেয়র প্রার্থীতা ঘোষণা


স্টেট সিনেটর জেসিকা রামোসের

**বাংলা পত্রিকা রিপোর্ট:** আগামী বছর (২০২৫) অনুষ্ঠিতব্য নিউইয়র্ক সিটির মেয়র পদের নির্বাচনে প্রার্থীতা ঘোষণা করেছেন স্টেট সিনেটর জেসিকা রামোস। শনিবার (১৪ সেপ্টেম্বর) সকালে ম্যানহাটানে সিটি হল প্রাঙ্গনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন। এই নির্বাচনে তার প্রধান প্রতিদ্বন্দ্বি বর্তমান মেয়র এরিক অ্যাডামস আর সিটি কম্পট্রোলার ব্র্যাড লেন্ডার।

সংবাদ সম্মেলনে জেসিকা বলেন, তিনি নিউইয়র্কের কুইন্সে বসবাস করেন। তিনি জানেন এই শহরের সব মানুষের *(বাকি অংশ ১৬ এর পাতায়)*

## ড. ইউনূস ও নোবেল প্রাইজ নিয়ে খালেদ মুহিউদ্দিনের মন্তব্যে সমালোচনার ঝড়

**বাংলা পত্রিকা রিপোর্ট:** অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সম্পর্কে ও নোবেল পুরস্কার নিয়ে নিউইয়র্কের একটি সভায় সাংবাদিক খালেদ মুহিউদ্দীনের মন্তব্যের তীব্র প্রতিবাদ করেছে প্রবাসী নাগরিক সমাজ।

জানা গেছে, গত রোববার জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলমের উদ্যোগে অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূসের নিউইয়র্কে আগমন উপলক্ষে তাঁর কাছে প্রবাসীদের দাবি পেশের জন্য এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন ডয়েচেভেলের সাবেক বাংলা বিভাগের প্রধান সাংবাদিক খালেদ মুহিউদ্দীন।

সভায় খালেদ মুহিউদ্দিন ড. মোহাম্মদ ইউনূসকে নিয়ে তাচ্ছিল্যপূর্ন মন্তব্য করেন এবং টাকা দিয়ে নোবেল পুরস্কার পাওয়ার বিষয়টি উল্লেখ করেন।

খালেদ মুহিউদ্দীনের বক্তব্যে সভায় অন্তবর্তীকালীন সরকারের কাছে দাবি দাওয়া পেশ নিয়ে আয়োজক ও উপস্থিত প্রবাসীরা বিভ্রান্তিতে পড়েন। শতাধিক অতিথির উপস্থিতিতে অনুষ্ঠিত এই সভায় ৩০/৩৫ জনের মতো বক্তা বক্তব্যও রাখেন। খালেদ *(বাকি অংশ ১২ এর পাতায়)*
















# ‘রুহুল-জাহিদ’ প্যানেলের পরিচিতি সভা অনুষ্ঠিত






(শেষ পাতার পর) সাইফুল ইসলাম ও বেলাল আহমেদ চৌধুরী, অধ্যাপক শাহাদৎ হোসেন, বাংলাদেশ সোসাইটির সাবেক স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক নূরুল হক, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ আল আমীন রাসেল, মাজেদা উদ্দিন, আব্দুল বাসেত, আনোয়ারুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ইঞ্জিনিয়ার আলমগীর হোসেন সরকার, ইঞ্জিনিয়ার শেখ উজ্জল, ওসমান গণি তালুকদার, খাজা নাসির, আব্দুল কাদের, মোঃ টিপু মোল্লাহ, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ কবির হোসেন, জাসির আহমদ, রিয়েল এস্টেট ব্যবসায়ী বিক্রমধর প্রমুখ। অনুষ্ঠানে প্রার্থীদের পরিচয় করিয়ে দেন সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু। সভা পরিচালনা করেন ‘রুহুল-জাহিদ’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব জে মোল্লা সানি।

অনুষ্ঠানে প্রার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ সাদী মিন্টু, সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী মনিকা রায় চৌধুরী, স্কুল ও শিক্ষা সম্পাদক প্রার্থী শাহানাজ হোসেন, কার্যকরী সদস্য প্রার্থী একে এম রফিকুল ইসলাম ডালিম প্রমুখ।

সভা বক্তারা বলেন, বাংলাদেশ সোসাইটির সবচেয়ে বেশি ভোটার জামাইকা বসবাস করেন। ‘রুহুল-জাহিদ পরিষদ আগামী নির্বাচনে এই জ্যামাইকা থেকেই সর্বোচ্চ ভোটে জয়ী হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় কমিউনিটি ভবন তৈরির আশ্বাস দেন সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু।

# চট্টগ্রাম সমিতির নির্বাচনে দুই প্যানেলে ৩৯ প্রার্থী





‘তাহের-আরিফ’ প্যানেলের মনোনয়ন দাখিল



‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের মনোনয়ন দাখিল

**(শেষ পাতার পর) ‘তাহের-আরিফ’ প্যানেলের মনোনয়ন**

কমিটির নির্বাচনে দুই প্যানেল থেকে ১৯টি পদে ৩৯ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। গত ৭ সেপ্টেম্বর শনিবার ব্রুকলীস্থ সংগঠনের নিজস্ব কার্যালয়ে অন্য প্যানেলের মতো আনন্দমুখর পরিবেশে ‘তাহের-আরিফ’ প্যানেলের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন। এসময় প্রধান নির্বাচন কমিশনার ইঞ্জিনিয়ার শেখ মো. খালেদ, নির্বাচন কমিশনার যথাক্রমে মোহাম্মদ রুহল আমিন হোসেন, শাহাব উদ্দিন সাগর, মোহাম্মদ সেলিম হারুন ও ইঞ্জিনিয়ার মোহাম্মদ এ. হান্নান চৌধুরী মনোয়নপত্র গ্রহণ করেন।

‘তাহের-আরিফ’ প্যানেলের প্রার্থীরা হলেনঃ সভাপতি- মোহাম্মদ আবু তাহের, সিনিয়র সহ সভাপতি- মোহাম্মদ আলী নূর, সহ সভাপতি- হাজী মোহাম্মদ টি. আলম ও ফরিদ আহমেদ চৌধুরী,

**(শেষ পাতার পর) ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের মনোনয়ন**

অংশগ্রহণের লক্ষ্যে সৎ যোগ্য মেধাবী ও সাংগঠনিক অভিজ্ঞতা সম্পন্ন একঝাঁক তরুনের সমন্বয়ে গঠিত ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেছেন। গত ৭ সেপ্টেম্বর শনিবার রাত ৯ টায় ব্রুকলীনস্থ ‘চট্টগ্রাম ভবনে’ উপস্থিত হয়ে নির্বাচন কমিশনানের কাছে পূর্ন প্যানেলে মোট ১৯ টি পদের জন্য মনোনয়ন দাখিল করেছে। প্রধান নির্বাচন কমিশনার ইঞ্জিনিয়ার শেখ মোহাম্মদ খালেদ, কমিশনের সদস্য যথাক্রমে মোহাম্মদ রুহল আমিন হোসেন, সাহাবুদ্দিন সাগর, মোহাম্মদ সেলিম হারুন ও ইঞ্জিনিয়ার মোহাম্মদ এ হান্নান চৌধুরী মনোয়নপত্র গ্রহন করেন।

এ সময় ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের প্রার্থীরা ছাড়াও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য ও চট্টগ্রাম সমিতির ট্রাস্টি বোর্ডের সাবেক কো চেয়ারম্যান শাহাজাহান সিরাজী, বিশিস্ট ব্যবসায়ী

# সময় স্বল্পতায় সংবর্ধনা অনুষ্ঠান না হওয়ার সম্ভাবনা






বৈষম্যবিরোধী প্রবাসী ও নাগরিক সমাজ-এর ব্যানারে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কে নাগরিক সংবর্ধনার প্রস্তুতি বিষয়ে জ্যাকসন হাইটসের একটি পার্টি সেন্টারে মতবিনিময় সভা করেন।





বাংলাদেশ স্টুডেন্ট এসোসিয়েশন (বিএসএ), নিউইয়র্ক-এর প্রতিনিধিরা গত ১১ সেপ্টেম্বর বিকেলে কনসাল জেনারেল নাজমুল হুদার সাথে তাঁর অফিসে সাক্ষাৎ এবং মতবিনিময় করেন।

*(প্রথম পাতার পর)* অনুষ্ঠান না হওয়ার খবর শুনে অনেকেই আশাহত হয়েছেন বলে জানিয়েছেন।

কনসাল জেনারেলের সাথে বিএসএ'র প্রতিনিধি দলের সাক্ষাৎ

বিএসএ'র প্রধান উপদেষ্টা ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ আল আমীন রাসেলের নেতৃত্বে বাংলাদেশ স্টুডেন্ট এসোসিয়েশন (বিএসএ), নিউইয়র্ক-এর প্রতিনিধিরা গত ১১ সেপ্টেম্বর বিকেলে কনসাল জেনারেল নাজমুল হুদার সাতে তার অফিসে সাক্ষাৎ এবং মতবিনিময় করেন। ঐদিন বিকেল ৪টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত ঘন্টাব্যাপী এই বৈঠকে ইসলাম মোহাম্মদ, অবনি শরীফ, মোহাম্মদ নূমের হোসেন, ইউসূফ আলী মিয়া, সাবরিনা মাহমুদ, ফজলে রাব্বী জিএম (নিলয়), এস এম ফয়সাল, রকিবুল হাসান জিএম, সৈয়দ আবতানী, মুজাফফর আহমদ উপস্থিত ছিলেন। এসময় ড. ইউনূসের নিউইয়র্ক সফল এবং বিএসএ'র কর্মকান্ড ও কর্মসূচী নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

বৈষম্যবিরোধী প্রবাসী ও নাগরিক সমাজ-এর মতবিনিময় সভা

প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ-এর ব্যানারে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কে নাগরিক সংবর্ধনার প্রস্তুতি নেওয়া হচ্ছে। আয়োজকরা এ লক্ষ্যে ঢাকায়, ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস, নিউইয়র্কে বাংলাদেশ স্থায়ী মিশন *(বাকি অংশ ২৯ এর পাতায়)*



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

## তিস্তার পানিবণ্টন

# অধিকার আদায়ে দৃঢ় হতে হবে

সুযোগের সদ্ব্যবহার করতে হয় বলেই আমরা জানি। তবে অসাধুরা ওত পেতে থাকে সুযোগের অপব্যবহার করার জন্য। এর উদাহরণ প্রতিনিয়ত নজরে আসছে। যেমন, কোনো স্থানের নাম পরিবর্তন, কাউকে বিশেষ কোনো ‘ট্যাগ’ লাগিয়ে ‘মব জাস্টিস’-এর নামে মারধর করা কিংবা কোনো অপ্রীতিকর ঘটনার কৃতিত্ব নিয়ে নেওয়া! এর মানে দাঁড়ায়, যাঁরা এত দিন ক্ষমতা প্রদর্শন বা ক্ষমতার অপব্যবহার করতে পারেননি, তাঁরা স্বরূপে ফিরে এসেছেন। বিগত বছরগুলোতে যা হয়েছে তা থেমে নেই, শুধু এসব কর্মকাণ্ডের হোতারা বদলেছে।

> *“সুযোগের সদ্ব্যবহার করতে হয় বলেই আমরা জানি। তবে অসাধুরা ওত পেতে থাকে সুযোগের অপব্যবহার করার জন্য। এর উদাহরণ প্রতিনিয়ত নজরে আসছে। যেমন, কোনো স্থানের নাম পরিবর্তন, কাউকে বিশেষ কোনো ‘ট্যাগ’ লাগিয়ে ‘মব জাস্টিস’-এর নামে মারধর করা কিংবা কোনো অপ্রীতিকর ঘটনার কৃতিত্ব নিয়ে নেওয়া! এর মানে দাঁড়ায়, যাঁরা এত দিন ক্ষমতা প্রদর্শন বা ক্ষমতার অপব্যবহার করতে পারেননি, তাঁরা স্বরূপে ফিরে এসেছেন। বিগত বছরগুলোতে যা হয়েছে তা থেমে নেই, শুধু এসব কর্মকাণ্ডের হোতারা বদলেছে।”*

পত্রিকায় প্রকাশিত কয়েকটি খবরে চোখ রাখা যায়। প্রথমটি: ‘বরিশাল জেলা মৎস্য পাইকারি অবতরণকেন্দ্র’-এর নাম পরিবর্তন করে সুযোগসন্ধানী বিএনপি নেতারা নতুন নামকরণ করেছেন ‘শহীদ জিয়া মৎস্য পাইকারি অবতরণকেন্দ্র’। যদিও নামকরণের উদ্যোক্তাদের দাবি, চারদলীয় জোট সরকারের সময় মোকামটি জিয়ার নামেই ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় এসে নাম পরিবর্তন করেছিল। হ্যাঁ, আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালীন অনেক কিছুরই নাম পরিবর্তন করেছিল, এমনকি শেখ মুজিবুর রহমানের নাম সবচেয়ে বেশি ও যত্রতত্র ব্যবহার করায় তাদের বদনামও হয়েছে। এখন যাঁরা নিজ ইচ্ছায় কোনো কিছুর নাম পরিবর্তন করে ফেলছেন, তাঁরা কি তাঁদের দলের ভাবমূর্তি নষ্ট করছেন না, ঠিক যেমন বিগত সরকার করেছিল?

দ্বিতীয় ঘটনা: বগুড়ায় আশরাফুল আলম ওরফে ইউটিউবার হিরো আলমকে চিফ জুডিশিয়াল আদালত চত্বরে মারধর করে কানে ধরে ওঠবস করানো হয়েছে এই অভিযোগে যে তিনি নাকি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে ‘গালমন্দ’ করেছেন। যদিও আলম এই অভিযোগ অস্বীকার করেছেন। ধরে নিলাম, তিনি সত্যিই কাউকে গালমন্দ করেছেন; তার মানে কি এই যে তাঁকে লাঞ্ছিত করতে হবে? এ ব্যাপারে আইনের সাহায্যও তো চাওয়া যায়। বগুড়া জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা পাপন বলছেন, এর আগে বিএনপি নেতা রুহুল কবির রিজভীর বিরুদ্ধে মামলা করায় আলমের ওপর জনগণ ক্ষুব্ধ ছিল। কিন্তু এ কথা বলে তো তিনি দলকে বদনামের স্বাদ নিতে দিলেন। অথচ তিনি বলতে পারতেন, এ রকম অন্যায়কে বিএনপি প্রশ্রয় দেয় না।

তৃতীয় খবর: কুষ্টিয়া জেলা যুবদলের নেতা আব্দুল মাজেদ খুব গর্ব করে বলেছেন, বিগত সরকার পতনের দিন তাঁর নেতৃত্বে কুষ্টিয়া মডেল থানা ভাঙা হয়েছে। একটি গণ-আন্দোলনের জেরে কোনো স্থাপনা ভাঙচুরের ঘটনা অস্বাভাবিক কিছু না। কিন্তু সেটা কাম্যও তো নয়। আর এমন একটি অপ্রীতিকর ঘটনার নেতৃত্ব দেওয়ার মতো কৃতিত্ব নেওয়া কি দলের জন্য শোভনীয়? হয়তো এ কথা বুঝতে পেরেই তিনি পরে সংবাদ সম্মেলন করে ক্ষমা চেয়েছেন এবং ঘটনায় সম্পৃক্ততার কথা অস্বীকার করেছেন।

এসব ছাড়াও দেশের বিভিন্ন জায়গায় বিএনপির নেতা-কর্মী পরিচয়ে চাঁদাবাজির ঘটনা ঘটছে। বিএনপি যেমন সাংগঠনিক কাজের উদ্দেশ্যে সফরকালে কোনো যানবাহনে শোভাযাত্রা নিষিদ্ধ করেছে, তেমনি বাকি ব্যাপারগুলোতেও তাদের চুপ থাকা ঠিক হবে না। নইলে আওয়ামী লীগের মতো তারাও বদনাম বয়ে বেড়াবে সব সময়। তারাই ভাবুক কীভাবে মানুষের আস্থা অর্জন করা যায়।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

# অন্তবর্তী সরকারের মাস পূর্তি উপলক্ষ্যে প্রধান উপদেষ্টার ভাষণের পূর্ণ বিবরণ



অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ১১ সেপ্টেম্বর জাতির উদ্দেশে ভাষণ দেন

ঢাকা, ১১ সেপ্টেম্বর, ২০২৪ (বাসস) : অন্তর্বর্তী সরকারের এক মাস পূর্তি উপলক্ষ্যে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ১১ সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে সাতটায় জাতির উদ্দেশে ভাষণ দিয়েছেন। বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডসে তাঁর ভাষণটি সরাসরি সম্প্রচার করা হয়। নিম্নে তাঁর ভাষণের পূর্ণ বিবরণ তুলে ধরা হলো:

প্রিয় দেশবাসী, দেশের শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী, ছাত্র-ছাত্রী, বয়স্ক, বৃদ্ধ, পুরুষ, মহিলা সবাইকে আমার সালাম জানাচ্ছি। আসসালামু আলাইকুম,

বক্তব্যের শুরুতে আমি গভীর শ্রদ্ধা জানাচ্ছি জুলাই-আগস্ট মাসে ফ্যাসিবাদের বিরুদ্ধে ছাত্র-শ্রমিক-জনতার অভ্যুত্থানে নিহত সকল শহীদের প্রতি। আমি আরো স্মরণ করছি তাদের যারা ফ্যাসিবাদী শক্তির প্রাণঘাতী অস্ত্রের সামনে হিমালয়ের মত দাঁড়িয়ে অন্যায়ের প্রতিবাদ করে মৃত্যুকে আলিঙ্গন করেছে, আহত হয়েছে, পঙ্গুত্ব বরণ করেছে, হারিয়েছে তাদের চোখের দৃষ্টি। সেইসব বীরদের স্মরণ করছি যারা মিথ্যাচার, লুটপাট, স্বৈরতন্ত্রের বিরুদ্ধে এক দফা দাবি নিয়ে দাঁড়িয়েছিল। কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি আপনাদের ভাইবোনদের, আপনাদের সন্তানদের যারা এই বিপ্লবে অংশগ্রহণ করেছে।

প্রিয় দেশবাসী,

আমি আগেও জানিয়েছি, আবারো জানাচ্ছি, গণ-অভ্যুত্থানে সকল শহীদের পরিবারকে পুনর্বাসন করা হবে। সকল আহত শিক্ষার্থী শ্রমিক জনতার চিকিৎসার সম্পূর্ণ ব্যয় সরকার বহন করবে। আহতদের দীর্ঘমেয়াদি এবং ব্যয়বহুল চিকিৎসা এবং শহীদদের পরিবারের দেখাশোনার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হয়েছে। এখন নতুন তথ্য পাওয়ার ভিত্তিতে এই তালিকা হালনাগাদ করা হতে থাকবে।

এই গণ-অভ্যুত্থানের শহীদদের স্মৃতি ধরে রাখতে সরকার তার যাত্রা লগ্নে “জুলাই গণহত্যা স্মৃতি ফাউন্ডেশন” নামে একটি ফাউন্ডেশন প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। এখন সে ফাউন্ডেশন তৈরি হয়েছে। সকল শহীদ পরিবার এবং আহতদের সর্বোত্তম চিকিৎসা সহ তাদের পরিবারের সম্পূর্ণ দায়িত্ব এই ফাউন্ডেশন গ্রহণ করছে। এই ফাউন্ডেশনে দান করার জন্য দেশের সকল মানুষ এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের আমরা আহ্বান জানাচ্ছি।

গত মাসে কুমিল্লা-নোয়াখালী সিলেট অঞ্চলে আকস্মিক বন্যা এসব এলাকার মানুষকে হতভম্ব করে দিয়েছে। এখানে বেশিরভাগ এলাকায় কোনো দিন বন্যা হয়নি। তারা বন্যা মোকাবিলা করায় অভ্যস্ত নন। দেশপ্রেমিক সশস্ত্রবাহিনী তাৎক্ষণিকভাবে বন্যা আক্রান্ত সবাইকে রক্ষার জন্য এগিয়ে আসে। সেনা, নৌ এবং বিমান বাহিনী পরস্পরের সঙ্গে সমন্বয় করে একযোগে কাজে নেমে পড়ার ফলে মানুষের দুর্ভোগ কম হয়েছে। এর পরপরই এনজিও এবং সাধারণ মানুষ দেশের সকল অঞ্চল থেকে দলে দলে এগিয়ে এসেছে। আমি বিশেষ করে দেশপ্রেমিক সেনাবাহিনীকে আবারো ধন্যবাদ জানাচ্ছি। দেশের সকল দুর্যোগকালে তারা সবসময় আন্তরিকভাবে এগিয়ে এসেছে। বিশেষ করে বন্যা ও শান্তিশৃঙ্খলা রক্ষার কাজে তাদের সৈনিক এবং অফিসাররা দিনের পরদিন যেভাবে দায়িত্ব পালন করেছে তার কোনো তুলনা হয় না। জনজীবনে স্বস্তি ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় তাঁদের ভূমিকা অনন্য।

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সকল সদস্যকে আমি ধন্যবাদ জানাই তাদের সততা, ত্যাগ ও অসীম দেশপ্রেমের জন্য। দেশের স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে বন্যা, খরা, ঝড়, বৃষ্টি, ঘূর্ণিঝড় সহ সকল প্রাকৃতিক দুর্যোগে আপনারা সকলের শেষ ভরসার স্থান। দেশের প্রতিটি ক্রান্তিলগ্নে আপনারা দেশের মানুষের পাশে থেকেছেন। দেশের স্বাধীনতার পক্ষে, সার্বভৌমত্বের পক্ষে অবস্থান নিয়েছেন। দেশ গঠনেও আপনারা সবার আগে এগিয়ে এসেছেন। বিগত জুলাই হতে শুরু হওয়া গণ অভ্যুত্থান, বন্যা, নিরাপত্তা প্রদান, অস্ত্র উদ্ধার সহ সকল কার্যক্রমে আপনারা সফল ভাবে দিনরাত কাজ করে যাচ্ছেন। সরকার ও জনগণের পক্ষ থেকে আসি আপনাদের প্রতি অনেক কৃতজ্ঞতা জানাচ্ছি।

বন্যা আমাদের জনজীবনে আরেকটি দিক উন্মোচন করলো। দেশের সকল জায়গায় মানুষের সক্রিয় সহানুভূতির জোয়ার উঠেছিল অবিশ্বাস্য মাত্রায়। ব্যবসায়ী, অর্থবান ব্যক্তিরা যেমন তাদের অর্থ নিয়ে স্বঃতস্ফুর্তভাবে এগিয়ে এসেছিল, তেমনি দেশের বিভিন্ন প্রান্তের সাধারণ মানুষ, স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েরা জোয়ারের ঢলের মতো যার যার সামর্থ্য নিয়ে এগিয়ে এসেছে। অনেকেই ছুটে গেছে বন্যার্তদের সহযোগিতা করার জন্য। এনজিওরা বিভিন্ন জায়গা থেকে ছুটে গেছে তাদের সহায়তা নিয়ে। তাদের কাজে অনুপ্রাণিত হয়ে আমি এনজিও নেতাদের সঙ্গে বৈঠক করেছি কীভাবে সরকার তাদের কাজের সঙ্গে সরকারের উদ্যোগকে সমন্বিত করতে পারে সেটার কাঠামো তৈরি করে দেওয়ার জন্য। বন্যা এখন চলে গেছে। কিন্তু পুনর্বাসনের কঠিন কাজ আমাদের সামনে রয়ে গেছে। সকলের সহযেগিতায় আমরা পুনর্বাসনের কাজটি সফলভাবে সমাধান করতে চাই।

আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির জন্য আমরা দিনরাত পরিশ্রম করে যাচ্ছি। যেসমস্ত ভাই-বোনেরা তাদের গত ১৬ বছরের বেদনা জানিয়ে তার প্রতিকার পাওয়ার জন্য আমার অফিস এবং সচিবালয়ের অফিস সমূহের সামনে প্রতিদিন ঘেরাও কর্মসূচি দিয়ে আমাদের কাজকর্ম ব্যাহত করছিলেন তারা আমার আহ্বানে সাড়া দিয়ে ঘেরাও কর্মসূচি থেকে বিরত হয়েছেন বটে তবে অন্যত্র আবার তারা তাদের কর্মসূচি দিয়ে যাতায়াতে ব্যাঘাত ও সৃষ্টি করেছেন । আমি কথা দিচ্ছি আপনাদের ন্যায্য আবেদনের কথা ভুলে যাবো না। আমরা সকল অন্যায়ের প্রতিকারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের দায়িত্বকালে যথাসম্ভব সব সমস্যা সমাধানের চেষ্টা করবো। আমি আবারও অনুরোধ করছি আপনার যাতায়াতে ব্যাঘাত সৃষ্টি থেকে বিরত থাকুন। জাতি আপনাদের প্রতি কৃতজ্ঞ থাকবে।

তৈরি পোষাক, ঔষধ শিল্প এসব এলাকায় শ্রমিক ভাইবোনেরা তাদের অভিযোগ জানানোর জন্য ক্রমাগতভাবে এই শিল্পের কার্যক্রম পরিচালনা বন্ধ রাখতে বাধ্য করছেন। এটা আমাদের অর্থনীতিতে যে নেতিবাচক প্রভাব ফেলবে সেটা মোটেই কাম্য নয়। এমনিতেই ছাত্র-শ্রমিক-জনতার বিপ্লবের পর যে অর্থনীতি আমরা পেয়েছি সেটা নিয়ম নীতিবিহীন দ্রুত ক্ষীয়মাণ একটা অর্থনীতি। প্রাতিষ্ঠানিক কাঠামো প্রায় ধ্বংস প্রাপ্ত। বৈদেশিক মুদ্রার রিজার্ভ তলানীতে গিয়ে ঠেকেছে। আমরা এই অর্থনীতিতে প্রাণ সঞ্চারের চেষ্টা করছি। আমাদের উদ্যোগে সাড়াও পাচ্ছি। ঠিক এই সময়ে আমাদের শিল্প কারখানাগুলো বন্ধ হয়ে গেলে, অকার্যকর হয়ে গেলে দেশের অর্থনীতিতে বিরাট আঘাত পড়বে। সেটা কিছুতেই কারো কাম্য হতে পারে না।

শ্রমিক ভাইবোনদের অনেক দুঃখ আছে। কিন্তু সেই দুঃখ প্রকাশ করতে গিয়ে আপনাদের মূল জীবিকাই বন্ধ হওয়ার উপক্রম হলে সেটা ঠিক হবে না। দেশের অর্থনীতি ধ্বংস প্রাপ্ত হলে সেটা ঠিক হবে না। মালিক-শ্রমিক উভয় পক্ষের সঙ্গে আলাপ করে এসব সমস্যার সমাধান আমরা অবশ্যই বের করবো। আপনারা কারখানা খোলা রাখুন। অর্থনীতির চাকা সচল রাখুন। দেশের অর্থনীতিকে সোজা হয়ে দাঁড়াতে দিন। আমরা আপনাদের সমস্যার স্থায়ী সমাধান বের করার জন্য সর্বশক্তি প্রয়োগ করবো। মালিক পক্ষের কাছে আমাদের আবেদন, আপনারা শ্রমিকদের সঙ্গে বোঝাপড়া করুন। কারখানা সচল রাখুন। অর্থনীতির দুর্বল স্বাস্থ্যকে সবল করে তুলুন।

ঔষধ শিল্প এবং তৈরি পোষাক শিল্প দেশের গৌরব। এর মাধ্যমে আমাদের শ্রমিক ভাই বোনেরা ও তাদের কর্মকুশলতা বিশ্বকে মুগ্ধ করেছে। এর সাফল্য এখন থমকে আছে। আমরা এই দুই শিল্পকে তাদের সম্ভাব্য শীর্ষে নিয়ে যেতে চাই। দুর্বল করারতো প্রশ্নই ওঠে না। এই দুই শিল্পের কোথায় কোথায় বাধা আছে, সমস্যা আছে সেগুলো চিহ্নিত করে তাকে বাধা মুক্ত করতে চাই। আমরা বিদেশি ক্রেতাদের একত্রিত করে তাদের সহযোগিতা চাইবো যেন বাংলাদেশের এই শিল্প দুটি বিশ্বের অন্যান্য দেশের চাইতে বেশি আস্থাযোগ্য হয়ে গড়ে উঠতে পারে। সব কিছুই সম্ভব যদি আমরা শ্রমিক মালিক সম্পর্কটা একটা নির্ভরযোগ্য, আনন্দদায়ক করে গড়ে তুলতে পারি। আমাদের সরকারের প্রথম মাস কাটলো। দ্বিতীয় মাস থেকে আমরা নতুন বাংলাদেশ গড়ার ভিত্তি হিসেবে নতুন শ্রমিক-মালিক সম্পর্কের সূচনা করতে চাই। এটা দেশের সবার কাম্য। দেশের নতুন প্রজন্ম নির্ভয়ে যেন তাদের ভবিষ্যৎ নিয়ে এগিয়ে যেতে পারে আমরা সেই লক্ষ্যে কাজ করছি।

আমাদের দায়িত্ব অনেক। ন্যায়ভিত্তিক একটি সমাজ গড়ে তোলার জন্য একসাথে অনেকগুলো কাজে আমাদের হাত দিতে হবে। পহেলা জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ছাত্র-জনতার গণআন্দোলনকে দমন করতে যে-সব ফৌজদারি মামলা দায়ের করা হয়েছিল এরমধ্যে হত্যা মামলা ছাড়া বাকি প্রায় সকল মামলা প্রত্যাহার করা হয়েছে। এসব মামলায় গ্রেফতারকৃত সকলে মুক্তি পেয়েছেন।

দায়িত্ব গ্রহণের শুরুতেই অন্তর্বতীকালীন সরকার বিচার বিভাগের বড় সংস্কারের কাজে হাত দিয়েছে। যোগ্যতম ব্যক্তিকে প্রধান বিচারপতি নিয়োগ দেওয়াতে মানুষের মনে নতুন আশার সঞ্চার হয়েছে। আপিল বিভাগের বিচারপতি নিয়োগ, অ্যাটর্নি জেনারেল নিয়োগ সহ অনেকগুলো অতি গুরুত্বপূর্ণ নিয়োগ এবং অন্যান্য নিয়োগ সবকটাই সম্পন্ন হয়েছে।

সন্ত্রাস দমন আইন ও ডিজিটাল/সাইবার নিরাপত্তা আইনে দায়েরকৃত মিথ্যা ও হয়রানিমূলক মামলাগুলো প্রত্যাহার করা হচ্ছে। সাইবার নিরাপত্তা আইন সহ বাংলাদেশে বিদ্যমান সকল কালো আইনের তালিকা করা হয়েছে। অতি সত্বর এ সকল কালো আইন বাতিল ও প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন *(বাকি অংশ ২৭ এর পাতায়)*

# চট্টগ্রাম সমিতির নির্বাচনে দুই প্যানেলে ৩৯ প্রার্থী

## ‘তাহের-আরিফ’ প্যানেলের মনোনয়ন দাখিল

*(২ এর পাতার পর)* সাধারণ সম্পাদক- মুহাম্মদ আরিফুল ইসলাম, যুগ্ম সম্পাদক সাধারণ- মোহাম্মদ কলিম উল্লাহ, সহ-সাধারণ সম্পাদক- মোহাম্মদ নওশাদ কামাল, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ মহসীন, কোষাধ্যক্ষ- শফিকুল আলম, সহকারী কোষাধ্যক্ষ- মো. নূরুল আমিন, দপ্তর সম্পাদক- অজয় পি. তালুকদার, সহকারী দপ্তর সম্পাদক- ইমরুল কায়সার, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক- মোহাম্মদ এনামুল চৌধুরী, সমাজকল্যাণ সম্পাদক- মোহাম্মদ এ হোসেন, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মোহাম্মদ জাভেদ শফি, ক্রীড়া সম্পাদক- মোহাম্মদ ঈশা এবং কার্যনির্বাহী সদস্য যথাক্রমে মোহাম্মদ নাসির চৌধুরী, পল্লব রায় ও মোহাম্মদ. এম উদ্দীন।

এছাড়াও একই দিন সাধারণ সম্পাদক পদে স্বতন্ত্রভাবে মনোনয়নপত্র জমা দিয়েছেন মোহাম্মদ এম. চৌধুরী খোকন।

নির্বাচন কমিশনার ও কমিশনের মুখপাত্র শাহাব উদ্দিন সাগর জানান, গত ১০ সেপ্টেম্বর মঙ্গলবার মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হয়েছে। সবগুলো মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। গত ১২ সেপ্টেম্বর বৃহস্পতিবার প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর বুধবার। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে আগামী ২১ সেপ্টেম্বর শনিবার। নির্বাচনে ভোট গ্রহণ ১৯ অক্টোবর শনিবার।

*(২ এর পাতার পর)* আবুল কাসেম ভুঁইয়া, সমিতির সাবেক সাধারন সম্পাদক ও বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশনার মেহেবুবর রহমান বাদল, সমিতির সাবেক সভাপতি আহসান হাবীব, সাবেক উপদেস্টা জসিম উদ্দীন, বাংলাদেশ এসোসিয়েশন অব কানেক্টিকাট এর সভাপতি নুরুল আলম নুরু, বাংলাদেশ ব্যাংকের সাবেক পরিচালক (যুগ্ম ব্যবস্থাপক) মুজিবুল হক চৌধুরী, সমিতির সাবেক কর্মকর্তা হাজী শফিউল আলম, অন্তবর্তী কালীন কমিটির সদস্য নুরুল আনোয়ার, আবুল কাশেম, তরিকুল হায়দার চৌধুরী, সাবেক নির্বাচন কমিশনার মফজল আহমদ, রাজনীতিক আবু তালেব চৌধুরী চান্দু, জাফর চৌধুরী, আনোয়ার চৌধুরী, আবদুল হামিদ, জয়নাল আবেদীন জাহাঙ্গীর, সাইফুউদ্দিন খান স্বপন, মোহাম্মদ আবু বকর কাজল, হাফিজ উদ্দীন, মোহাম্মদ জয়নাল, আবদুল হালিম, খায়রুল বাশার, এরশাদ চৌধুরী, ফোরকান আলম, জাহাঙ্গীর হিমেল, কানেক্টিকাটের মোহাম্মদ জামান, মোহাম্মদ সেলিম, নুরুল হক, সাইফুল হক, মোহাম্মদ রফিক সহ শতাধিক কর্মী সমর্থক উপস্থিত ছিলেন বলে সংশ্লিস্টরা জানান।

এদিকে ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের প্রতি যারা সমর্থন ও শুভেচ্ছা জানিয়েছেন, তাদের মধ্যে অন্যতম সমিতির সাবেক প্রধান নির্বাচন কমিশনার সৈয়দ এম রেজা, সাবেক সভাপতি মোহাম্মদ ইলিয়াস মিয়া, সাবেক সভাপতি একেএম ওয়াহিদী, সাবেক সাধারণ সম্পাদক আবসার উদ্দীন, প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক প্রধান নির্বাচন কমিশনার হাসান চৌধুরী, সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ জাফর, সাবেক প্রধান নির্বাচন কমিশনার ও সাধারণ সম্পাদক শাহাজাহান মাহমুদ, কমিশনার এডভোকেট খায়রুল বাসার, সাবেক নির্বাচন কমিশনার মুজিবুল হক ও জয়নাল আবেদিন, সাবেক কর্মকর্তা আলম বাহার, তারিক চৌধুরী দিপু, বদিউল আলম, কাজী মোবাশ্বের হাসেমী, মোহাম্মদ সেলিম, মুরাদ হোসেন, নজরুল ইসলাম, মোহাম্মদ ইয়াহিয়া, মোহাম্মদ মান্নান, পলাশ নন্দি, মোহাম্মদ নাদের, নিউজার্সী থেকে মোহাম্মদ সরোয়ার, মোহাম্মদ রফিক, দিদার চৌধুরী, হেলাল মাহমুদ, আবু খালেক, কাইছার চৌধুরী, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, কানেক্টিকাট থেকে একেএম মেজবাহ উদ্দীন, মোহাম্মদ হাবীব, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, শওকত হোসেন, মোহাম্মদ হাসেম, মোহাম্মদ হাবীব, ফিলাডেলফিয়া থেকে মোহাম্মদ এনাম চৌধুরী, জাহেদ চৌধুরী, শেখ খোরশান, কাজী মনসুর কাইয়ুম, আবু রাশেদ, মোহাম্মদ আনোয়ার, বফতিয়ার উদ্দীন, পাবেল, মইনুদ্দীন প্রমুখ।

‘আমাদের প্রত্যাশা-সকলের জন্য চট্টগ্রাম সমিতি’ শ্লোগান নিয়ে গঠিত ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের প্রার্থীরা হলেনঃ সভাপতি- মাকসুদুল হক চৌধুরী, সিনিয়র সহ সভাপতি- মোহাম্মদ মুক্তাদির বিল্লাহ, সহ সভাপতি- আলী আকবর বাপ্পী ও মোহাম্মদ আইয়ুব আনসারী, সাধারণ সম্পাদক- মোহাম্মদ মাসুদ এইচ সিরাজী, যুগ্ম সাধারণ সম্পাদক- ইকবাল হোসেন ভূঁইয়া, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ হারুন মিয়া, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ ফরহাদ,

## ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের মনোনয়ন দাখিল

কোষাধ্যক্ষ- মোহাম্মদ সুমন উদ্দিন, সহকারী কোষাধ্যক্ষ- তমাল কান্তি চৌধুরী, দপ্তর সম্পাদক- শিমুল বড়ুয়া, সহকারী দপ্তর সম্পাদক- মোহাম্মদ জে আবেদীন (আতিক), শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক- সুশান্ত দত্ত, সমাজকল্যান সম্পাদক- আক্তার উল আজম, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মোহাম্মদ এ ওয়াদুদ, ক্রীড়া সম্পাদক- মোহাম্মদ জে আজম (জাহেদ) এবং কার্যনির্বাহী সদস্য নুরুস সাফা, মোহাম্মদ এস আলী ও মোহাম্মদ শাহা আলম।

‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে- চট্টগ্রাম সমিতির অতীতের গ্লানী দুর করে, গডফাদার মুক্ত করে সমিতিকে গতিশীল, স্বচ্ছতা জবাবদিহিতা ও শৃংখলা ফিরিয়ে আনা। আর এই লক্ষ্য বাস্তবায়নে প্যানেলের পক্ষ থেকে সকল প্রবাসী চট্টগ্রামবাসীর দোয়া এবং ভোটারদের ভোট কামনা করা হয়েছে।

উল্লেখ্য, ‘চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক’ (চট্টগ্রাম সমিতি) এর নির্বাচনের তফশিল ঘোষণা করা হয়েছে। নির্বাচন কমিশন ঘোষিত তফশিল অনুযায়ী আগামী ১৯ অক্টোবর, শনিবার নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী এসোসিয়েশনের এবার ভোটার সংখ্যা ২,৬৬৩ জন এবং লাইফ মেম্বার ২২৩ জন। তবে লাইফ মেম্বারের সংখ্যা কমতে পারে, কেননা ১০ বছর পর এই সংগঠনের নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই সময় লাইফ মেম্বারদের মধ্যে অনেকেই বেঁচে নেই। সঙ্গত কারনেই ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ পড়বে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

# জালালাবাদ এসোসিয়েশনের তিন কর্মকর্তার শপথগ্রহণ সম্পন্ন

*(১৫ এর পাতার পর)* সোসাইটির সহ সভাপতি সৈয়দ আবুল কাশেম, সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল আলী, সাংগঠনিক সম্পাদক শাহীন আহমদ, সাবেক সভাপতি তজমুল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ মামুন, সাবেক সদস্য ও ফুটবলার আমিনুর রহমান পাপ্পু, শাহ্ মুশাহিদ, আসন্ন বাংলাদেশ সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী অনিক রাজ, মোঃ ফখরুদ্দীন, মোঃ অহিদ পাটোয়ারী, সৈয়দ বেলাল হোসেন, মির্জা আজম, আব্দুল খায়ের, সোহেল আহমেদ মোঃ আবু ফজর, কাজীরুল ইসলাম শিপন, দিপংনকর দেব, মোস্তাফুর রহমান লিটন, গোলজার আহমদ, মাহবুব চৌধুরী, মোঃ মিলন মোঃ আবু ফজর, কাজীরুল ইসলাম শিপন, দিপংনকর দেব, মোস্তফিজুর রহমান লিটন, গোলজার আহমদ, মাহবুব চৌধুরী. মোঃ মিলন প্রমুখ।

কার্যকরী কমিটির পরিষদের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি লোকমান হোসেন লুকু (সিলেট), সহ-সভাপতি শামীম আহমেদ (সুনামগঞ্জ), সহ-সভাপতি শফিউদ্দিন তালুকদার শফি (হবিগঞ্জ), সহ-সভাপতি জাবেদ উদ্দিন (মৌলভীবাজার) কোষাধক্ষ্য মোহাম্মদ আলিম, সাংগঠনিক সম্পাদক মোঃ জিল্লুর রহমান খান, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সাল আলম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক হোসেন আহমেদ, ক্রিড়া সম্পাদক মান্না মুনতাসির, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বুরহান উদ্দিন, সমাজকল্যাণ সম্পাদক জাহিদ খান, মহিলা বিষয়ক সম্পাদক সারা উদ্দিন, কার্যকরী সদস্য মোঃ আব্দুল আজিজ (সিলেট), হুমায়ূন কবির সোহেল (সুনামগঞ্জ) মোঃ দেলোয়ার হোসেন মানিক (হবিগঞ্জ) ও মোঃ ফজল খান (মৌলভীবাজার) প্রমুখ।

অনুষ্ঠানে নব নিযুক্ত সহ সভাপতি মো. জাবেদ উদ্দিন তার প্রতিক্রিয়ায় বলেন, প্রাণের সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকে্র এ গুরু দায়িত্ব সততা ও আন্তরিকতার সাথে পালণ করতে আমার ঈস্বচেষ্টার কোন কমতি থাকবে না। যে আস্থা ও বিশ্বাস রেখে আমাকে এ পদে নিযুক্ত করা হয়েছে সেই বিশ্বাসের মর্যাদা রক্ষায় আমি সচেষ্ঠ থাকবো। জালালাবাদ এসোসিয়েশনের ঐতিহ্য ও ভাবমূর্তিকে এগিয়ে নিতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানের শেষে উপস্থিত সকলের সম্মানার্থে আপ্যায়নের আয়োজন করা হয়।





# পুত্রসহ শেখ হেলালের দেশ ত্যাগ





*(প্রথম পাতার পর)* গেছেন বলে নিশ্চিত করেছে সংশ্লিষ্ট বিশ্বস্ত সূত্র। ্ওই সূত্র আরো নিশ্চিত করেছে, বৃহস্পতিবার পর্যন্ত তাদের সর্বশেষ অবস্থান ছিলো ভারতের বারাসাতে। ৫ আগস্টের ছাত্র-জনতার গণবিপ্লবে সাবেক প্রধানমন্ত্রী দেশ থেকে পালিয়ে যাবার পর, তার পরিবারের প্রভাবশালী এই তিন এমপি ভাই গোপালগঞ্জে অবস্থান করেছিলেন বলে্ও স্থানীয় সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। দক্ষিণবঙ্গের রাজনীতিসহ ব্যবসা-বাণিজ্য, টেন্ডার, দখল-মনোনয়ন বাণিজ্যের সবকিছুতে একচ্ছত্র আধিপত্য ছিলো দক্ষিণবঙ্গের যুবরাজখ্যাত শেখ হেলাল এবং তার পরিবারের কব্জায়। নৌ ্ও সড়কপথে চাদাবাজি, মাদক ও স্বর্ণ চোরাচালানোর মাধ্যমে হাজার হাজার কোটি টাকা ভারত, দুবাই ্ও সিঙ্গাপুরে পাঠিয়েছেন। সিঙ্গাপুরের ক্যাসিনোতে নিয়মিত মুখ ছিলেন শেখ হেলাল। স্বর্ণ চোরাচালান দ্বন্দ্বে নিহত আ্ওয়ামীলীগ সংসদ সদস্য আনোয়ারুল ইসলাম আনার হত্যাকান্ডের অন্যতম সন্দেহভাজন যশোর আ্ওয়ামীলীগ নেতা শাহীন চাকলাদারকে শেখ হেলাল শেল্টার দিয়েছিলো বলে যশোর আ্ওয়ামীলীগের একাধিক নেতা নিশ্চিত করেছে। এছাড়া্ও পিরোজপুর-৩ আসনের সাবেক এমপি শ.ম. রেজাউল করিম, খুলনা-৪ আসনের সাবেক এমপি সালাম মুর্শেদীসহ কমপক্ষে ২৫টি আসনের নমিনেশনে অর্ধশত কোটি টাকার নমিনেশন বাণিজ্যেও অভিযোগ স্থানীয় আ্ওয়ামীলীগ নেতাদের। এছাড়া্ও স্থানীয় নির্বাচনের তার বেপরোয়া মনোনয়ন বাণিজ্যে্ও খবর স্থানীয় নেতাদেও মুখে মুখে। উল্লেখ্য, শেখ হেলাল বাগেরহাট-১, শেখ তন্ময়-বাগেরহাট-২ ্ও শেখ জুয়েল খুলনা-২ আসনের এমপি ছিলেন।




# বাংলাদেশের বন্যাদুর্গতদের অনুদান দিলো মুন্সীগঞ্জ-বিক্রমপুর এসোসিয়েশন



**নিউইয়র্ক:** যুক্তরাষ্ট্রস্থ প্রবাসীদের অন্যতম বৃহৎ সংগঠন মুন্সীগঞ্জ-বিক্রমপুর এসোসিয়েশন ইউএসএ ইনক এর উদ্যোগে বাংলাদেশের বন্যাদুর্গত এলাকার মানুষদের সাহায্যার্থে ৭ লক্ষ টাকার একটি তহবিল গঠন করা হয়েছে। পরে তহবিলের সমুদয় অর্থ সানম্যান এক্সপ্রেস মানিটান্সফার কোম্পানীর মাধ্যমে বাংলাদেশের অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে প্রদান করা হয়।

গ্লোবাল এন ওয়াই ট্রাভেলস-এর অফিসে সমিতির কার্যকরী কমিটির সিদ্ধান্ত মোতাবেক এই টাকা প্রেরণ করা হয়। এসময় কমিটির পক্ষ থেকে সকলকে বন্যার্তদের দান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় উপস্থিত ছিলেন, সমিতির সভাপতি সিরাজুল ইসলাম খাঁন, সাবেক সভাপতি মিজ্জা মনিরুজ্জামান শামীম, সাবেক সভাপতি মোঃ শাহাদাত হোসেন, সাবেক সভাপতি ইকতারুজ্জামান রতন, মোঃ হুমায়ুন খান, সহ- সভাপতি মানিক বাবু, সাংগঠনিক সম্পাদক ফারুক হোসেন, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাসুদ রানা তপন, প্রচার সম্পাদক মোঃ খোরশেদ অলম সহ কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ।

পরে সেই অনুদানের চেক নিউইয়র্কে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল নাজমুল হুদার হাতে তুলে দেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের বর্তমান চেয়ারম্যান এম এ আজিজ।

এসময় উপস্থিত ছিলেন  বাংলাদেশ সোসাইটির সাধারণত সম্পাদক রুহুল আমিন সিদ্দিক, মুন্সিগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের সভাপতি সিরাজুল ইসলাম খাঁন, সাবেক সভাপতি মির্জা মনিরুজজান (শামিম), মোহাম্মদ শাহাদাত হোসেন, মোহাম্মদ ইকতারুজজামান (রতন) এবং সিনিয়র সহ সভাপতি আমজাদ হোসেন সেলিম, আন্তর্জাতিক সম্পাদক মাসুদ রানা তপন।

কনসাল জেনারেল নাজমুল হুদা বলেন, এমন সময় এই বন্যা হলো যখন দেশ সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে। এটি দেশের অনেক মানুষেরক্ষতি করেছে। আমরা অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। এসময়আপনারা অসহায় মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন। এটি আসলেধন্যবাদ পাওয়ার যোগ্য। দেশের সংকটময় সময়ে প্রবাসীরা সবসময়পাশে দাঁড়িয়েছেন। প্রবাসীরা যে শুধু অর্থনৈতিকের চালিকা শক্তি তা নয়, তারা বিশ্বের সঙ্গে যোগসূত্র করে দিচ্ছেন। সেই সঙ্গে যে কোনো দুর্যোগ সময়ে পাশে এসে দাঁড়িয়েছেন।-প্রেস বিজ্ঞপ্তি।

# মুনা জ্যাকসন হাইটস চ্যাপ্টারের বিবিকিউ পার্টি অনুষ্ঠিত





**নিউইর্য়ক:** মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা জ্যাকসন হাইটস চ্যাপ্টারের বিবিকিউ পার্টি গত ৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয় জ্যাকসন হাইটস মুনা সেন্টারে। এ উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন চ্যাপ্টার সভাপতি নাসির উদ্দিন আহমেদ। প্রধান অতিথি ছিলেন মুনা নিউইয়র্ক নর্থ জোন সেক্রেটারী মাওলানা ত্বোয়াহা আমিন খান। অতিথি ছিলেন মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের খতিব অলিউর রহমান সেরাজী, জোন শিক্ষা সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার, এলমহাস্ট চ্যাপ্টার সভাপতি কায়কোবাদ কবির। বক্তব্য রাখেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট আব্দুল হাকিম মিয়া ও এ প্রজন্মের নাজমুস সাকিব। অনুষ্ঠান পরিচালনা করেন চ্যাপ্টার সাধারণ সম্পাদক মু. ফখরুল ইসলাম মাছুম।

অনুষ্ঠানে নেতৃবৃন্দ বলেন, মুনা আমেরিকার একটি দাওয়াতি ও সামাজিক সংগঠন। মানুষের ব্যক্তিগত নৈতিক ও সামাজিক মানোন্নয়নর জন্য সার্বিক প্রচেষ্টা চালানোর মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জনের নিমিত্তে প্রতিষ্ঠিত হয় মুনা। এই সংগঠনটি ১৯৯০ সালে নিউইয়র্ক অঙ্গরাজ্যে কর্পোরেশন ভুক্ত করা হয়। বর্তমানে মুনা আমেরিকার ৪৮টি রাজ্যে কর্মতৎপরতা পরিচালনা করছে।

তারা বলেন, মুনা মুসলমানদের প্রাত্যহিক সামাজিক ও ধর্মীয় কর্মকান্ড এবং জাতীয় নাগরিক জীবনে ভূমিকা পালনের নিমিত্তে সংগঠিত করতে ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে করে এই সমস্ত ব্যক্তিবর্গ আল্লাহ এবং তাঁর রাসূল হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের মাধ্যমে মানবতার সেবা করে যেতে পারে। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন প্রফেসর সোলায়মান, সিদ্দিকুর রহমান, হামিমুর রহমান হামিম, আজগর আলী, আশরাফুল আলম মিলন, আব্দুর রহমান, ফকির গোলাম মোস্তফা, ফেরদৌস আলম, আকলিম, মিজানুর রহমান, আবু ছাদেক, সলিমুল্লাহ সেলিম প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।



# ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা'র বনভোজন অনুষ্ঠিত





(৩১ এর পাতা থেকে) উচ্ছ্বাস আনন্দে সবাই যেন একাকার হয়ে যায়। এক কথায় বনভোজন স্থানটি যেন একটি মিলনমেলায় পরিণত হয়।

যৌথভাবে বনভোজন-২০২৪ উদ্বোধন করেন সংগঠনের প্রধান উপদেষ্টা, সাবেক সংসদ সদস্য সহিদুর রহমান, আহবায়ক মোহাম্মদ শাহ মোয়াজ্জেম, প্রধান সমন্বয়কারী আইয়ুব চৌধুরী হারুন, সমন্বয়কারী প্রফেসর নোয়াব মিয়া, মোহাম্মদ রহিজ উদ্দিন, সদস্য সচিব শাহীনুর রহমান সানী, মোহাম্মদ আনার খান, সভাপতি আনোয়ার হোসেন তালুকদার (স্বপন) ও সাধারণ সম্পাদক সাকিরুল ইসলাম খান সাকির, যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ নাছিম হাসান, যুগ্ম সদস্য সচিব মোহাম্মদ আরিফ মিয়া, রেজাই-ই-রাব্বি, মোহাম্মদ তুহিন মিয়া, মোহাম্মদ মারুফুল হক চৌধুরী, আসমা জাহান কলিসহ কমিউনিটির অন্যান্য নেতৃবৃন্দ।

এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন উপদেষ্টা হাজী আবু মূসা খান, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস উদ্দিন ভূঁইয়া, ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি'র সাবেক সভাপতি ও বিশিস্ট ব্যবসায়ী শফি উদ্দিন কামাল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট রাজু আহমেদ মোবারক, ল'অফিস অব সারভেজ এন্ড প্যারেজ-এর প্যারালিগাল মোহাম্মদ আলী, মার্কস হোম কেয়ারের স্বত্ত্বাধিকারী আমির হোসেন কামাল, ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি অব ইউএসএ'র সভাপতি আয়েজ মোহাম্মদ রানা, সাবেক সভাপতি সেলিম পাঠান, আব্দুল হাকিম, এইচ.এম ইকবাল, বৃহত্তর কুমিল্লা সোসাইটির সহ সভাপতি তৈমুর রেজা, কসবা উপজেলা সোসাইটির সভাতি মোহাম্মদ ফরহাদ উদ্দিন ও সাবেক সভাপতি এমদাদুল হক, নূরুল আনোয়ার, মুতাহের বক্স চৌধুরী, ডিউকসহ আরো অন্যান্য নেতৃবৃন্দ।

এবারের বনভোজন ছিল বিভিন্ন আনন্দদায়ক ও বিনোদনমূলক ইভেন্টে ভরপুর। ছোট বড় বালক-বালিকাদের দৌড় প্রতিযোগিতা। মহিলাদের আকর্ষনীয় বালিশ প্রতিযোগিতা, যেমন খুশি তেমন সাজো। এবারে বালিশ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন মিসেস অর্থি বেগম, দ্বিতীয় স্থান মিসেস লিলি চৌধুরী এবং তৃতীয় স্থান লিপি আক্তার।বনভোজনের প্রধান আকর্ষণ ছিল র‌্যাফেল ড্র। প্রায় ১৫টি পুরস্কার এবারে র‌্যাফেল ড্র তে। র‌্যাফের ড্র এর প্রথম পুরস্কার ছিল স্বর্ণ অলংস্কার। প্রথম পুরস্কার পেয়েছেন মিসেস তানজিয়া চৌধুরী। র‌্যাফেল ড্র খেলাটি ছিল অত্যন্ত উত্তেজনা পূর্ণ ও আনন্দঘন। র‌্যাফেল ড্র খেলা পরিচালনা করেন আহ্বায়ক, মোহাম্মদ শাহ মোয়াজ্জেন, মোহাম্মদ নাসিম হাসান, শাহীনুর রহমান সানী, সাকিরুল ইসলাম খান, আরিফ মিয়া, তুহিন মিয়া ও মোহাম্মদ মারুফুল হক চৌধুরী, রেজা-ই-রাব্বি ও মোহাম্মদ ছাদেক।

তারপর পড়ন্ত বিকেলে সংক্ষিপ্ত আলোচনার পর, খেলাধুলার বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা করেন প্রফেসর নোয়াব মিয়া এবং সহযোগিতা করেন প্রধান সমন্বয়কারী আইয়ুব চৌধুরী হারুন। সভাপতি আনোয়ার হোসেন তালুকদার (স্বপন) এবং সদস্য সচিব শাহীনুর রহমান সানী এবং রহিজ উদ্দিন, তুহিন মিয়া, এস এম বাহাদুর, বজলুর রহমান হারুন, নাঈম মিয়া, একেএম এমরানুল হক, মাজহারুল হক শওকত, মো: শাহজাহান ভূইয়া, জাহাঙ্গীর আলম, মনিরুল হক মিঠু।

সবশেষে সংগঠনের সভাপতি আনোয়ার হোসেন তালুকদার (স্বপন) বনভোজনে উপিস্থত আগত সকল অতিথিবৃন্দদেরকে ধন্যবাদ জ্ঞাপন এবং আগামীতে আবারও সকলকে মিলিত হওয়ার আশাবাদ ব্যক্ত করে বনভোজনের সমাপ্তি ঘোষনা করেন।
-প্রেস বিজ্ঞপ্তি।




দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়








নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

*(শেষ পাতার পর)* পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর  সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।

নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

# এক স্লিপ

*(শেষ পাতার পর)* কাজ করছেন বলে জানান। তবে নীতি-নৈতিকতার বিবেচনায় এই সব এজেন্সীগুলো সংশ্লিস্ট মিডিয়াগুলোর আর্থিক সহযোগিতা পেলে তারাও আরো বেশী সেবা দিতে পারবেন বলে জানা গেছে। সংশ্লিস্টরা এনিয়ে আলোচনাকালে তাদের অভিব্যক্তি তুলে ধরেন।

১৫ সেপ্টেম্বর ২০২৪
















# ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে “ইমিগ্রেশন ও আপনি’ শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল’স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল’ থেকে ইমিগ্রেশন ল’ এবং বিজনেস ল’-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল’ ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**সেপ্টেম্বর ২০২৪ ভিসা বুলেটিন:**
ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) সেপ্টেম্বর ২০14 এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে পারিবারিক ভিত্তিতে ২০২৪-এর ভিসা বুলেটিন এর **প্রাপ্যতা উল্লেখ করা হলো:**
উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট হচ্ছে সেই ডেট যখন ইউএসসিআইএস/ডিওএস তাদের চুড়ান্ত সিদ্ধান্ত জানাবে। তারপর আপনার প্রায়োরিটি তারিখ হবে তার পূর্বে। সেপ্টেম্বর ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি দেখা যাচ্ছে না।

**ফ্যামিলি স্পন্সর অগ্রাধিকার**
প্রথম: (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা: অক্টোবর ২২, ২০১৫।
দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।
এ. (এফ ২ এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।
বি. (এফ ২বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্রকন্যা ২১ নিম্ন বা তদুর্দ্ধ বয়সী: মে ০১, ২০১৬।
তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: এপ্রিল ০১, ২০১০।
চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।
এ বিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

**নিউইয়র্ক থেকে হাবিব হারুনের প্রশ্ন:**
আমার মা প্রায় ১৩ বছর যাবৎ গ্রিনকার্ডধারি হিসেবে এ দেশে বসবাস করছেন। আমার মা একজন ৭০ উর্ধবয়সী। তিনি সিটিজেনশিপের জন্য আবেদন করেছিলেন। তারপর তাকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়েছিল।



কিন্তু তিনি ইন্টারভিউ দিয়ে পাস করতে পারেননি। কারণ তিনি ইংরেজিতে পাস করেননি। এখন তার জন্য আপিল করব কিনা? এই ধরনের সমস্যা নিয়ে এই বিভাগে প্রায়ই প্রশ্ন এবং উত্তর দেখি। আজ নিজের প্রয়োজনে লিখলাম। আশা করি উত্তর পাবো।

**হাবিব হারুনের প্রশ্নের উত্তর:**
আপনার মা সিটিজেনশীপ পরীক্ষায় পাশ করতে পারেননি। কারণ তিনি ইংরেজি পরীক্ষায় অকৃতকার্য হয়েছেন। এক্ষেত্রে তিনি আবার সিটিজেনশিপের জন্য আবেদন করতে পারেন। সিটিজেনশীপের জন্য প্রমাণ করতে হবে যে তিনি ১৫ বছর যাবত গ্রীন কার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছেন।
ইন্টারভিউ এর সময় দুই ধরনের পরীক্ষা দিতে হয়। একটি হচ্ছে ইউএস গভর্নমেন্ট ও ইতিহাস পরীক্ষা। আরেকটি হচ্ছে ইংরেজি পরীক্ষা। যাতে লিখতে পড়তে ও বলতে পারতে হবে। এই ইংরেজি পরীক্ষা মার্ক হতে পারে যদি কারো বয়স ৫৫ বছরের ঊর্ধ্বে হয়ে থাকে। আর গ্রীনকার্ডধারী হিসেবে ১৫ বছর এদেশে বসবাস করেন। ইতিহাস ও গভর্মেন্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে তবে শারীরিক কারণে যদি কোন তথ্য বা শেখার প্রক্রিয়া আয়ত্তে রাখতে অপারগ হন তবে উভয় পরীক্ষা মাফ হয়ে যেতে পারে। অবশ্য এ ব্যাপারে একজন ডাক্তারকে ফরম পূরণ করতে হবে।
এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করতে পারেন যিনি আপনাকে সার্বিক পরিস্থিতি বিবেচনায় পরামর্শ দিতে পারেন।

**ফাইলিং গাইড**
ইউএসসিআইএস প্রেসিডেন্ট বাইডেন যে প্যারোল ইন প্লেস ঘোষণা করেছেন তার ফাইলিং এর জন্য ফাইলিং গাইড প্রকাশ হয়েছে। আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে পুনরায় এ ব্যাপারে অর্থাৎ ফাইলিং এর জন্য ফাইলিং গাইড প্রকাশ করা হলো।

**কখন প্যারোল ইন প্লেস ফাইল করা যেতে পারে?**
আগস্ট ১৯, ২০২৪ থেকে ইউএসসিআইএস নতুন ইলেকট্রনিক্স ফরম গ্রহণ করতে শুরু করবে। বোল্ট প্যারল ইন প্লেস এর আবেদনের জন্য ফরম। একটি নতুন ফরম আই-১৩১ এফ প্যারোল ইমপ্লেস এর আবেদনে জন্য ইউএস সিটিজেনদের অ-নাগরিক স্পাউস (স্বামী বা স্ত্রী) এবং স্টেপ সন্তানদের জন্য লাগবে। উল্লেখ্য যে, আগস্ট ১৯, ২০২৪ এর আগে এই ফর্ম পাওয়া যাবে না। আরো উল্লেখ্য যে, এই ফরম আগস্ট ১৯, ২০২৪ এর ফাইল করা যাবে না।

**কোথায় ফরম আই ১৩১ এফ ফাইল করা যাবে?**
ফরম আই-১৩১ এফ শুধুমাত্র অনলাইনে পাওয়া যাবে। প্রত্যেক আবেদনকারী অপ্রাপ্তবয়স্ক সহ সবাইকে আলাদাভাবে এই ফর্মে আবেদন করতে হবে। ইমিগ্রেশন সাদা কাগজে ফরম গ্রহন করবে না।
এমপ্লয়মেন্ট অথোরাইজেশন:
কর্মসংস্থানের জন্য ফরম আই-৭৬৫ আবেদন করতে হবে। এই প্রক্রিয়ায় প্যারোল মঞ্জুর হওয়ার পরও ওয়ার্ক অথরাইজেশনের জন্য ফাইল করা যাবে। ফরম আই-৭৬৫ এবং আই ১৩১-এফ ফাইল একসাথে করা যাবে না। এ ব্যাপারে প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল: kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই ‘বাংলা পত্রিকার জন্য’ কথাটি উল্লেখ করবেন।

*অনুবাদ: হুসনে এ. বেগম।*


Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# মানি ট্রান্সমিটারস এন্ড এজেন্টদের সংগঠনের বনভোজন







**নিউইয়র্ক:** যুক্তরাষ্ট্রস্থ বাংলাদেশী মানি ট্রান্সমিটারস এন্ড এজেন্টদের সংগঠন ‘এবিএএমটিএ’র বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়েছে। গত ২৯ আগস্ট বৃহস্পতিবার লং আইল্যান্ডের ভ্যালিস্টিমের প্যাভিলিয়নে দিনব্যাপী এই বনভোজন অনুষ্ঠিত হয়। বনভোজন অনুষ্ঠানটি উদ্বোধন করেন স্ট্যান্ডার্ড এক্সপ্রেস এর প্রেসিডেন্ট এন্ড সিইও এবং এবিএএমটিএ-এর প্রধান উপদেষ্টা মোহাম্মদ মালেক। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিপিএ এবং এমএসবি স্পেসালিস্ট আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন আইটি অডিটর এবং স্পেশালিস্ট আব্বাস উদ্দিন।

এবিএএমটিএ-এর উপদেষ্টা এবং বিএ এক্সপ্রেস এর প্রেসিডেন্ট এন্ড সিইও মোঃ আতাউর রহমান বনভোজন কমিটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। সংগঠনের সভাপতি ও সানম্যান গ্লোবাল এক্সপ্রেস এর প্রেসিডেন্ট এন্ড সিইও মাসুদ রানা তপন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং পরিচালনায় ছিলেন সাধারণ সম্পাদক ও এ্যাংকর ট্রাভেলস এন্ড মানি ট্রান্সফার এর প্রেসিডেন্ট এএসএম মাঈন উদ্দিন পিন্টু।

বনভোজন আয়োজনের সাবিক সহযোগিতায় ছিলেন রাক এক্সপ্রেস-এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর সহ-সভাপতি এনামুল কবির, লিবারটি ট্রাভেলস এন্ড টেক এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক (ট্রেজারার) সিপিএ মোহাম্মদ চিশতী, টাচ পয়েন্ট এন্ড মাল্টি সার্ভিস এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক-এএসএম মাঈন উদ্দিন বাবলু, কবির ট্যাক্স এন্ড মাল্টি সার্ভিস এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক কবির আহমেদ, স্কাই ওয়্যারল্যাস এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক জাকির কামাল, মিম ওয়্যারল্যাস এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক মোহাম্মদ এম খান আপেল, জ্যাট ট্রাভেলস এন্ড মাল্টি সার্ভিস এর সিইও এবং এবিএএমটিএ-এর পরিচালক মোঃ আমিনুল ইসলাম, ম্যাকগ্রো মানিট্রান্সফার এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক ফারহান চৌধুরী এবং আল বারাকা সুপার মার্কেট এর প্রেসিডেন্ট এবং এবিএএমটিএ-এর পরিচালক জয়নাল আবেদীন।

সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সংগঠনের সদস্য ও খামার বাড়ী সুপার মার্কেটের স্বত্বাধিকারী মোহাম্মদ কামরুজ্জামান, লোন অফিসার এবং ট্রাভেল উইথ এ্যাংকর এর সিইও সান্তানো বড়ুয়া হিমু, নেক্সাস ট্রাভেলস এন্ড মাল্টি সার্ভিসের প্রেসিডেন্ট নুর উদ্দিন আফছার, লিবারটি ট্রাভেলস এন্ড মানিটান্সফার এর প্রেসিডেন্ট জসিম ইও আহমেদ, বিডি কমিউনিকশনের প্রেসিডেন্ট মোহাম্মদ কবির এবং এ্যাংকর ট্রাভেলস এর ম্যানেজার পারভেজ খান।

বনভোজনে রেমিট্যান্স পরিবারের সদস্যরা একে অপরের সাথে পরিচিত হন এবং কুশল বিনিময় করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি আনোয়ার হোসেন এবং বিশেষ অতিথি আব্বাস উদ্দিনকে রেমিট্যান্স কোম্পানিকে বিভিন্নভাবে সহযোগিতা করার জন্য ‘অ্যাওয়ার্ড’ প্রধান করা হয়। দিনব্যাপি অনুষ্ঠানে খেলাধুলার পাশাপাশি মনোঙ্গ সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী নাজু আকন্দ এবং রাজিব। খেলাধুলায় সকলকে পুরুস্কার প্রদান এবং লটারি ড্র করে ১০ জনকে পুরস্কৃত করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

সর্বশেষ খবর পেতে ভিজিট করুন
আমাদের অনলাইন নিউজ পোর্টালে



www.banglapatrikausa.com

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাধিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

GLOBAL MULTI SERVICES, INC
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়



তারেক হাসান খান, সিইও
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS

irs e-file
AUTHORIZED IRS e-file PROVIDER
tax time!
tax refund
37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন,
তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রস্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্বতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED



# স্বদেশের পুলিশ

আজিজুর রহমান

শুরুতেই দু:খের সাথে বলতে হয় 'বাংলাদেশ পুলিশ' নামের এই বাহিনী বা সংস্থাটি যে আদর্শিক পরিচয়ে সৃষ্টি হয়েছিলো তার সদস্যরা সে আদর্শ সম্পর্কে আদৌও ওয়াকিবহাল কিনা তাদের কর্মকান্ডে যা মোটেই বুঝা যায় না বা বুঝা মুশকিল। পোলাইট, অভিডিয়েন্ট, লওয়েল, ইন্টেলেক্সুয়াল, কওরেইজ ও ইফিসিয়েন্ট ইংরেজি এই শব্দ গুলোর আদ্যাক্ষরের সমষ্টিই হচ্ছে পুলিশ।

দুনিয়াব্যাপী প্রতিটি রাষ্ট্র ব্যবস্থায় আইন শৃঙ্খলা বহাল ও উন্নয়নের স্বার্থে এই নিয়মিত বাহিনী নিয়োজিত রহিয়াছে। যার প্রতিরূপ আমাদের রাষ্ট্র ব্যবস্থায় ও রাষ্ট্রীয় ব্যয়ে গড়ে তোলা হয়েছে রাষ্ট্রের এই পুলিশ বাহিনী। কিন্তু, পরিতাপের বিষয় রাষ্ট্র পরিচালনায় সহায়ক হিসাবে নিয়োজিত এই পুলিশ বাহিনী আমাদের দেশে নাগরিকদের কাছে শুরু থেকেই প্রশ্নবিদ্ধ হয়ে আসছে। তারা রাষ্ট্র বা নাগরিকদের বন্ধু হতে পরেনি বা হতে চেষ্টাও করেনি। খাকি পোশাক-এর এই বাহিনীকে এক সময় সাধারণ মানুষ যমের মতো ভয় করতো। ব্যতিক্রম ছিলো সে সময়ের প্রতিষ্ঠিতজনেরা বিশেষ করে জমিদার জোতদার ও কিছু চিহ্নিত প্রভাবশালীরা।

তারা পয়সা ও প্রভাব খাটিয়ে অনেক সময় অনৈতিক সুযোগ-সুবিধা পুলিশ বাহিনীর দ্বারা সে সময় হাসিল করেছেন। কিন্তু, এমন ঢালাওভাবে সর্বক্ষেত্রে রাষ্ট্র বা ব্যক্তির খেয়াল-খুশিতে পুলিশ বাহিনীকে সে সময়ও ব্যবহৃত হতে দেখা যায় নি। ঘুষ প্রথা থাকলেও ঢালাওভাবে পুলিশ বা পুলিশের অফিসারগণ এর সাথে জড়িত ছিলেন না। পদ, ব্যাক্তি, ব্যক্তির পারিবারিক পরিচিত বা শিক্ষা ছিলো এতে নিয়ামক শক্তি।

পুলিশের এক সম্মানিত অতীত আইজি'র স্মৃতিচারণ থেকে শুনেছিলাম একবার এক দারোগা এক ব্যক্তিকে আইনী সুবিধা দানের জন্য কিছু আর্থিক সুবিধার সুযোগ পেয়েছিলেন। এই সুবিধার পরিমাণ ছিলো সে সময়ের মাত্র পাঁচ টাকা। সুবিধাভোগীর সাথে এই পরিমাণ টাকা ছিলো না, তাই কথা হলো পরবর্তী সময়ে এসে তিনি এই টাকা পরিশোধ করবেন। কাজের কথা শেষ হয়ে গেলে পরে ভুক্তভোগী তার বাড়িতে যথাসময়ে চলে যান। এ অবস্থায় পরবর্তী সময়ে ভুক্তভোগী আসার আগেই দারোগা বাবু প্রমোশন পেয়ে ওসি হয়ে যান। পরবর্তী সময়ে থানায় এসে সেই সুবিধাভোগী দারোগা বাবুকে টাকা দিয়ে কৃতার্থ হতে চেষ্টা শুরু করেন। কিন্তু, তিনি তো দারোগা বাবুকে তার নির্ধারিত চেয়ারে পাচ্ছেন না, আবার সাহস করে কাউকে উনার খোজে কাউকে বলতেও পারছেন না।

এমনই অবস্থায় এদিকে বেলা গড়িয়ে যাচ্ছে সন্ধ্যার আগে বাড়ি যেতে হবে। এসব ভেবে এক সময় সাহস করে এক সিপাহির কাছে উনার অবস্থান জানতে চাইলেন। সিপাহি বলে দিল তার দারোগা স্যার এখন ওসি হয়ে গেছেন, আর উনি এখন ওসি সাহেবের কামরায় বসেন। দারোগা ওসি সাহেব হওয়াতে লোকটি খুবই খুশী হলো। কিন্তু ভয় হলো ওসি সাহেবের সাথে দেখা করবে কিভাবে? একদিকে ওসি সাহেবের রুমের সামনে লাঠি হাতে পেয়াদা দাঁড়িয়ে আছে। অন্যদিকে কষ্ট করে টাকাটা নিয়ে এসে যদি ওসি সাহেবকে দিতে না পারেন তাহলে ওয়াদা এবং বিশ্বাসের খেলাপ হবে। এই ভাবনা থেকে বাধ্য হয়ে লোকটি পেয়াদাকে বললেন আমাকে একটু ওসি স্যারের সাথে দেখা করতে দিন।

পেয়াদা রুমে ঢুকে ওসি সাহেবকে জানালো স্যার দূর গ্রাম থেকে একজন মানুষ এসেছে আপনার সাথে দেখা করতে।

ওসি বললেন- যাও তার পরিচয় ও কি কারণ তা জেনে আসো। পেয়াদা এসে লোকটার পরিচয় দিয়ে ওসিকে জানালো স্যার কারণ আমাকে সে বলতছে না। ওসি বুঝে ফেলছেন, সে সেই লোক যে তার সাথে দেখা করতে এসেছে। কিন্তু তার বর্তমান অবস্থান তো খুবই মর্যাদার আর দেখা না করবেনই বা কিভাবে, লোকটা যে কথা মতো কষ্ট করে এসেছে। অনেক ভেবে চিন্তে ওসি সাহেব পেয়াদাকে অনুমতি দিলেন লোকটাকে আসার সুযোগ দেয়ার।

লোকটি খাসকামরায় ঢুকে একদিকে ভয়ে কাঁপতে শুরু করেছে। ওসির রুম বলে আর অন্য দিকে খুশি তার সাহায্যকারী ব্যক্তি আজ থানার ওসি।

এমনই অবস্থায় লোকটার নিকট ওসি সাহেব জানতে চাইলেন কি দরকারে তার রুমে ঢোকা বা এই সাক্ষাৎ। লোকটি ভয়ে ভয়ে বলতে লাগলো স্যার গতমাসে আপনার নিকট কাকুতি-মিনতি করে সাহায্য চাওয়ায় আপনি আমাকে একটি মিথ্যা মামলায় অভিযুক্ত থেকে বাদ দিয়েছিলেন।

বলেছিলেন জমিদারের মামলা থেকে রেহাই দিতে আপনার খুব অসুবিধে হবে আর আমি নিরীহ নির্দোষ মানুষকে দায়ী করবেন কিভাবে। তবুও এমনই অবস্থায় আপনি রিস্ক নিয়ে আমাকে মামলার চার্জশীট থেকে বাদ দিতে চেষ্টা করবেন। আসামি হিসাবে তখন আমি বলেছিলাম আমি আপনাকে এই মহৎকর্মের জন্য পাঁছটা টাকা বখশিশ দিবো বলে বাড়ি চলে গেলাম।

এমতাবস্থায়, অন্য আসামি থেকে পরে জানতে পারলাম আমি আর এই মামলার আসামি নয়। শুনে খুব ভালো লাগলো সাথে সাথে আল্লাহর কাছে আমি ও আমার পরিবার আপনার মঙ্গলের জন্য দোয়া করলাম। আর আপনি যেহেতু আপনার ওয়াদা বহাল রেখেছেন তাই আমিও আমার ওয়াদা রক্ষায় পরিবারের তাগিদে একটি বাচ্চা গরু বিক্রি করে এই টাকাগুলো নিয়ে এসেছি।

শুনে ওসি সাহেব বললেন শোন, তোমাকে সহযোগিতা করার সময় আমি ছিলাম দারোগা। একজন দারোগার জন্য সে সময়ে এসব আলোচনা বা দান দক্ষিণা মেনে নেয়া যেতো। কিন্তু, এখন তো আমি ওসি। এ থানার বড় অফিসার, আমার জন্য এসব আর বেমানান। তাই আর এসব নিয়ে না ভেবে বাড়ি গিয়ে হাটবারে বাজার থেকে একটা বাচ্চা গরু কিনে নিও।

লোকটি কৃতজ্ঞ চিত্তে বাড়ির দিকে রওয়ানা দিলো। আর ওসি সাহেব ও তার পদমর্যাদা যথাসম্ভব মূল্যায়নে তৎপর থাকলেন।

দু:খের সাথে বলতে হয় সে সময়েও এই সব প্রাপ্তি বা বখশিশ সাধারণের কাছে যেমন ছিলো ঘৃণার, তেমনি একজন পুলিশ অফিসারের কাছেও ছিলো লজ্জার। এসব ছাড়াও কিছু কিছু ভালো গুণও সে সময় পুলিশ বাহিনীর মধ্যে ছিলো যা আজ নির্বাসনে। সেই খাকি পোশাক এর মান একসময় রঙ বহাল রেখে উন্নত হলো আজকাল তো বাদামী রংয়ের সেই পোশাকও হালকা সবুজ নীলে রূপ নিলো।

এমনকি উপনিবেশ থেকে এদেশ এ বঙ্গভূমি ১৯৪৭ সালে স্বাধীন হলো একটা ফেডারেল রাষ্ট্রে পূর্ব পাকিস্তান নাম। আমাদের আলাদা আবাস ও জাতিস্বত্তা ভারতীয় এর বদলে পাকিস্তানী হলো। পরবর্তীতে আবার ফেডারেল রাষ্ট্রের বৈষম্য ও বঞ্চনার হাত থেকে মুক্ত হতে দীর্ঘ চব্বিশ বছর সংগ্রাম করে ১৯৭১ সালে সশস্ত্র যুদ্ধের মাধ্যমে লাখো লাখো শহীদের রক্ত ও মা বোনদের ইজ্জৎ এর বিনিময়ে এ দেশ আবার একক জাতিসত্ত্বার স্বাধীন দেশ হিসাবে বিশ্বের মানচিত্রে পরিচয় লাভ করলো। আমরা ধন্য হলাম আমাদের বীরত্বে আমাদের পরিচয়ে আমাদের জাতিস্বত্তায়। আমরা হলাম কেউ বাংলাদেশী কেউ বাঙালী।

কিন্তু, দু:খের সাথে বলতে হয় আজও আমাদের স্বপ্নও আমাদের লক্ষ্যগুলো যে তিমিরে ছিলো, সেই তিমিরেই রয়ে গেলো। স্বাধীন দেশের পুলিশও তাদের নিজেদের আদর্শ উদ্দেশ্যের বিপরীতে অবস্থান নিতে নিতে এখন তারা ভয়ংকর রূপ ধারণ করলো। তারা যে জনগণের বন্ধু বা সেবক সে ধারণা ম্লান হয়ে গেলো। লাঠির বদলে নানাবিধ মরণাস্ত্রে তাদের সজ্জিত করা হলো। ঘোড়ার বদলে গাড়ির আয়োজন করা হলো। তারা বিভিন্ন ধাপে বিভিন্ন স্তরে বিভিন্ন মানের অস্ত্রশস্ত্রে সজ্জিত করা হলো। তাদের অস্ত্রশস্ত্র, অত্যাধুনিক অস্ত্রযান ও গোলাবারুদ ব্যবহৃত হতে থাকলো রাষ্ট্রের নিরীহ নিরস্ত্র জনগণের উপর।

রাষ্ট্র যন্ত্রের সেবায় জনগণের ভোটে, সমর্থনে বা কূটকৌশলে যারা সেবক হয়ে এলো তারাই এক সময় প্রভূরূপে ভিন্ন চরিত্রে জাতির সামনে হাজির হলো। এমতাবস্থায় তারা তাদের অবৈধ ক্ষমতা ও নির্মম প্রভুত্ব বহালে রূঢ়তার সাথে তৎপর হলো। জনগণের উপর চরম জুলুম নির্যাতন শুরু করলো আর এমতাবস্থায় তাদের সহায়ক হলো জনগণের পুলিশ। জনগণের পুলিশ তাই চরমভাবে মানুষ্যত্ব বিবর্জিত হলো বন্ধু না হয়ে গেলো তারা জনগণের জম।

বন্ধু চরিত্র হারিয়ে জম হওয়া পুলিশের দ্বিমুখী আচরণ ও নির্যাতনে আজ জাতিরাষ্ট্রের জনগণ চরম উৎকন্ঠা উদ্বেগে জীবন যাপন করছে বা করতে বাধ্য হচ্ছে। নিজের অবস্থান ও রাষ্ট্র পরিচালনায় অনৈতিক শক্তির অশুভ সহযোগিতায় রাষ্ট্রের পুলিশ আজ যমদূত ।

তাই এ অবস্থায় মজলুম নাগরিকদের এটাই প্রত্যাশা কবে এ চরম জুলুম নির্যাতন থেকে মুক্তি পাবে এ নিরীহ জাতিগোষ্ঠী। জাতির বিবেকবানরা কোথায় ?



# ড. ইউনূসকে নিউইয়র্কে অবাঞ্ছিত ঘোষণা যুক্তরাষ্ট্র আ.লীগের

*(শেষ পাতার পর)* শাহানারা রহমান, বদরুজ্জামান পান্না, আশরাফ, এইচ এম ইকবাল, সৈয়দ কিবরিয়া জামান, প্রকৌশলী বাহার খন্দকার সবুজ, পান্না, খান শওকত, যুবলীগ নেতা সেবুল মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ, যুবলীগ, শ্রমিক লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, গত ৫ আগস্ট 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বে ও ৩০ লাখ শহীদের রক্তে রঞ্জিত অর্জিত স্বাধীনতা অস্বীকার করে শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনকে হাতিয়ার হিসেবে অসাংবিধানিক ভাবে জোরপূর্বক অন্তর্বতীকালীন দখলদার সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে ড. ইউনূস দেশে নৈরাজ্য ও পৈশাচিক হত্যাকান্ড চালিয়ে যাচ্ছেন। গতকালও (১২ সেপ্টেম্বর) ৫ জনকে গ্রেফতার করে দু'জনকে নির্মমভাবে হত্যা করে। ড. ইউনূস এযাবত পাঁচ হাজারের অধিক পুলিশ/ছাত্র/সংখ্যালঘু/সাধারণ মানুষ ও আওয়ামী লীগের নেতা-কর্মী হত্যা এবং আনুমানিক দশ হাজার নেতা-কর্মীকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করেছে বা মামলা দায়ের করেছে।

সংবাদ সম্মেলনে বলা হয়, দেশের জনগণ শান্তিতে বসবাস করতে পারছে না। অনির্বাচিত অবৈধ দখলদার সরকারের দমন নীতি ও বিশৃঙ্খলা সৃষ্টির কারণে দেশে আইন বিচার বলে কিছুই নেই। পশ্চিমা দেশগুলোর মত ড. মুহাম্মদ ইউনূস জনগণ বিচ্ছিন্ন সর্বোচ্চ ব্যাংক সুদের সফল ব্যবসায়ীদের একজন। দেশ পরিচালনায় কোন ধরনের দক্ষতা তার নেই। নিজেই বলেছেন ছাত্ররা তাকে নিয়োগ দিয়েছেন। তাই স্বাভাবিকভাবে জনগণের নিকট তার কোন দায়বদ্ধতা নেই।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আরো বলা হয়, দেশের প্রচলিত নিয়ম আইন ভঙ্গ করে দেশের বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে স্কুল শিক্ষকদের ছাত্রদের দ্বারা পদত্যাগে বাধ্য করার ফলে শিক্ষা প্রতিষ্ঠান সুমহে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। প্রশাসনের অবস্থা আরও করুণ। ডিসিরা পর্যন্ত সচিবালয়ে ব্যায়াম করা শুরু করেছে। যা স্বাধীনতার ৫৩ বছরে ঘটেনি।

সংবাদ সম্মেলনে বলা হয়, ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশের সংবিধান লঙ্ঘন করে জনগণের ম্যান্ডেট না নিয়ে অবৈধভাবে ছাত্রদের নিয়োগপ্রাপ্ত প্রধান উপদেষ্টা হিসেবে জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করার যে কোন মানদন্ডে আইনগত বৈধতা নেই। দেশে হাজার হাজার শহিদের রক্তের উপর পা দিয়ে অবৈধ প্রধান উপদেষ্টার আসন্ন জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করা সমীচীন হবে না। আমরা এর তীব্র প্রতিবাদ ও ঘৃণা প্রকাশ করেছি। যদি অবৈধ প্রধান উপদেষ্টা যুক্তরাষ্ট্রের মাটিতে আসেন তাহলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, অঙ্গ ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের সবস্তড়রের নেতৃবৃন্দ ২২ সেপ্টেম্বর রোববার দুপুর ২টায় জেএফকে বিমানবন্দরে এবং ২৭ সেপ্টেম্বর শুক্রবার সকাল ১১টায় জাতিসংঘের সদর দফতরের সামনে বিক্ষোভ সমাবেশ করবে।

সংবাদ সম্মেলনে বলা হয়, অবৈধ সরকারের অগণতান্ত্রিক, অসাংবিধানিক, গণহত্যা ও দেশব্যাপী নৈরাজ্য সৃষ্টির বিরুদ্ধে জনগণ ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তুলবে।

# ড. ইউনূস ও নোবেল প্রাইজ নিয়ে খালেদ মুহিউদ্দিনের মন্তব্যে সমালোচনার ঝড়

*(প্রথম পাতার পর)* মুহিউদ্দীনের এমন বক্তব্যে ক্ষোভ ও প্রতিবাদ জানিয়েছেন নিউইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশী বিভিন্ন সংগঠন। জ্যাকসন হাইটসে বৈষম্যবিরোধী প্রবাসী সচেতন সমাজ ইউএসএ ও প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ সম্মিলিতভাবে সভা করে প্রতিবাদ জানানো হয়।

খালেদ মুহিউদ্দীন তার বক্তব্যে বলেছেন, 'জনগণ সকল ক্ষমতার উৎস' এটি একটি রং স্টেটমেন্ট। আমাদের সংবিধানটি খোলেন। দেখেন, জনগন হলো সকল ক্ষমতার মালিক, উৎস তো ভিন্ন কথা। খালেদ মহিউদ্দিন বলেছেন, আপনারা ড. ইউনুসকে নিয়ে কথা বলছেন। ড. ইউনুস এর আগে যতবার আসছেন তখন আপনাদের মধ্যে কোন চাঞ্চল্য ছিল না। এখন সে একটা চেয়ারের মধ্যে বসছে। তাই বড় ব্যাপার হয়ে গেছে। তার হাতে কোন আলাউদ্দীনের চেরাগ নাই, সে নোবেল পেতে পারে। নোবেল একটা প্রাইজ রে ভাই। আমি ঠিকানা গ্রুপ থেকে একটা বড় প্রাইজ দিতে পারি আকাশ ভাই'র কাছ থেকে চান্দা-মান্দা নিয়া। নোবেল প্রাইজের চেয়ে তা বড়ও হতে পারে। তা ১ কোটি, ২ কোটি কিংবা ১০০ কোটি হতে পারে। এটা প্রাইজ! শুনলাম আপনারা তার কাছে ১৩ দফা দাবিনামা পেশ করবেন। এতে কোন কাজ হবে বলে আমি বিশ্বাস করি না। আমি আপনাদের দাবি দাওয়ার ব্যাপারে তাকে বলবো। খালেদ মহিউদ্দীন যখন বক্তব্য দিচ্ছিলেন তখন মঞ্চে ছিলেন লেবার ইউনিয়ন লিডার মাফ মিছবাহ উদ্দীন, এম এন মজুমদার, আকাশ রহমান ও ফখরুল আলম সহ অনেকে।

প্রতিবাদ সভা : এদিকে খালেদ মহিউদ্দীনের এই বক্তব্যের প্রতিবাদে গত মঙ্গলবার জ্যাকসন হাইটসে বৈষম্যবিরোধী প্রবাসী সচেতন সমাজ ইউএসএ ও প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ সম্মিলিতভাবে সভা করে। সভায় বলা হয়, খালেদ মহিউদ্দিন বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সম্পর্কে অত্যন্ত আপত্তিজনক, ঔদ্ধত্যপূর্ণ ও কান্ডজ্ঞানহীন যে মন্তব্য করেছেন আমরা তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। প্রস্তাবে জ্যাকসন হাইটসের একটি অনুষ্ঠানে এ ধরণের অশালীন ও অসভ্য মন্তব্যের কারণে খালেদ মহিউদ্দিনকে প্রধান উপদেষ্টার নিউইয়র্ক সফরের সময়ে কনস্যুলেট ও জাতিসংঘসহ অন্যান্য সকল অফিসে আমন্ত্রণ না জানানোরও জোর দাবী জানানো হয়।

জ্যাকসন হাইটসে অনুষ্ঠিত এই প্রতিবাদ সভাতে সভাপতিত্ব করেন লং আইল্যান্ড বিশ্ববিদ্যালয়ের অর্থ ও বাণিজ্য বিভাগের অধ্যাপক ড. শওকত আলী। সভায় গৃহীত রেজুলিউশনে স্বাক্ষর করেছেন প্রফেসর ড. শওকত আলী, প্রফেসর ড. জগলুল হায়দার, ড. আবুল কাশেম, সাংবাদিক মঈনুদ্দিন নাসের, খোন্দকার ফরহাদ, রিতা রহমান, জামাল আহমেদ জনি, আব্দুস সবুর, আহমেদ সোহেল, মোহাম্মদ কিউ জামান, মাহমুদ খান তাসের, শাহ আলম দুলাল, মির্জা আজম, মোহাম্মদ সুরুজ্জামান , সাঈদ তারেক, এম রহমান মাসুম ও হামিদ সোহেল প্রমুখ।

# সাংবাদিকদের সাথে

*(শেষ পাতার পর)* শুরুতেই আব্দুর রব মিয়া প্রথমেই সাধারণ সম্পাদক জাহিদ মিন্টুর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত তুলে ধরেন। তিনি বলেন, জাহিদ যুক্তরাষ্টে বেড়ে উঠা একজন উদীয়মান সমাজকর্মী। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রীধারী এবং প্রতিষ্ঠিত কনস্ট্রাকশন ব্যবসায়ী। তার নিজস্ব কনস্ট্রাকশন প্রতিষ্ঠান রয়েছে। তিনি বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ'র সফল সাধারণ সম্পাদক ছিলেন। শিক্ষাগত যোগ্যতা ও সাংগঠনিক দক্ষতায় জাহিদ আগামীতে বাংলাদেশ সোসাইটিকে সঠিকভাবে নেতৃত্ব দিতে পারবে বলে আমার বিশ্বাস।

সভায় জাহিদ মিন্টু তার বক্তব্যে সোসাইটিকে নিয়ে নিজের স্বপ্নের কথা তুলে ধরে বলেন, আমি সাধারণ সম্পাদক নির্বাচিত হলে একটি বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠিত করবো। যেখানে কমিউনিটি সেন্টার, স্বাস্থ্য সেবা, ইবাদত ও রিক্রেরিয়েশনের ব্যবস্থা থাকবে। নির্বাচন করছি বলে এ কথা বলছি না। যদি জিততে নাও পারি বিজিতরা এ ব্যাপারো উদ্যোগ নিলে আমি সর্বাগ্রে সহায়তার হাত বাড়িয়ে দেবো। বলেন, আমার এই স্বপ্ন ম্যাজিক নয়, বাস্তব। আপনাদের কথা দিচ্ছি। আল্লাহ'র রহমতে কমিউনিটির মানুষের আকাংখার প্রতীক 'বাংলাদেশ সেন্টার' প্রতিষ্ঠা হবে। এজন্য সবার সহযোগিতা প্রয়োজন।

রুহুল আমীন সিদ্দিকী বলেন, বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠার লক্ষ্যে আমরা নিউইয়র্ক সিটিতে একটি বড় পরিসরে যায়গা ও ভবন খোঁজা শুরু করেছি। বাংলাদেশ সেন্টার গড়ে তোলার বিষয়টিকে গুরুত্ব দিয়ে আমরা নির্বাচনী মেনুফেস্টো সহসাই প্রকাশ করবো। এজন্য আমরা প্রবাসী বাংলাদেশী মিডিয়া কর্মিদের সার্বিক সহযোগিতা চাই। তিনি বলেন, 'রুহুল-জাহিদ' প্যানেল নির্বাচিত হলে সবসময় বাংলাদেশীদের সাথে থাকবে।

সভায় 'রুহুল-জাহিদ' প্যানেলের নেতৃবৃন্দ উপস্থিত সম্পাদক ও সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নেরও উত্তর দেন।




# ১০ মিনিটে যুবকের 'আপা' সম্বোধন ২৮৭ বার,

*(প্রথম পাতার পর)* এদিকে তানভীর যুক্তরাষ্ট্রে প্রবেশ করে দেশে আওয়ামী লীগ সরকার কর্তৃক নির্যাতিত হওয়ার দাবি করে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন। সেই তানভীরই শেখ হাসিনাকে ফোন করে আবেগপ্রবণ কণ্ঠে আপা ডেকে দেশে ফিরে যেতে হাসিনার নির্দেশনা চান ওই ফোনালাপে।

ফোনালাপটি বিশ্লেষণ করে দেখা যায়, তানভীর কায়সার নামের ঐ নেতা তার ফোনালাপে দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে কথা বলেন এবং শেখ হাসিনাকে ২৮৭ বার আপা বলে সম্বোধন করেন। যা বিশ্ব রেকর্ড গড়েছে বলে অনেক নেটিজেনরা ফেসবুকে পোস্ট করেছেন।

অতি সম্প্রতি ভাইরাল হওয়া এই ফোনালাপের পুরোটা সময়ই তানভীরের কণ্ঠে ছিল বার বার আপা আপা শব্দ। নেটিজনদের কাছে এখন এই শব্দটি বহুল আলোচিত ও সমাদৃত। অনেকেই হিসেব কষেছেন কয় মিনিট কথা বলেছেন তানভীর তার প্রিয় আপার সাথে এবং এ সময়ে কতবার শেখ হাসিনাকে আপা ডেকেছেন। তানভীরের আপা আপা সম্বোধন এবং কণ্ঠস্বরে বিভিন্ন কায়দার মিশ্রণ নিয়ে কৌতুক ও হাস্যরস করে কেউ কেউ ট্রল করেছেন বিভিন্ন সামাজিক মাধ্যমে।

এদিকে সাবেক প্রধানমন্ত্রীর সাথে টেলিসংলাপে যে বিষগুলো গুরুত্ব পেয়েছে তার মধ্যে আছে, মিডিয়া প্রসঙ্গ। যেখানে তানভীর বলছেন 'আপা যে সব মিডিয়ার অনুমতি দিলেন, আপনি, আজ তারা কেউ আমাদের পক্ষে নেই, আপা আপা---- ।'

এ সময়ে রূপপুর পারমানবিক বিদ্যুত কেন্দ্র ও গজিয়াবাদের খবর জানাতে গিয়ে কাঁপা কণ্ঠে আপা আপা বলে এক ধরনের আর্তচিৎকারে মেতে উঠেন তিনি। এভাবে পুরো আলাপেই আপা আপা বলে ব্যক্ত করেছেন নিজের অভিমত।

কে এই তানভীর?

খোঁজ নিয়ে জানা গেছে তানভীর কায়সার ২০১৯ সালের ৪ জুন লস আঞ্জেলস দিয়ে আমেরিকায় যান। তিনি ওই সময় ভ্রমণ ভিসায় যুক্তরাষ্টে প্রবেশ করেন। কিন্তু যুক্তরাষ্টে প্রবেশের পর দাবি করেন যে, বাংলাদেশে আওয়ামী সরকার তাকে নির্যাতন করেছে। এ জন্য ২০২০ সালের ৭ মে দেশটিতে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেন। ২০২১ সালের ২৪ জানুয়ারিতেই তার পাসপোর্টের ভ্যালিডিটি শেষ হয়ে গেছে। বর্তমানে তানভীর কায়সার আ্ওয়ামীলীগের জ্যাকসন হাইটস শাখার সাধারণ সম্পাদক। ভাইরাল হবার পর থেকে যদিও নিয়মিত আড্ডায় তানভীরের দেখা মিলছেনা বলে জানিয়েছে তার পরিচিতজনরা। এমনকি এ বিষয়ে জানতে তার ফোনে যোগাযোগ করা হলেও তিনি ফোনকলটি রিসিভ করেননি। এ ছাড়া শুক্রবার সকাল থেকেই তার ফেসবুক আইডিও লক অবস্থায় পাওয়া গেছে।






# চিত্রে জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (জেবিবিএ)-এর পথমেলা। শনিবার এই মেলা অনুষ্ঠিত হয়।











# NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

**Nur Bhai**
*President*
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
**Tel: 718-898-0052**

# ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

**ASTORIA PHARMACY**
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

**JACKSON HEIGHTS PHARMACY**
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

**LONG ISLAND CITY CHEMISTS**
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

**OPEN**
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm


বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইনক
নির্বাচন-২০২৪
২৭ অক্টোবরের নির্বাচনে
রুহুল-জাহিদ
পরিষদে ভোট দিন
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
ফারুক চৌধুরী
সিনিয়র সহ সভাপতি
আমিনুল চৌধুরী
সহ সভাপতি
সারোয়ার খান বাবু
সহ সাধারণ সম্পাদক
খুরশেদ হোসেন
কোষাধ্যক্ষ
মোহাম্মদ সাদী মিন্টু
সাংগঠনিক সম্পাদক
মনিকা রায় চৌধুরী
সাংস্কৃতিক সম্পাদক
নাসির আহমেদ আইয়ুব
সমাজকল্যাণ সম্পাদক
রোমানা আহমেদ
সাহিত্য সম্পাদক
আলমগীর হোসেন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
শাহনাজ হোসেন
স্কুল ও শিক্ষা সম্পাদক
আবদুর রব মিয়া
কার্যকরী সদস্য
মো: তাজু মিয়া
কার্যকরী সদস্য
মো: নজরুল ইসলাম
কার্যকরী সদস্য
মো: সাইফুল ইসলাম
কার্যকরী সদস্য
VOTE
B17
এ কে এম রফিকুল ইসলাম (ডালিম) কে
কার্যকরী সদস্য পদে
আপনার মূল্যবান রায় দিন
Contact: 917-362-3872 | প্রচারে: সমর্থকবৃন্দ

# জালালাবাদ এসোসিয়েশনের তিন কর্মকর্তার শপথগ্রহণ সম্পন্ন



জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকে্র তিনটি পদের পদায়নরত ৩ কর্মকর্তা শপথগ্রহণ করছেন।



জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকে্র নতুন ৩ কর্মকর্তাকে ফুল দিয়ে বরণ করা হয়।

**বাংলা পত্রিকা রিপোর্ট:**
যুক্তরাষ্ট্রে সিলেটবাসীদের সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকে্র তিনটি পদের পদায়নরতদের শপথগ্রহণ সম্পন্ন হয়েছে। রোববার রাত সাড়ে ৮টার দিকে নিউইয়র্কের এস্টোরিয়াতে হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টে শপথগ্রহণ অনুষ্ঠিত হয়।


অনুষ্ঠানের প্রথম পর্বে নতুন নিয়োগপ্রাপ্ত সহ সভাপতি মো. জাবেদ উদ্দিন, মহিলা বিষয়ক সম্পাদিকা সারা উদ্দিন ও সদস্য মোহাম্মদ ফজল খানকে শপথবাক্য পাঠ করান জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি বদরুল হোসেন খান।


পরে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি বদরুল হোসেন খানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রুকন হাকিমের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোর্ড অফ ট্রাষ্টী অন্যতম সদস্য বদরুন নাহার খান মিতা, ছনরুন নুর, বাংলাদেশ সোসাইটি সিনিয়র সহ-সভাপতি দেওয়ান মহিউদ্দিন, বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে সভাপতি পদপ্রার্থী ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক এর সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, বাংলাদেশ সোসাইটির বোর্ড অফ ট্রাস্টির অন্যতম সদস্য আজিমুর রহমান বোরহান, জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা সাবেক নির্বাচন কমিশনার মহিদুল ইসলাম এবং সাবেক নির্বাচন কমিশনার ও সহ-সভাপতি সাব্বির হোসেন, সাবেক নির্বাচন কমিশনার ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা সালেহ চৌধুরী, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক সাংস্কৃতিক সমিতির উপদেষ্টা কিনু চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মুজাহিদুল ইসলাম, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ আহমেদ চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইনকের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নূরে আলম জিকু, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ-সাধারণ সম্পাদক ও মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, বিশিষ্ট রাজনীতিবিদ আজাদ উদ্দিন, বাংলাদেশ নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের কর্মকর্তা সৈয়দ এনায়েত আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কালামে কোরআন থেকে তেলাওয়াত করেন সংগঠনের সাবেক সহ সভাপতি জোসেফ চৌধুরী। শপথ অনুষ্ঠানের পরে শুভেচ্ছা বক্তব্য রাখেন মৌলভীবাজার জেলার সদস্য মোঃ ফজল খান, মহিলা বিষয়ক সম্পাদক সারা উদ্দিন ও সহ সভাপতি মৌলভীবাজার মোঃ জাবেদ উদ্দিন, সহ সভাপতি মোঃ শফিউদ্দিন তালুকদার, লাখাই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাজুল ইসলাম তালুকদার, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি সোহান আহমেদ টুটুল, উপদেষ্টা সালেহ আহমেদ চৌধুরী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমেদ, সহ সভাপতি কয়েছ আহমদ, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাহান খান প্রমুখ।

শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য ফয়সল আহমেদ, মোহাম্মদ হোসেন আহমদ, সামছুল ইসলাম, সিলেট প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ইকবাল মাহমুদ, বাংলাদেশ সোসাইটির সদস্য চৌধুরী মুমিত তানিম, আজীবন সদস্য মোঃ এস খান, এস আলম, আহমেদ মোস্তফা, এম এম ইসলাম, মোঃ খান আহমেদ, মোঃ আজিজুর রহমান মোঃ আব্দুল খায়ের, ফয়ছল খান, কাজী তোফায়েল ইসলাম, দীপঙ্কর দেব, মোঃ আখতারুজ্জামান বাদল, ওয়াহিদ কাজী এলিন, মফিজুল ভূইয়া রুমি, গোলাপগঞ্জ সোসাইটির সহ সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সুরত আলী, সোহেল খান, মোহাম্মদ জহিরুল হক, সোহেল আহমেদ, বাংলাদেশ সোসাইটির গণসংযোগ প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, আহমেদুর রহমান, গাহর কেন চৌধুরী কিনু, মইনুল চৌধুরী, জামান আহমেদ, মিয়া হোসেন, আনিসুর রহমান, আব্দুল খালিক, ফারহানা রহমান,নওশীদুর রহমান চৌধুরী সালেহ, জিয়াউল খান, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক সংগঠনের উপদেষ্টা মোঃ ফখরুদ্দিন, সৈয়দ আলী শামীম আহমেদ, মোঃ ফখরুল শিপু, মিয়া গুলজার, আহমেদ লিয়াকত আলি, ফারদিন খান, বাবুল খান, মোহাম্মদ রুহুল খান, তাজ আহমেদ, হুসাইন আহমেদ, ডক্টর সাফি, লিংকন খান, ইমাদ চৌধুরী, শামীম আহমেদ, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট



# সাংবাদিক মুশফিকুল ফজল ঢাকায় সংবর্ধিত



(*প্রথম পাতার পর*) উল্লেখ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক ও অরাজনৈতিক দলের নেতৃবৃন্দ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শুক্রবার (১৩ সেপ্টেম্বর) বিকেলে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার

# স্টেট সিনেটর জেসিকা রামোসের মেয়র প্রার্থীতা ঘোষণা



(*প্রথম পাতার পর*) দুঃখকষ্ট, প্রত্যাশা প্রাপ্তি ও সম্ভাবনা কি?
তিনি আরো বলেন, সিটির গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে স্টেট সিনেটে যথাসাধ্য ভূমিকা রেখেছেন। তার বিশ্বাস নিউইয়র্ক শহরের নাগরিকরা তাকেই আগামীর মেয়র হিসেবে দেখতে চায়। এসময় ভারতীয় ও স্প্যানিশ কমিউনিটি সহ অন্যান্য কমিউনিটির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

# জ্যামাইকায় আশা হোম কেয়ারের ৩য় শাখার উদ্বোধন



**নিউইয়র্ক:** নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির অন্যতম বয়স্ক সেবা প্রতিষ্ঠান আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ার জ্যামাইকা হিলসাইডে ৩য় শাখার উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকা ১৭০-০৫ হিলসাইডে নতুন শাখার উদ্বোধন করেন আশা গ্রুপের সিইও ইঞ্জিনিয়ার আকাশ রহমান ও চেয়ারম্যান ঈশা রহমান।

এর আগে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের খতিব ইমাম আবু জাফর বেগ। বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সেক্রেটারি রুহুল আমিন ছিদ্দিকী, সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ও কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার, সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দিন সাগর, সাপ্তাহিক সাদা কালো'র নির্বাহী সম্পাদক কমিউনিটি নেতা মোহাম্মদ আবুল কাশেম, বিশিষ্ট রিয়েল স্টেট ব্যবসায়ী মোহাম্মদ কবিরসহ কমিউনিটির সিনিয়র নেতৃবৃন্দ। সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে ইঞ্জিনিয়ার আকাশ রহমান বলেন, নিউইয়র্কে কমিউনিটির সেবায় এগিয়ে যাচ্ছে আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ার। নিরন্তর পথচলায় আমরা যুক্ত করেছি এটিভি, সাপ্তাহিক সাদা কালো পত্রিকা ও আশা চ্যারিটি ফাউন্ডেশন।

তিনি বলেন, বাফেলো থেকে লং আইল্যান্ড। আলবেনী থেকে ম্যানহাটন সেবার দরজা খোলা নিউইয়র্কের সবগুলো কাউন্টিতে।

চেয়ারম্যান ঈশা রহমান বলেন, কমিউনিটির সেবার প্রত্যয়ই আমাদের লক্ষ্য। আশা সেবার প্রতীক। আশা ভালোবাসার প্রতীক। কমিউনিটির ভালোবাসায় আশা হোম গ্রুপ এগিয়ে যাবে আরো অনেক দূর।

মাওলানা আবু জাফর বেগ বলেন, সেবাতেই রহমত, সেবাতেই বরকত। সততার সাথে ব্যবসা করে আশা হোম কেয়ার এগিয়ে যাবে ইনশাআল্লাহ।

বাংলাদেশ সোসাইটির সেক্রেটারি রুহুল আমিন ছিদ্দিকী বলেন, নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির সেবায় আশা হোম কেয়ার বিশেষ অবদান রেখে চলেছে। আমি আশা গ্রুপের সাফল্য কামনা করছি।

কুইন্সের কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, অল্প সময়ে আশা হোম কেয়ার কমিউনিটির ব্যাপক পরিচিতি পেয়েছে। অর্জন করেছে আস্থা ও বিশ্বাস। কমিউনিটির সেবায় পাশে থাকার জন্য ইঞ্জিনিয়ার আকাশ রহমানকে ধন্যবাদ জানান।

কমিউনিটি নেতা আবুল কাশেম বলেন, নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির সকলে মিলেই আশা পরিবার। আশা সার্ভিসের অর্জন, কমিউনিটির সকলের অর্জন।

-প্রেস বিজ্ঞপ্তি






UtshobGroup

Framework Finance LLC

# প্রবাসে থেকে নিশ্চিন্তে
# বাড়ি করুন দেশে

এই প্রথম আপনার USA-এর
ক্রেডিট কোয়ালিফিকেশন দিয়ে
বাংলাদেশে ফাইন্যান্স করতে পারবেন
আপনার স্বপ্নের ফ্ল্যাট/জমিটি

বিস্তারিত জানতে এখনই কল করুন

516-508-6698 (USA)
+880-16786-23252 (BD)

অথবা ভিজিট করুন
www.frameworkfinance.com

118-35 QUEENS BOULEVARD FOREST HILLS TOWER,
#400, FOREST HILLS, NY 11375

NRBC BANK

BUILD

RUPAYAN GROUP
Committed to touch your imagination

FDL
lifestyle awaits

# সাহিত্য সাময়িকী



## কফিন
### পারভীন শাহনাজ

সেই ঘুণপোকাটা অনেকদিন লাপাত্তা ছিল
হঠাৎ আবার তার উপদ্রব শুরু হয়েছে
এবার একেবারে হৃৎপিন্ডের মধ্যিখানে বাসা বেঁধেছে
অথচ তোমরা ঘরময় কীটনাশক স্প্রে করছো নিয়ম করে
উঠোনের সজনে গাছটা কবে যে এতটা যৌবনবতী হলো কে জানে!
আর ঘুলঘুলিতে আসা চড়ুইয়ের দল কবে থেকেই বা এত শান্ত হলো,
একদম কিচিরমিচির করা ভুলে গেছে!
কতদিন আমি কোনো নদী দেখিনি, শুধু স্বপ্নে দেখি একটা ডিঙি
নৌকায় চন্দনায় ভাসছি আমি একা
আমার দমবন্ধ লাগে, দক্ষিণের জানালাটা খুলে দাও না মা
পাশের ফ্ল্যাটের তমালরা তো সেই কবেই চলে গেছে
সত্যি বলছি আমি আর কখনো পালাতে চাইব না
কারণ অনেক আগেই পেরেক ঠুকে আমাকে কফিনে বন্দি করেছ তোমরা
মৃত মানুষ কি পালাতে পারে মা?

## ঘুড়ি
### দিলীপ কির্ত্তুনিয়া

মনের মাঝে ঘুড়ি ওড়াতে চাইছি
কিন্তু ঝড় বইছে
ওড়াতে পারছি না।
ওড়ালেই ছিঁড়ে পড়ছে।

কতগুলো ঘুড়ি ওড়াবো বলো!
আমার হাতে তো বেশি ঘুড়ি নেই।
ঝড়ের দাপটও শেষ হয় না।
ঘুড়ির সংখ্যাও প্রায় শেষের পথে
আর মাত্র হাতে ক'খানা।

যদি ঝড় থামে
তবে দেখবো ভেবে।
যদি প্রকৃতিতে শান্ত প্রচলিত বাতাস ফেরে
তখন দেখবো ভেবে।
স্বাভাবিকতার অণু পরমাণু চাই
স্বপ্নের ঘুড়ি ওড়াতে।

## জিন্দে অলির কবিতা
### মাহমুদ নোমান

আমার মাজারে নৃত্য করে কত পাখি
অক্ত লাগে না কাফের অজুও লাগে না
ডেকে ডেকে খুঁজে ফিরি পিয়াসি চাতকী
কুড়িয়ে আনি সুবাস মিলনে জোছনা,
আমার মাজারে আমি মানত করেছি
আমার স্বাক্ষাত পেলে নাচা ছেড়ে দেব
কতজনারে এ নামে কত যে ডেকেছি
মেহমান আসে না কো হৃদয় পিলাবো,

অমন বিষাদ ছেড়ে কোথায় পালাই
নিজেকে কামনা করে অনেক জেনেছি
কেউ ডুবতে চাই না বলতে না-চায়
আমার মাজার গড়ে নিজেরে গড়েছি,

ভাঙবে কেমন করে এমন মাজার
সেজদায় লুটিয়ে পড়ি আরজগুজার...

## শোক আর দ্রোহের অবিমিশ্র কবিতা
### সিকানদার কবীর
(রংপুরে পুলিশের গুলিতে নিহত প্রথম শহীদ আবু সাঈদ-কে)

সময়ের সাহসি সন্তান চিত্রল হরিণ ছোঁয়ার স্বপ্ন
ছিল তার; করতলে তুলে আনবে কাঙ্খিত
গোলাপ- সেই প্রতিজ্ঞায় নেমে আসে রাজপথে। দুই হাত সে
প্রসারিত করে দুই দিগন্তে- আকাশ সমান স্বপ্ন লুকিয়ে আছে তার বুকে;

সে এক সাহসি সৈনিক- যেন বিদ্রোহী লোরকা যেন মোলায়ঁসি
কিংবা পাবলো নেরুদা; মৃত্যুরে তার কীসের ভয়?
সে যেন একাই একশো, একাই সহস্র।
তাকে তাক করে আছে একশ' একটা রাইফেলের নল, যেন সে
দেশের কোন দুর্ধর্ষ ডাকাত, তাকে শেষ না করে রাষ্ট্রের স্বস্তি নেই।

সে নিরস্ত্র বুক পেতে দাঁড়ায়, মারো, মারো গুলি।
প্রথম গুলিটা তার বুকে বিদ্ধ হয়, তবু সে সোজা হয়ে দাঁড়ায় যেন
কিছুই হয়নি; তার বিশ্বাসই হচ্ছিল না তাকে কেউ গুলি করতে পারে।
তারপর আবার গুলি, আবার ...
সে মুখ থুবড়ে পড়ে যায় রাস্তায়। দু'চোখে অন্ধকার নেমে আসে-
সেই আবছা অন্ধকারে দেখতে পায়, তার মা ভাত নিয়ে তার জন্য
বসে আছে, বোনটা ভাইয়ের জন্য অস্থির দাঁড়িয়ে আছে
বারেন্দায়, বৃদ্ধ বাবা ছেলের টিউশনির টাকায় বাজার করবে বলে অপেক্ষায় আছে...

সাঈদের বুক না যেন রক্তে ভেজা বাংলাদেশ। তার রক্তের প্রতিটি
ফোঁটায় ঝরে পড়ে গুচ্ছ গুচ্ছ শোক, দ্রোহের আগুন। সেই আগুনে
অকাতরে শিশু কিশোর ছাত্র-জনতা আত্মাহুতি দেয়- এমনি
উর্বরা মাটি, এক সাঈদের লোকান্তরে লক্ষ সাঈদ জন্ম নেয়।

## মানচিত্রহীন জমি
### হাশিম কিয়াম

এক টুকরো মানচিত্রহীন জমি দাও, চাষাবাদ শিখে নিয়ে শস্য
ফলাবো, এতো খিদের আগুন কোন সাগরে ডোবাবো! পৃথিবীর
মানচিত্রে কামড়াকামড়ি করো, ফিরেও তাকাবো না, দুটি ঠোঁট
মায়ের শাড়ির সুতোয় সেলাই করেছি মহাবিশ্ব সৃষ্টির আগে,
চুপচাপ শুয়ে থাকি নিজের খোঁড়া কবরে, তুমি ডাকলে পুরোদমে
খুঁজেতে বেরিয়ে পড়বো কাঁচা নাড়ির বাসনা ছড়ানো মাটি যেখানে
পৃথিবী এসে আগলে রাখবে আমাদের ছন্নছাড়া
গানের কোকিল, একসুরে সবাই গেয়ে যাবো কাদামাটির গান,
কেউ কি বেজার মুখে জ্বলে মরবে আলোর সিংহাসনে!

## ধৈর্য
### তোফায়েল আহমেদ

হিমাদ্রি ঐ দ্যাখো বিপ্লবোত্তর বাংলার
আকাশে কেমন করে উঠেছে শুক্লপক্ষের বাঁকা চাঁদ,
আলোর বিচ্ছুরণ খেলায় মেতে উঠেছে
কেমন বাওড়, মেতে উঠেছে কেমন কপোতাক্ষ নদ.... ।
আর আমি রয়েছি পড়ে বৃত্তির তাগিদে
জ্যাম ঠেলে নাগরিক ব্যস্ততার ভীড়ে,
বুকে প্রেম নিয়ে বিপ্লোত্তর দেশে একাকী তুমি
আছো কেমন? আমাকে ছাড়া খুব দুরে.... ।
মানুষ কেমন জীব, কেমন করে
একাকীত্বের- তিক্ততার অনলে ধুঁকে ধুঁকে পুড়ে মরে;
কেমন করে আত্মিক অস্থিরতায় ভোগে;
বুকে পাথর বেঁধে দারিদ্রতার চাদর জড়িয়ে..... ।
মানবপ্রকৃতির স্বভাববিরুদ্ধে.... মানুষ
কেমন করে ব্যক্তহীন কত কষ্ট পায়,
রব মানুষের প্রচন্ড ধৈর্য্য না দিলে.... মানুষ
পার্থিব জীবনে কি যে করতো....! কে জানে হায়.... ।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

**Micro Credit ও Micro Finance**



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

**Southeast USA Group Inc.**

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372

Phone: 917-566-1612

www: southeastusagroup.com



নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিবেট





নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন

914-202-9828 / 914-222-9477 / 914-989-0089

**Gree Mechanical Yonkers**

1900 Central Park Ave, Yonkers, NY 10710



GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

# GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law

www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা

We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

**Call: 718-263-5999**

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

| Brooklyn | Jackson Heights |
|---|---|
| 20 Arlington Place<br>(Across the Fulton St.)<br>(Betw. Bedford & Nostrand Ave)<br>Brooklyn, NY 11216<br>Tel: 718-363-0100<br>Fax: 718-636-0112 | 70-17 37th Avenue<br>(Betw. 70 & 71st Street)<br>East Side of BQ Express Way<br>Jackson Heights, NY 11372<br>Tel: 718-363-0100<br>Fax: 718-636-0112 |

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি



# TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়

**ডাঃ কাজী জাফরি সাত্তার**
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস ( ইউনিক ডেন্টাল )

**আমরা বাংলায় কথা বলি**

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার

## এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠভংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

**আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?**

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যাট্রিয়েশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
**Tel: (212) 714-3599, (718) 408-3282,** Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
**Tel: (718) 662-0100,** Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



**SHEIKH SALIM**
Attorney at Law

## Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সংক্রান্ত
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

## Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
**Phone: 212-564-1619 / 347-873-5428**

## SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

**একাউন্টিং**
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

**ইমিগ্রেশন**
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized IRS e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
**রেজিষ্ট্রেশন**
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

## Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- **ইমিগ্রেশন** সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea NYSSEA

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক



**Tel: 718-440-6712**
**718-205-3460**
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

**37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377**

# ম্যানহাটনে বাংলাদেশীদের ল্যান্ডমার্ক মদিনা মসজিদ

*(শেষ পাতার পর)* ডেলিভারি কর্মী নয়, এখানে নামাজ পড়তে ও বিশ্রাম নিতে আসা লোকজনদের মধ্যে অনেকেই আছেন যারা উবার-ট্যাক্সি চালকসহ বিভিন্ন পেশায় নিয়োজিত। তারা সারাদিনের পরিশ্রমের ক্লান্তি কাটাতে প্রতিদিন প্রাচীনতম এ মসজিদে জড়ো হোন নিউইয়র্কে বিভিন্ন পেশায় নিয়োজিত মুসলিম কমিউনিটির লোকজন। এ ভাবেই মসজিদটি ৪ যুগ ধরে নিউইয়র্কের ম্যানহাটন সিটিতে মুসলিম কমিউনিটি ও সেখানকার কর্মজীবিদের স্বস্তির স্থান হিসেবে বেশ সমাদৃত।

জানা যায়, ৭০ দশকের দিকে এই এলাকায় ভারতীয় ও আমেরিকান মালিকানাধীন রেস্টুরেন্ট এবং বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে বাংলাদেশীসহ আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের মুসলমান ধর্মের লোকজন ম্যানহাটন সিটির ডাউনটাউনে কাজের জন্য প্রতিদিন আসতেন। তখন বিশেষ করে নামাজের জন্য বেশ বিড়ম্বনায় পড়তে হতো। তৎকালীন বাংলাদেশী প্রবাসী ইব্রাহীম চৌধুরীর উদ্যোগে ১৯৭৬ সালে ইস্ট ভিলেজের ফার্স্ট অ্যাভিনিউয়ের ১১ স্ট্রিটে ইসলামকি কাউন্সিল অব আমেরিকা মদিনা মসজিদটি প্রতিষ্ঠা করা হয়। ওই সময়ে এ মসজিদটি প্রতিষ্ঠার পূর্বে পুরো নিউইয়র্কে মাত্র একটি মসজিদ ছিলো। এটি নিউইয়র্কে ২য় তম এবং বাঙালি মুসলমান কমিউনিটি দ্বারা প্রতিষ্ঠিত ১ম মসজিদ। এ মসজিদটির সহযোগিতায় নিউইয়র্কে বাঙালি অধ্যুষিত কয়েকটি এলাকায় বাঙালি মুসলমান কমিউনিটির বেশ কয়েকটি মসজিদ প্রতিষ্ঠিত হয় এমনটি দাবি বর্তমান মসজিদ কর্তৃপক্ষের।  এ ছাড়াও ১৯৭৯ সালে বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমান নিউইয়র্ক সফরকালে মদিনা মসজিদে এসেছিলেন এবং মসজিদের উন্নয়ন কাজের জন্য অনুদানও প্রদান করেন।

সম্প্রতি সরেজমিনে গেলে দেখা যায়, প্রায় ৪ যুগ আগে নির্মিত মদিনা মসজিদটি নতুন করে ভবন সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। ৫ তলা ভবনের নির্মাণ কাজ চলার পাশাপাশি ভবনের গ্রাউন্ড ফ্লোর এবং ২ য় তলায় নামাজের ব্যবস্থা রয়েছে। গ্রাউন্ড ফ্লোরের এক পাশে রয়েছে ছোট্ট ওযুখানা এবং রেস্টরুম (বাথরুম)। ছোট্ট হওয়ায় ওযু ও রেস্টরুম ব্যবহারের জন্য অপেক্ষমান রয়েছেন বেশ কয়েকজন।

মসজিদের ভিতরে আছরের নামাজ শেষে বিশ্রাম নিচ্ছিলেন আবু হাবিব (৩৫) নামে আফ্রিকার গিনির নাগরিক। এক বছর আগে সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করে নিউইয়র্কে আসেন। অভিবাসন প্রত্যাশী আবু হাবিব জানান, নিউইয়র্কের ম্যানহাটনে ফুড ডেলিভারি কর্মী হিসেবে কাজ করেন। প্রতিদিন ফুড ডেলিভারির কাজ করে যখন ক্লান্ত হোন এবং নামাজের সময় হলে তিনি এখানে আসেন। নামাজ পড়ে কিছু সময় বিশ্রামও করেন। এ ছাড়া পর্যাপ্ত বাথরুম না থাকায় সিটিতে কাজ করতে গিয়ে বিপাকে পড়তে হয় তাকে। মসজিদের বাথরুম ব্যবহারের সুযোগ থাকায় এ বিড়ম্বনা থেকে মুক্তি পাওয়া যায়। মসজিদে নামাজের পাশাপাশি একটু বিশ্রাম নিয়ে সারাদিন এ এলাকায় কাজ করা যায় এবং আয়ও হয় বলে জানান হাবিব।

আছরের নামাজ শেষে মসজিদে বসে সারাদিনের দায়িত্বপালনের পরিসংখ্যান করছিলেন এনওয়াইপিডির ট্রাফিক কর্মকর্তা বাংলাদেশী বংশোদ্ভুত আহমেদ মনির। তিনি বলেন, ডাউনটাউনের বিভিন্ন স্ট্রীটে দায়িত্ব পালন করে আসছি। মদিনা মসজিদ থাকায় এ এলাকায় দায়িত্ব পালনের সময় নামাজ পড়তে পারি। পাশাপাশি দিনের দায়িত্ব শেষ করে এখানে বসে নিশ্চিন্তে পরিসংখ্যান করে অফিসে পাঠিয়ে দিতে পারি। এখানে কিছু সময় বসলে প্রশান্তি মিলে।

আহমেদ মনির বলেন, ম্যানহাটন সিটিতে যারা ট্যাক্সিক্যাব ও উবার চালক রয়েছেন, তাদের অধিকাংশই কুইন্স, স্ট্যাটেন আইল্যান্ড , ব্রুকলিন এবং ব্রঙ্কসের বাসিন্দা। ম্যানহাটন সিটিতে ট্যাক্সি চালানোর সময় ক্লান্ত হলে কিংবা নামাজ পড়ার সময় হলে মদিনা মসজিদে আসেন। নামাজ পড়ার পাশাপাশি একটু বিশ্রাম এবং মসজিদের রেস্টরুমও ব্যবহার করতে পারেন। এ ছাড়াও অন্য ধর্মের লোকজনও প্রয়োজনে মসজিদের রেস্টরুমটি ব্যবহার করতে পারেন।

বাংলাদেশী বংশোদ্ভুত সিরাজ চৌধুরী। থাকেন ব্রুকলিনে। ডাউটাউন এলাকায় তিনি কাজ করেন। সিরাজ চৌধুরী জানান, এ এলাকায় ৭০ দশকে তেমন বাঙালি ছিলেন না। বাংলাদেশী ইব্রাহিম চৌধুরীর হাত ধরে  মসজিদটি প্রতিষ্ঠার পর এই এলাকায় বাঙালি কমিউনিটির লোকজন বাড়তে থাকে। এক দশক আগেও এই ইস্ট ভিলেজে অনেক বাঙালি লোকজন বসবাস করতেন। তাছাড়া এ মসজিদকে কেন্দ্র করে মুসলমান বাঙালি কমিউনিটির লোকজনের আনাগোনায় এলাকাটি মুখর থাকতো সারাদিন। রমজান আসলে একসাথে কয়েক শতাধিক লোকজন এ মসজিদের আয়োজনে একত্রে ইফতার করতেন। ঈদের জামাতে প্রচুর বাঙালির উপস্থিতিতে মিলন মেলায় পরিণত হতো। ৯/১১ পরবর্তী সময়ে বাঙালি কমিউনিটির লোকজন নিউইয়র্কের বিভিন্ন বোরোতে এবং যুক্তরাষ্ট্রের অন্যান্য স্টেটে স্থানান্তরিত হয়ে যান। আমি কয়েক যুগ থেকে এই এলাকায় কাজ করি। মসজিদটির সুবাদে এখানে এসে নামাজ পড়তে পারি। এই মসজিদে বাঙালি ছাড়াও বিভিন্ন দেশের মুসলমানরা যারা এই এলাকা কেন্দ্রিক ব্যবসা ও কাজ করেন তারা নিয়মিত মদিনা মসজিদে নামাজ ও বিশ্রাম নিতে পারেন। ৪৮ বছর ধরে মসজিদটি নিউইয়র্কে বাঙালি ও মুসলমান কমিউনিটির ঐতিহ্য ধারণ করে আছে।

মসজিদের পরিচালনায় দায়িত্বরত হাফিজ জুলফিকুল চৌধুরী বলেন, আমি ১৯৮১ সাল থেকে এ মসজিদের সাথে জড়িত আছি। যখন ইমাম কিংবা মোয়াজ্জিন থাকেন না তখন মসজিদের আজান দেওয়া ও জামায়েতে নামাজে ইমামতি করি। ১৯৮৬ সালের পর মূলত মদিনা মসজিদকে ঘিরে বাঙালি মুসলিম কমিউনিটি বিস্তার লাভ করে এ এলাকায়। এছাড়া নিউইয়র্কের বসবাসকারী বিভিন্ন দেশের মুসলমানরাও এ মসজিদটি থাকায় নিয়মিত জামায়াতের মাধ্যমে নামাজ আদায় করতে পারেন। এখনো বিভিন্ন দেশ থেকে আসা মাইগ্রেন্ট মুসলিমরা মসজিদে নামাজের পাশাপাশি বিশ্রামও নিয়ে থাকেন। মসজিদের রেস্টরুমটি সবাই ব্যবহার করতে পারেন। এতে করে এ এলাকা ও আশেপাশের এলাকায় যারা ডেলিভারি ও ট্যাক্সি চালান এবং বিভিন্ন রেস্টুরেন্টে কর্মজীবি রয়েছেন তারা উপকৃত হোন।




**মসজিদে গিয়ে নামাজ আদায় করছেন মুসল্লিরা। আর কেউ কেউ ক্লান্তি কাটাতে নামাজ শেষে বিশ্রাম নিচ্ছেন**

মদিনা মসজিদের পরিচালনা কার্যকরী কমিটির সদস্য আব্দুল মোতালেব বাবু বলেন, মসজিদটি নিউইয়র্কে বাঙালি কমিউনিটির ঐতিহ্য। এখানে প্রতি ওয়াক্ত নামাজের সময় একাধিক জামায়াতের মাধ্যমে হাজারো মুসল্লিরা নামাজ পড়ে থাকেন। মসজিদটি অনেক পুরাতন। রেস্টরুম ও ওযুখানা অনেকটা ছোট। দুপুর থেকে মধ্যরাত পর্যন্ত শত শত লোক মসজিদের রেস্টরুম ও ওযুখানা ব্যবহার করে থাকেন। এ জন্য ওযু করতে ও রেস্টরুম ব্যবহার করতে অপেক্ষা করতে হয়। চাহিদা থাকায় মসজিদের সেবা এবং ইসলামিক কালচারাল সেন্টার চালুর জন্য বর্তমানে মসজিদটির সংস্কার ও ভবন সম্প্রসারণ কাজ শুরু করেছি। সংস্কার ও ভবন সম্প্রসারণ কাজ শেষ হলে এখানে একসাথে হাজারো মুসল্লি জামায়েতের সাথে নামাজ আদায় করতে পারবেন। এ ছাড়াও ইসলামিক কালচারাল সেন্টার চালু ইসলাম ধর্ম নিয়ে গবেষণা করতে আসা আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও উপকৃত হবেন। মসজিদটি মূলত বাঙালি মুসলিম কমিউনিটির অর্থায়নে পরিচালিত হয়।

মদিনা মসজিদের পরিচালনা কার্যকরী কমিটির বর্তমান সভাপতি অ্যাডভোকেট মোহাম্মদ নাসির উদ্দিন। তিনি এ মসজিদের প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত।

নাসির উদ্দিন বলেন, এ মসজিদটি নিউইয়র্কের বাঙালিদের প্রতিষ্ঠিত প্রথম মসজিদ। এর প্রতিষ্ঠাতা বাংলাদেশী ইব্রাহিম চৌধুরী। তিনি এ এলাকায় বসবাস এবং ব্যবসা পরিচালনা করতেন। ১৯৭৪ সালে তিনি প্রথম উদ্যোগ নেন এ মসজিদটি স্থাপনে। ১৯৭৬ সালে এটি ইসলামকি কাউন্সিল অব আমেরিকা নামে সিটি কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন পায়। তার সাথে বেশ কয়েকজন নিউইয়র্কে বসবাসকারী বাংলাদেশীরাও ভূমিকা নেন মসজিদ প্রতিষ্ঠায়। একসময় এ মসজিদকে ঘিরে মুসলমানদের ধর্মীয় উৎসব প্রতি ঈদে ১০টি জামায়াত আয়োজন হতো। এতে কয়েক হাজার লোকজন উপস্থিত হতেন। ৮০ দশকের পর মসজিদকে ঘিরে এ এলাকায় বাংলাদেশিদের উপস্থিতি বাড়তে থাকে। বর্তমানে এ এলাকায় বাংলাদেশী কমে গেলেও সিটিতে কর্মজীবি লোকজন মদিনা মসজিদে এসে নামাজ পড়েন, বিশ্রাম নেন ও রেস্টরুম ব্যবহার করেন। এতে তারা উপকৃত হোন।

তিনি বলেন, মসজিদটিতে বিশ্বের বিভিন্ন দেশের ইসালামী স্কলার্সরা আসেন। ইসলাম ধর্ম নিয়ে গবেষণা করার জন্য বিশ্ববিদ্যালয় থেকে অনেক শিক্ষার্থীরা আসেন। মসজিদটি নতুন করে সম্প্রসারণ করা হচ্ছে। এ কাজ শেষ হলে নিউইয়র্কের মধ্যে ঐতিহ্যবাহী ইসলামিক সেন্টার হিসেবে বাংলাদেশি কমিউনিটির প্রতিষ্ঠিত মদিনা মসজিদটি যুক্তরাষ্ট্র জুড়ে সমাদৃত হবে। মসজিদটির সম্প্রসারণ কাজ সম্পন্নের জন্য ফান্ড রাইজিংয়ের উদ্যোগ নেওয়া হয়েছে কমিটির পক্ষ থেকে। সম্প্রসারণ কাজ সম্পন্নের জন্য সকল ধর্মপ্রাণ মুসলমানরা এগিয়ে আসার অনুরোধ জানান তিনি।



# মুহাম্মাদ সা: এর বিশেষ দু'টো নুর

*(শেষ পাতার পর)* তা তার জন্য সে রাতের জন্য যতেষ্ট হবে। মুসলিম শরহে নবাবী ১ম খন্ড ২৭১ পৃষ্টায় বলেছেন, যতেষ্ট হওয়ার অর্থ হলো- রাতের নফল সালাত আদায় করা কিংবা শয়তানের অনিষ্ট থেকে কিংবা বিপদাপদ থেকে বাঁচার জন্য যতেষ্ট হওয়া। হাদীস একাডেমী সূরা বাকারার শেষ দু'আয়াত সংক্রান্ত হাদীস নং ১৭৬৫ ব্যাখায় বলেছেন: সুরা বাকারার শেষের দু'টি আয়াত প্রত্যক রাতে পাঠ করার বিষয়টি হলো: সুখময় জীবন লাভ এবং সমস্ত প্রকারের অমঙ্গল থেকে সুরক্ষিত হওয়ার উপাদান। প্রত্যেক রাতে পাঠ করলে মহান আল্লাহর সাথে মুসলিম ব্যক্তির ভরসা সঠিক পন্থায় দৃঢ় হয়। তাই মুসলিম ব্যক্তির জন্য এ দু'টো আয়াত অর্থসহ মুখস্থ করা উচিত।

আবদুল্লাহ ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন জিবরীল আ: নবী সা: এর কাছে বসেছিলেন। সে সময় তিনি উপর দিক থেকে দরজা খোলার একপা প্রচণ্ড আওয়াজ শুনতে পেয়ে মাথা উঠিয়ে বললেন: এটি আসমানের একটি দরজা। আজকেই এটি খোলা হ'ল-ইতোপূর্বে আর কখনো খোলা হয়নি। আর এ দরজা দিয়ে একজর মালায়িকাহ পৃথিবীতে নেমে আসলেন। আজকের এ দিনের আগে আর কখনো তিনি পৃথিবীতে আসেননি। তারপর তিনি সালাম দিয়ে বললেন: আপনি দুটো নূর বা আলোর সুসংবাদ গ্রহণ করুন। দুটো আপনাকে দেয়া হয়েছে, যা আপনার পূর্বে আর কোন নবীকে দেয়া হয়নি। আর ঐ দু'টি নূর হল, 'ফাতিহাতুল কিতাব বা সূরা আল ফাতিহা' এবং 'সূরা আল বাকারার শেষ অংশ'। এর যে কোন হরফ আপনি পড়বেন তার মধ্যকার প্রার্থিত বিষয় আপনাকে দেয়া হবে।"(মুসলিম:১৭৬২, আন্তর্জাতিক নং ৮০৬, বাবু ফাদায়েলুল কুরআন ওমা এতা'আল্লাকু বিহি, বাবু ফাদলিল ফাতিহাতে ওয়া খাওয়াতিমে সুরাতিল বাকারাহ....., ইফা:১৭৪৭, ই.সে:১৭৫৪)

আবু মাসউদ আল আনসারী রা: থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: যে ব্যক্তি সূরা আল বাকারার শেষের এ দু'টি আয়াত পড়বে তা সে রাতে ঐ ব্যক্তির জন্য যতেষ্ট হবে। এ হাদীসটির একজন বর্ণনাকারী আবদুর রহমান ইবনে ইয়াযীদ বর্ণনা করেছেন, একদিন আবু মাসউদ বাইতুল্লাহর তাওয়াফ করছিলেন এমন সময় আমি তাকে এ হাদীসটির বিষয়ে জিজ্ঞেস করলে তিনি আমাকে নবী সা: থেকে হাদীসটি বর্ণনা করে শুনালেন।(মুসলিম: ১৭৬৫, আন্তর্জাতিক নং ৮০৮, বাবু ফাদায়েলুল কুরআন ওমা এতা'আল্লাকু বিহি, বাবু ফাদলিল ফাতিহাতে ওয়া খাওয়াতিমে সুরাতিল বাকারাহ....., ইফা:১৭৫০, ই.সে:১৭৫৭)

প্রথম হাদীসটিতে বলা হয়েছে যে," এর যে কোন হরফ আপনি পড়বেন তার মধ্যকার প্রার্থিত বিষয় আপনাকে দেয়া হবে।" তাহলে আমাদেরকে জানতে হবে যে দুটি নূরে তথা সুরা ফাতিহা ও বাকারার শেষ আয়াতে আমরা আল্লাহর কাছে কি প্রার্থনা করছি। এবং সেই প্রার্থিত বিষয়ের দিকে লক্ষ্য রেখেই আমাদেরকে কায়মনোবাক্যে আল্লাহর কাছে চাইতে হবে। সুরা ফাতিহা আল কুরআনের সর্বশ্রেষ্ঠ দু'আ। এই সুরার মাধ্যমে আমরা প্রার্থনা করছি," প্রশংসা একমাত্র আল্লাহর জন্য যিনি নিখিল বিশ্ব-জাহানের রব। যিনি পরম দয়ালু ও করুণাময়। প্রতিদান দিবসের মালিক। আমরা একমাত্র তোমারই ইবাদাত করি এবং একমাত্র তোমারই কাছে সাহায্য চাই। তুমি আমাদের সোজা পথ দেখাও। তাদের পথ যাদের প্রতি তুমি অনুগ্রহ করেছো। যাদের ওপর গযব পড়েনি এবং যারা পথভ্রষ্ট হয়নি।"(সুরা ফাতিহা)

আমরা এ সুরায় প্রার্থনা করছি, হে রহমান-রহিম ও বিচার দিবসের মালিক! তুমি আমাদেরকে চিন্তা ও কর্মের সরল ও সুস্পষ্ট রাজপথটি দেখাও। জীবনের প্রত্যেকটি শাখা প্রশাখায় এবং প্রত্যেকটি বিভাগে, চিন্তা, কর্ম ও আচরণের এমন বিধি-ব্যবস্থা আমাদের শেখাও, যা হবে একেবারেই নির্ভুল, যেখানে ভুল দেখা, ভুল কাজ করা ও অশুভ পরিণামের আশংকা নেই, যে পথে চলে আমরা সাফল্য ও সৌভাগ্যের অধিকারী হতে পারি। কল্পিত দর্শনের গোলকধাঁধাঁর মধ্য থেকে যথার্থ ও নির্ভুল নৈতিক চিন্তা-দর্শন আমাদের সামনে উপস্থাপিত কর। যে পথে তোমার প্রিয়জনেরা চলে তোমার অনুগ্রহ লাভ করেছেন এবং সাফল্যের মঞ্জিলে পৌঁছতে পেরেছেন। তাঁরা বিভ্রান্ত হননি এবং তোমার গযবেও নিপতিত হননি।

সুরা আল বাকারার শেষ দু'আয়াতে আমরা প্রার্থনা করছি,"রাসুল তার রবের পক্ষ থেকে তার ওপর যে হিদায়াত নাযিল হয়েছে তার প্রতি ঈমান এনেছেন। আর যেসব লোক ঐ রাসুলের প্রতি ঈমান এনেছে তারাও ঐ হিদায়াতকে মনে প্রাণে স্বীকার করে নিয়েছে। তারা সবাই আল্লাহকে, তাঁর ফেরেশতাদেরকে, তাঁর কিতাবসমুহকে ও তার রাসুলদেরকে মানে এবং তাদের বক্তব্য হচ্ছে: "আমরা আল্লাহর রাসুলদের একজনকে আর একজন থেকে আলাদা করি না। আমরা নির্দেশ শুনেছি ও অনুগত হয়েছি। হে প্রভু! আমরা তোমার কাছে গোনাহ মাফের জন্য প্রার্থনা করছি। আমাদেরকে তোমারই দিকে ফিরে যেতে হবে।

আল্লাহ কারোর ওপর তার সামর্থ্যের অতিরিক্ত দায়িত্বের বোঝা চাপান না। প্রত্যেক ব্যক্তি যে নেকী উপার্জন করেছে তার ফল তার নিজেরই জন্য এবং যে গোনাহ সে অর্জন করেছে, তার প্রতিফলও তারই বর্তাবে।(হে ঈমানদারগণ, তোমরা এভাবে দু'আ চাও) হে আমাদের রব!ভুল-ভ্রান্তিতে আমরা যেসব গোনাহ করে বসি, তুমি সেগুলো পাকড়াও করো না। হে প্রভু! আমাদের ওপর এমন বোঝা চাপিয়ে দিয়ো না, যা তুমি আমাদের পূর্ববর্তীদের ওপর চাপিয়ে দিয়েছিলে। হে আমাদের প্রতিপালক! যে বোঝা বহন করার সামর্থ আমাদের নেই, তা আমাদের ওপর চাপিয়ে দিয়ো না। আমাদের প্রতি কোমল হও, আমাদের অপরাধ ক্ষমা করো এবং আমাদের প্রতি করুণা করো। তুমি আমাদের অভিভাবক। কাফেরদের মোকাবেলায় তুমি আমাদের সাহায্য করো।"(সুরা বাকারা:২৮৫-১৮৬)

আয়াত দু'টোতে প্রার্থীত বিষয়সমুহ:

এক, জীবন চলার পথে যদি কোন সময় ভুল-ভ্রান্তিতে পড়ে গোনাহ করে বসি, তাহলে তুমি গুলোর জন্য পাকড়াও করো না।

দুই, আমাদের পূর্ববর্তীরা তোমার পথে চলতে গিয়ে যেসব পরীক্ষা, ভয়াবহ বিপদ, দু:খ-দুর্দশা ও সংকটের সম্মুখীন হয়েছেন, তার হাত থেকে আমাদের রক্ষা করো। যদিও আল্লাহর রীতি হচ্ছে, যে ব্যক্তি সত্য ও ন্যায়ের অনুসরণ করার সংকল্প করেছে, তাকেই তিনি কঠিন পরীক্ষা ও সংকটের সাগরে নিক্ষেপ করেছেন এবং পরীক্ষার সম্মুখীন হলে মু'মিনদের কাজই হচ্ছে, পূর্ণ ধৈর্য ও দৃঢ়তার সাথে তার মোকাবেলা করা, তবুও মু'মিনকে আল্লাহ কাছে এই দু'আই করতে হবে যে, তিনি যেন তার জন্য সত্য ও ন্যায়ের পথে চলা সহজ করে দেন।

তিন, সমস্যা ও সংকটের এমন বোঝা আমাদের ওপর চাপাও, যা বহন করার ক্ষমতা আছে। আমাদের সহ্য ক্ষমতার বেশী দু:খ-কষ্ট-বিপদ আমাদের ওপর চাপিয়ে দিয়ো না। তাহলে আমরা সত্য পথ থেকে বিচ্যুত হয়ে যাবো।

চার, ইসলামী অনুশাসন কায়েমের সংগ্রামে বিপদ-আপদ ও জুলুম-নির্যাতন নেমে আসবেই। শারীরিক দুর্ভোগ ও আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হবে। এই সময় বিরুদ্ধবাদী শত্রুদের বিরুদ্ধে সামান্য তিক্ততা না দেখিয়ে আল্লাহর সাহায্য প্রার্থনা করতে হবে। যা রাসুলুল্লাহ সা: এর একটি বড় সুন্নাহ ছিল। চরম বিরোধীতার সময় তিনি আবেগ অনুভূতিকে কখনো অসংগত ও অনুপযোগী ধারায় প্রবাহিত না করে এই দু'আর ছাচে ঢালাই করেন।

একটি কথা মনে রাখতে হবে, দানকারী নিজেই যখন চাওয়ার পদ্ধতি বাতলে দেন, তখন তা পাওয়ার ব্যাপারে পূর্ণ নিশ্চিন্ত হওয়া যায়। তাই আর কুরআনের দু'আগুলো আমাদের জেনে থাকা ভালো। এ দূটো নূর উম্মতে মুহাম্মাদীর জন্য বিশেষ দুটো নিয়ামত। সুতরাং উল্লেখিত হাদীসের আলোকে এ আয়াতগুলোর উপর আমল করা উচিত।












# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com



# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

### স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

Authorised IRS e-file Provider

# KAKATUA AGENCY
# কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

## OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com
যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী



# মেঘনা ট্রাভেলস

## ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

## OUR SERVICES

**International & Domestic Tickets**
**Hajj & Umrah Special Package**
**Visa Processing**
**Money Transfer**

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



## ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

## Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

## Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
**TLC/Motor Vehicle Exam,**
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

# MAMUN'S TUTORIAL

MAMUNS TUTORIAL

: Directed by :
**SHEIKH AL MAMUN, Certified School Teacher**
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



## Our Programs:

**Summer Program will start from July 5th**

| | | |
|---|---|---|
| **SAT** | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get **25%** Discount<br>sign up by 4th July |
| **SHSAT** | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| **COMMON CORE MATH & ENGLISH** | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**
K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

*Quality Education Is Our Priority!*

# Highland Medical Care, PLLC



## Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

**Address**
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

# MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

**Appointment:**
**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

banglapatrikausa@gmail.com
সফলতার ২৮ বছরে বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

## আবশ্যক

**আবশ্যকঃ** ব্রঙ্কস এ অবস্থিত ইন্ডিয়ান রেস্টুরেন্টের জন্য একজন অভিজ্ঞ কারী শেফ আবশ্যক। যোগাযোগঃ ৩৪৭-৪৩২-১৫১৯।

**আবশ্যকঃ** জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

**লোক আবশ্যকঃ** Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

**লোক আবশ্যকঃ** সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (ঙাবৎ হরমযঃ) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

**আবশ্যকঃ** সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন-৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

**আবশ্যকঃ** ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০ অথবা রিজ্যুমি প্রেরণ করুন: southeasternmgm@gmail.com

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত মেডিকেল অফিসের জন্য অভিজ্ঞ রিসেপশনিষ্ট আবশ্যক। যোগাযোগ করুন: ৭১৮-৯৫৬-৩১০০, southeasternmgm@gmail.com

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত একটি মেডিকেল অফিসে নিম্নোক্ত পদে একজন MRI Technician আবশ্যক। প্রার্থীকে Toshiba Opart মেশিন চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। উপযুক্ত প্রার্থীকে উচ্চ বেতন দেওয়া হবে। যোগাযোগ : ৭১৮-৯৫৬-৩১০০ অথবা রিজ্যুমি প্রেরণ করুন : southeasternmgm@gmail.com

## পাত্র-পাত্রী

**পাত্রী চাই:**
বাংলাদেশে জন্ম আইটিতে কর্মরত শিক্ষিত ৩২ বছর বয়সী সিটিজেন ইঞ্জিনিয়ার পাত্রের জন্য পাত্রী আবশ্যক।

**যোগাযোগঃ**
**929-288-9461,**
**bmchoudhury1960@gmail.com**

**পাত্রী চাই:**
Handsome young bengali 30 (5'10") (Foundation of project management.)
Looking for a young Hindu u.s citizen girl for marriage.
Send current photo and information at :516-697-5975

## রুমমেট

**রুমমেট আবশ্যক :** নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

**রুমমেটঃ** এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

**রুমমেট আবশ্যকঃ** ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

**রুমমেটঃ** জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

**রুমমেটঃ** জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

**রুমমেটঃ** রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

**রুম ভাড়াঃ** ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

## বাসা ভাড়া

**বেসমেন্ট ভাড়াঃ**
৯৩-২৮ ১৯৭ স্ট্রীট, জ্যামাইকা, হলিস, নিউইয়র্ক-১১৪২৩ বেসমেন্ট -এ ১ বেড, ১ বাথ, লিভিং, ডাইনিং, কিচেনসহ ভাড়া হবে। ফোনঃ ৯১৭-৪৪৬-৮২৮৬.

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে, ১লা আগষ্ট থেকে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st ) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

**বাড়ি ভাড়াঃ**
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে। Right by the J, Z train line at Cleveland ST. Also close to A, C train line at Van Siclen আব.
যোগাযোগ : **917-495-1391**
**917-495-3908.**

## বাসা ভাড়া

**বাসা ভাড়া :**
ব্রুকলিনের ই-নিউইয়র্কে এলাকায় Van sicken subway থেকে ১ ব্লক দূরে (between Pitkin and Miller ave) ৩বেডরুমের বাসা ভাড়া হইবে (৩য় তালা)।
যোগাযোগ- রুবী ৮৪৮-৩৯১-৩৫৪০
ধন্যবাদ ।

**বাসা ভাড়াঃ**
কুইন্সের জ্যামাইকায় ২ বেড ১বাথ এবং ২ বেড ২ ব্যাথরুমের ২ টি বাসা অগাস্ট/সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগঃ রনজিত সাহা । ৩৪৭- ২৩৫-৭৩২২ (9am-11pm)

**বাসা ভাড়াঃ**
বাসা ভাড়া হবে। ৩২ ১৭, ৭২ স্ট্রীট, ১ম তলা, ইস্ট এলমহার্স্ট, নিউইয়র্ক-১১৩৭০ এ দুই বেডরুম এর বাসা ভাড়া হবে জুলাই থেকে। ভাড়া ২৬০০ ডলার।
যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-৫৯২৫.

**বাসা ভাড়াঃ**
August 1 তারিখ থেকে 82 Weldon st BROOKLYN NY 11208. ১ বেডরুম,লিভিং রুম,কিচেন ও এটিকসহ ভাড়া যাবে, বাসা EU CLID ট্রেন স্টেশন (A, C, J and Z) এবং বায়তুল মামুর মসজিদের পাশেই।
যোগাযোগঃ +১ (৬৪৬) ৩৯২-৬৫৮০.

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪,
৩৪৭-২৫৫ ৪৮৪৬.

**এপার্টমেন্ট ভাড়াঃ**
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪. ৭১৮-২০৫-৯৬৩৬.

**বাসা ভাড়া:**
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693.
যোগাযোগ : 347-635-0705.

**বেসমেন্ট ভাড়াঃ**
বেসমন্ট ভাড়া হবে। ভাড়া ১৬০০ ডলার। শুধু স্বামী-স্ত্রীর জন্যে অগ্রাধিকার। ৩৪-১৫ ৯১ স্ট্রীট। ৭ ট্রেন সংলগ্ন। ভাড়া এ মাস থেকে রেডি। কল করুন : ৩৪৭-৯৫২ ৬১৩৬.

**স্টুডিও ভাড়াঃ**
একটি স্টুডিও ভাড়া হবে। ১লা আগস্ট থেকে। মাত্র ২ মাসের জন্য। ৩৪ এভিনিউ এবং ৭৩ স্ট্রীট-এ। 347-345-5243, 347-653-0632.

**সেমিবেজমেন্ট ভাড়া :**
কুইন্সের উডসাইডে (৩১-১২, ৬০ স্ট্রিট) দুই বেডরুম, ইট-ইন কিচেন, বাথরুম (স্ট্যান্ডিং শাওয়ার)সহ একটি সেমিবেজমেন্ট আগামী পহেলা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ : ৯১৭-৬১৭-৪৯১৯।

**বাসা ভাড়াঃ**
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

**House for rent:**
(1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

**House for rent :**
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

**Apartment for rent:**
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

**Apartment for rent:**
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

## Help wanted:

GRAPHICS DESIGN WANTED. Need Experiences with Photoshop / Illustrator. We do payroll if you have work authorizing papers. Send resumes e-mail: mkamal951@gmail.com, Cell: 646-945- 6794. Al Print and Computer Center 17020A Hillside Ave NY 11432.



# অন্তর্বর্তী সরকারের মাস পূর্তি উপলক্ষ্যে প্রধান উপদেষ্টার ভাষণের পূর্ণ বিবরণ

*(৪ এর পাতা থেকে)* করা হবে। সাংবাদিক সাগর-রুনি হত্যাকাণ্ড বহুল আলোচিত ৫টি হত্যাকাণ্ডের তদন্ত ও বিচার অগ্রাধিকার ভিত্তিতে ও দ্রুততম সময়ে নিস্পত্তির জন্য সহায়তা প্রদান করা হচ্ছে।

সম্প্রতি আমরা বলপূর্বক গুম থেকে সকল ব্যক্তির সুরক্ষার জন্য আন্তর্জাতিক কনভেনশন সনদে স্বাক্ষর করেছি। ফলে স্বৈরাচার দ্বারা প্রতিষ্ঠিত 'গুম সংস্কৃতি'র সমাপ্তি ঘটানোর জন্য আন্তর্জাতিকভাবে প্রতিজ্ঞাবদ্ধ হলাম। এছাড়া আমরা ফ্যাসিবাদী শাসনের ১৫ বছরে গুমের প্রতিটি ঘটনা তদন্ত করার জন্য পৃথক একটি কমিশন গঠন করছি। যে-সব পরিবার তাদের নিখোঁজ পিতা, স্বামী, পুত্র এবং ভাইদের পাওয়ার জন্য বছরের পর বছর ধরে যন্ত্রণার সাথে অপেক্ষা করছেন, আমরা আপনাদের বেদনায় সমব্যথী।

আয়নাঘরগুলো বন্ধ করে দেওয়া হয়েছে। এবং সেই সাথে বের হয়ে আসছে ফ্যাসিস্ট হাসিনা সরকারের গুমের শিকার ভাইবোনদের কষ্ট ও যন্ত্রণা গাথা।

আমাদের তরুণ প্রজন্মের ভবিষ্যতে যেন উজ্জ্বল হয় সেটা নিশ্চিত করতে শিক্ষা ব্যবস্থার দিকে আমাদের পূর্ণ নজর রয়েছে। ইতোমধ্যে প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বর্তমানের ত্রুটিপূর্ণ শিক্ষাক্রম পরিবর্তন করা হয়েছে। বই সংশোধন এবং পরিমার্জনের কাজ শেষ পর্যায়ে আছে। এ সংস্কারের কাজ অব্যাহত থাকবে। বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চ প্রশাসনিক পদগুলো পূরণ করে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিচালনা বোর্ডে দখলদারিত্বের রাজনীতি বন্ধ করার ব্যবস্থাও নেয়া হয়েছে।

আপনারা নিশ্চয় লক্ষ্য করেছেন আমাদের প্রথম মাসে দেশের প্রায় সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং উপ-উপাচার্য মহোদয়গণ পদত্যাগ করেছেন। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটা বিরাট শূন্যতার সৃষ্টি করেছে। প্রথম মাসে আমরা ক্রমাগতভাবে প্রতিটি বিশ্ববিদ্যালয়ে সবার কাছে গ্রহণযোগ্য এমন উপাচার্য এবং উপ-উপাচার্য নিয়োগ দেয়ার কাজ শুরু করেছি। এর ফলে সকল সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন উদ্যমে কাজ শুরু করার পরিবেশ সৃষ্টি হয়েছে।

সংবাদমাধ্যম ও মত প্রকাশের পূর্ণ স্বাধীনতা ইতোমধ্যে নিশ্চিত করা হয়েছে। আমরা সবাইকে বলে দিয়েছি, আপনারা মন খুলে আমাদের সমালোচনা করেন। আমরা সবার মতামতের প্রতি শ্রদ্ধাশীল। মিডিয়া যাতে কোনো রকম বাধা বিপত্তি ছাড়া নির্বিঘ্নে তাদের কাজ করতে পারে সেজন্য একটি মিডিয়া কমিশন গঠন করা সরকারের সক্রিয় বিবেচনাধীন। আরো যে-সব কমিশন সরকারসহ অন্য সবাইকে জবাবদিহিতার আওতায় আনতে পারে, আমরা তাদের পুনর্গঠন ও সংস্কারের উদ্যোগ নিয়েছি যাতে তারা আরো শক্তিশালী হয়, জনকল্যাণে কাজ করে।

দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন দেশের সরকার প্রধান টেলিফোনে এবং শুভেচ্ছা বার্তা পাঠিয়ে আমাকে অভিনন্দন জানিয়েছেন। বিভিন্ন দেশের রাষ্ট্রদূত এবং হাইকমিশনার বৃন্দ আমার সাথে সাক্ষাৎ করে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির আশ্বাস দিয়েছেন। আমার অনুরোধে সংযুক্ত আরব আমিরাতে ৫৭ জন বাংলাদেশি যারা ফ্যাসিবাদ বিরোধী বিক্ষোভে অংশগ্রহণ করায় বিভিন্ন মেয়াদে কারাদণ্ডে দণ্ডিত হয়েছিলেন তাদের সাধারণ ক্ষমা ঘোষণা করেছেন সে দেশের সরকার। ইতোমধ্যে তাদের কয়েকজন দেশে ফিরে এসেছেন। এই ক্ষমা প্রদর্শন ছিল অতি বিরল একটি ঘটনা। এজন্য আমি সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছি আপনাদের সবার পক্ষ থেকে।

যে সমস্ত সরকার প্রধানের সঙ্গে আমার টেলিফোনে যোগাযোগ হয়েছে তাদের মধ্যে রয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। আমরা ভারত এবং অন্যান্য প্রতিবেশী রাষ্ট্র সমূহের সঙ্গে সুসম্পর্ক চাই। তবে সেই সম্পর্ক হতে হবে ন্যায্যতা এবং সমতার ভিত্তিতে। ভারতের সাথে আমরা ইতিমধ্যে বন্যা মোকাবেলায় উচ্চপর্যায়ের দ্বিপাক্ষিক সহযোগিতার আলোচনা শুরু করেছি। দক্ষিণ এশিয়ায় আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে আমি সার্ক রাষ্ট্র গোষ্ঠী পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছি।

আমরা চাই আমাদের দেশ যেন একটি গণতান্ত্রিক দেশ হিসেবে বিশ্বের কাছে সম্মানের সাথে পরিচিত হয়। দেশের পরিকল্পনা যেন দেশের মানুষ কেন্দ্রিক হয়, কোনো নেতা বা দল কেন্দ্রিক নয়। আমরা স্বৈরাচারী হাসিনা সরকারের অহেতুক কোটি কোটি টাকা ব্যয়ের প্রকল্প বাস্তবায়িত হতে দেখেছি যেগুলো কখনোই দেশের মানুষের জন্যে ছিল না, বরং এর সাথে জড়িত ছিল কুৎসিত আমিত্ব এবং বিশাল আকারের চুরি। চলমান এবং প্রস্তাবিত সকল উন্নয়ন প্রকল্পগুলোর যাচাই-বাছাই করার কাজ ইতিমধ্যে আমরা শুরু করেছি। প্রকল্প বাস্তবায়নের পর্যায় বিবেচনা করে বাকি কাজে ব্যয়ের সাশ্রয় এমনকি প্রয়োজনবোধে তা বাতিল করার কথা বিবেচনা করা হবে। দেশের মানুষকে আর ফাঁকি দেওয়া চলবে না। কর্মসংস্থান তৈরি করবে এমন প্রকল্পগুলোকে আমরা অগগ্রধিকার দেবো।

লুটপাট ও পাচার হয়ে যাওয়া অর্থ ফিরিয়ে আনার উদ্যোগ আমরা নিয়েছি। আর্থিক খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে একটা ব্যাংকিং কমিশনও গঠন করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। ব্যাংকিং খাতে এই একমাসে বিরাট পরিবর্তন এসেছে। আপনারা নিশ্চয় সেটা লক্ষ্য করেছেন। আমরা এই খাতে নিয়ম নীতি প্রতিষ্ঠা করতে পেরেছি। আরো অনেক কাজ বাকি রয়ে গেছে। প্রথম মাসের কাজ হিসেবে শুধু প্রধান কাজগুলি করেছি। তার সঙ্গে রয়েছে আরো অনেক পরবর্তী কাজ।

ফ্যাসিবাদী সরকার লুটপাট করার জন্য নতুন করে ষাট হাজার কোটি টাকা ছাপিয়ে বাজার ছাড়ার কারণে মুদ্রাস্ফীতির শিকার হয়েছে দেশের মানুষ। এই অতুলনীয় মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ অন্তর্বর্তী সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে পলিসি সুদের হার বৃদ্ধি করে ৯ শতাংশে উন্নীত করা হয়েছে। মূল্যস্ফীতি থেকে সাধারণ মানুষকে সুরক্ষা দেয়ার উদ্দেশ্যে ওএমএস, খাদ্যবান্ধব কর্মসূচিসহ সুলভ মূল্যে প্রান্তিক মানুষের কাছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহ চলমান রাখা হয়েছে। মূল্যস্ফীতি মোকাবিলায় চলতি অর্থবছরে চাল ও গম আমদানির জন্য ৫,৮০০ কোটি টাকা, অভ্যন্তরীণ সংগ্রহের জন্য ৮,৯০০ কোটি টাকা এবং খাদ্য ভর্তুকির তিনটি প্রোগ্রামের জন্য ৭,৩৬০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে সভা করে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে করণীয়সমূহ চিহ্নিত করা হচ্ছে।

পরিচালন ও উন্নয়ন ব্যয় যৌক্তিক পরিমাণে হ্রাস করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কৃষিপণ্য উৎপাদনের জন্য সার আমদানির ক্ষেত্রে প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা সরবরাহ নিশ্চিত করার পদক্ষেপ নেয়া হয়েছে। প্রকৃত চাষিগণ যাতে কৃষিঋণ পেয়ে থাকেন তা নিশ্চিত করার উদ্যোগ নেয়ার পাশাপাশি কৃষিঋণের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

মার্কিন ডলারের বিপরীতে টাকার বিনিময় হার স্থিতিশীল রাখার লক্ষ্যে বৈদেশিক মুদ্রার বিনিময় হারকে বাজারভিত্তিক করা হয়েছে। কালো টাকা সাদা করার অনৈতিক অনুমতি বাতিল করা হয়েছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি করতে বিভিন্ন উন্নয়ন সহযোগীদের কাছ থেকে বাজেট সাপোর্ট চাওয়া হয়েছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল থেকে অতিরিক্ত ৩ বিলিয়ন মার্কিন ডলার, বিশ্ব ব্যাংক থেকে অতিরিক্ত ১ বিলিয়ন মার্কিন ডলার, জাইকা থেকে অতিরিক্ত ১ বিলিয়ন মার্কিন ডলার প্রদানের অনুরোধ করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের অগ্রিমের অর্থ পরিশোধ এবং বকেয়া পাওনা নিয়ে রাশিয়ান ফেডারেশনের সাথে অর্থ মন্ত্রণালয়ের আলোচনা চলছে।

পাইপলাইনে থাকা ৪৮ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক সহায়তা ব্যবহারের উদ্যোগ নেয়া হয়েছে। মেগাপ্রকল্পের নামে লুটপাট বন্ধের পাশাপাশি স্বাস্থ্য ও শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভের উপর চাপ কমানোর লক্ষ্যে রাশিয়া এবং চীন থেকে প্রাপ্ত ঋণের সুদের হার কমানো এবং ঋণের মেয়াদ বৃদ্ধির জন্য অনুরোধ জানানো হয়েছে। সকল উন্নয়ন সহযোগীদের সাথে সম্পর্ক আরও নিবিড় করার উদ্যোগ নেয়া হয়েছে। সকল অর্থনৈতিক সূচক এবং পরিসংখ্যানের প্রকৃত মান বা সংখ্যা প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। জিডিপি, মূল্যস্ফীতি ইত্যাদির সঠিক উপাত্ত সংগ্রহ, প্রাক্কলন এবং প্রকাশের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড এবং অর্থ বিভাগের রাজস্ব আয় সম্পর্কিত উপাত্তের মধ্যে পার্থক্য নিরসনে উদ্যোগ নেয়া হয়েছে। প্রকৃত রপ্তানি আয় নিরূপণ এবং প্রকাশের নির্দেশনা দেয়া হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের অটোমাইজেশনের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। পুঁজি বাজারকে স্বাভাবিক ধারায় ফিরিয়ে আনতে সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন পুনর্গঠন করা হয়েছে।

নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রীর সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার নিমিত্ত ব্যবসায়ী, শিল্প মালিক ও ব্যবসায়ী সংগঠনের সাথে সভা করা হয়েছে এবং তাদের মতামতের ভিত্তিতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বিদ্যমান মজুদ ও ঘাটতি মূল্যায়ন করে ও ভবিষ্যৎ চাহিদা পর্যালোচনা করে স্থানীয় উৎপাদন বৃদ্ধির পাশাপাশি আমদানি পর্যায়ে বিভিন্ন জটিলতা দূরীকরণ, বন্দর ও বড় মোকামসহ পরিবহণ ব্যবস্থার বিভিন্ন সমস্যা সমাধানে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, দপ্তর, বিভাগকে প্রয়োজনীয় নির্দেশ ও নির্দেশনা দেয়া হয়েছে। এজন্য তেল, চিনি, ডিম ও মাংস উৎপাদনকারী বৃহৎ প্রতিষ্ঠানসমূহের সাথে সভা ও মতবিনিময় করা হয়েছে।

নিত্যপ্রয়োজনীয় কিছু দ্রব্যাদি, যেমন পেঁয়াজ, আলু এসবের দাম আরো কমানোর জন্য বিদ্যমান শুল্কহার হ্রাসের বিষয়ে এনবিআরকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। ইতোমধ্যে এনবিআর পেঁয়াজ, আলু ও কতিপয় কীটনাশকের ক্ষেত্রে আমদানি শুল্ক হ্রাস ও ক্ষেত্রবিশেষে রেগুলেটরি শুল্ক প্রত্যাহার করে এসআরও জারি করেছে। নিম্ন আয়ের এক কোটি পরিবারকে টিসিবির মাধ্যমে হ্রাসকৃত মূল্যে কিছু পণ্য, যেমন পরিবার প্রতি চাল মাসে ৫ কেজি, সয়াবিন তেল মাসে ২ কেজি ও মসুর ডাল মাসে ২ কেজি দেয়া হচ্ছে। এটি সামনের দিনগুলোতে অব্যাহত রাখা হবে।

সরকার দায়িত্ব গ্রহণের পর জনপ্রত্যাশা অনুযায়ী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি আইনের অধীন চলমান সকল প্রকার নেগোসিয়েশন, প্রকল্প বাছাই এবং ক্রয় প্রক্রিয়াকরণ কার্যক্রম আপাতত স্থগিত করা হয়েছে। গত দেড় দশকে এই আইন ব্যবহার করে লক্ষ কোটি টাকা লুটপাট হয়েছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন কোম্পানিসমূহে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা আনার লক্ষ্যে কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। প্রকৌশল, ভূতত্ত্ব ও খনিজ এবং হিসাব বিষয়ে অধ্যয়ন করেছে এমন ছাত্র প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ খাতে অধিকতর সক্ষমতা, গতিশীলতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। *(বাকি অংশ ২৮ এর পাতায়)*


ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ডাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

( Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নার্স পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw, Drew St & Forbell St. City Line)
718-235-6438



AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

# অন্তর্বর্তী সরকারের মাস পূর্তি উপলক্ষ্যে প্রধান উপদেষ্টার ভাষণের পূর্ণ বিবরণ

*(২৭ এর পাতা থেকে)* জ্বালানি তেলের মূল্য জনপ্রত্যাশা অনুযায়ী সহনশীল রাখতে অকটেন ও পেট্রোলের দাম ৬ টাকা এবং ডিজেল ও কেরোসিনের দাম ১.২৫ টাকা কমানো হয়েছে। ৩৭ দিন বন্ধ থাকার পর গত ২৫ আগস্ট হতে মিরপুর-১০ ও কাজীপাড়া স্টেশন ছাড়া বাকি সব স্টেশনে মেট্রোরেল পুনরায় চালু করা হয়েছে।

ভুয়া মুক্তিযোদ্ধাদের চিহ্নিত করার লক্ষ্যে, বিশেষ করে মুক্তিযুদ্ধের সময় যাদের বয়স সাড়ে বারো বছরের কম ছিল, তাদের মুক্তিযোদ্ধা তালিকা হতে বাতিলের জন্য সুপ্রিম কোর্টে লিভ টু আপিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আওতাধীন বেদখলকৃত স্থাবর সম্পত্তি উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক পৃহিত বরিশাল, রংপুর, ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ আইন এর খসড়া তৈরির কার্যক্রম নেয়া হয়েছে। পূর্বাচল নতুন শহর প্রকল্প ও ঢাকার আশেপাশে স্যাটেলাইট সিটি নির্মাণের রোডম্যাপ চূড়ান্তকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। বিধি বহির্ভূত প্রদত্ত প্লট ও ফ্ল্যাটের বরাদ্দ বাতিলের উদ্যোগ নেয়া হয়েছে।

প্রিয় দেশবাসী,

আপনাদের আমাদের সন্তানদের জন্য একটি গণতান্ত্রিক বাংলাদেশের রূপরেখা তৈরি করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। আর যেন আমাদের কোন স্বৈরাচারের হাতে পড়তে না হয়, আমরা যাতে বলতে পারি আমরা একটি গণতান্ত্রিক দেশে বসবাস করি, আমরা যাতে সকলেই দাবি করতে পারি যে এই দেশটি আমাদের- আমরা সেই লক্ষ্যেই কাজ করছি। কেউ আইন নিজের হাতে তুলে নিবেন না। আইন নিজের হাতে তুলে নিয়ে কেউ সমাজে বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি করলে আমরা তাকে অবশ্যই শাস্তির আওতায় নিয়ে আসবো। আমরা একটি সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। ধর্মীয় সম্প্রীতি বিনষ্ট হয় এমন কোন কাজ কেউ কোনো ভাবেই করবেন না।

অতীতে শুধুমাত্র আওয়ামী মতাদর্শী না হওয়ার কারণে ২৮তম থেকে ৪২তম বিসিএস পর্যন্ত বিপিএসসি কর্তৃক সুপারিশকৃত অনেক প্রার্থী নিয়োগ বঞ্চিত হয়েছেন। ৮ আগস্ট পরবর্তী সময়ে এর মধ্যে ২৫৯ জনকে নিয়োগ দেওয়া হয়েছে। মাঠ প্রশাসনকে জনবান্ধব, দুর্নীতিমুক্ত ও জবাবদিহিমূলক ভাবে গড়ে তোলার জন্য সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি কর্মচারীদের বাধ্যতামূলকভাবে সম্পদ বিবরণী দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। এবং এটা প্রতি বছর তাদের করতে হবে।

ধ্বংস হয়ে পড়া একটা জনপ্রাসনকে নিয়ে যাত্রা শুরু করেছি। মন্ত্রনালয়গুলোর উচ্চতম পদে যারা নিয়োজিত ছিলেন তারা অনেকে দায়িত্ব ছেড়ে চলে গেছেন কিংবা পদে থাকলেও সহকর্মীদের চাপের মুখে কাজ করতে পারছিলেন না। বাধ্য হয়ে পদত্যাগ করেছেন। আর যারা ১৬ বছরের স্বৈরাচারী শাসনের আমলে পদত্যাগে বাধ্য হয়েছিলেন কিংবা দায়িত্ববিহীন অবস্থায় একই পদে থেকে যেতে বাধ্য হয়েছেন তাদের সবার কথা বিবেচনায় নিয়ে জনপ্রশাসনকে নতুন করে দাঁড় করানোই ছিল আমাদের কঠিনতম সময়। আবার সকল সমস্য সমাধান করে একটি নতুন জনপ্রশাসন কাঠামো দাঁড় করাতে পেরেছি এটাই আমাদের প্রথম মাসের সবচাইতে বড় অর্জন। আমার বিশ্বাস এই জনপ্রশাসন জনগণের ইচ্ছা পূরণে সর্বোচ্চ অবদান রাখতে পারবে।

অতি স্বল্প জনবল নিয়ে দাপ্তরিক কার্যক্রম শুরু করা হলেও প্রথম দিকে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ থেকে পাঠানো বিবিধ প্রস্তাব বিষয়ে দ্রুত গতিতে এবং আইনগত সমস্ত বাধ্যবাধকতা মেনে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত একমাসে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ ১৯৮টি অতি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। জন প্রশাসনের ১৩৫ জন অতিরিক্ত সচিব, ২২৭ জন যুগ্মসচিব ও ১২০ জন উপসচিবকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ৫৯ টি জেলার জেলা প্রশাসককে প্রত্যাহার করা হয়েছে এবং নতুন ৫৯ জন জেলা প্রশাসককে নিয়োগ দেওয়া হয়েছে। ৬৭ জন কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হয়েছে। ১০ জন যুগ্ম সচিব, ৮ জন অতিরিক্ত সচিব ও ৬জন সচিবকে ওএসডি করা হয়েছে। বাংলাদেশ পুলিশের ৮০ জন ডিআইজি, ৩০ জন পুলিশ সুপার সহ ১১০ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ১ জন ডিআইজি, ১ এডিশনাল ডিআইজি এবং ৪ জন পুলিশ সুপারকে চাকরিতে পুনর্বহাল করা হয়েছে। আইজিপিসহ ১০ জন অতিরিক্ত আইজি, ৮৮ জন ডিআইজি, ২১ জন এডিশনাল ডিআইজি এবং ১৭৭ জন পুলিশ সুপারসহ মোট ২৯৭ জন কর্মকর্তাকে বদলি করা হয়েছে।

ছাত্র, শ্রমিক, জনতার বিপ্লবের মূল লক্ষ্য ছিল গণভবন। এটা ছিল স্বৈরাচারের কেন্দ্রবিন্দু। এই সরকার বিপ্লবের প্রতি সম্মান দেখিয়ে গণভবনকে বিপ্লবের জাদুঘর হিসেবে ঘোষণা দিয়েছে। ছাত্র-জনতার ক্ষোভকে স্থায়ীভাবে তুলে ধরার জন্য গণভবনের আর কোনো সংস্কার করা হবে না। ছাত্র-জনতার ক্ষোভের মুখে তা যে অবস্থায় দাঁড়িয়ে ছিল সে অবস্থায় তাকে রাখা হবে। যে-সব মূল্যবান সামগ্রী জনতা নিয়ে গিয়েছিল সেগুলো অনেকে ফেরত দিয়ে গেছে। যারা নিয়ে গিয়েছিল তারা নিজেরাই ফেরত দিয়ে গেছে। তাদের আমরা দেশবাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আরো কিছু জিনিস পাওয়া যায়নি। যার নিয়ে গিয়েছেন তাদের কাছে অনুরোধ করবো তারা যেন এসব সামগ্রী ফেরত দিয়ে যান। আমার উল্লেখ করবো যে এসব বিক্ষুব্ধ জনতা নিয়ে গিয়েছিল, কিন্তু বিজয়ের পর তারা আবার জাদুঘরের প্রতি সম্মান দেখিয়ে এগুলো ফেরত দিয়ে গিয়েছে।

আমরা নতুন বাংলাদেশকে একটি পরিবেশ বান্ধব এবং জীব বৈচিত্র্যময় দেশ হিসাবে গড়ে তলার উদ্যোগ নিয়েছি। এটি তরুণদের আকাক্ষা। আমাদের সবারই আকাক্ষা। সেই লক্ষ্যে আমি প্রথমেই একটি ক্ষুদ্র পদক্ষেপ নিয়েছি। আমার বাসভবন ও সমগ্র সচিবালয়ে প্লাস্টিকের পানির বোতল ব্যবহার নিষিদ্ধ করেছি। ইতিমধ্যে সুপার শপ গুলোতে পলিথিনের শপিং ব্যাগ ব্যবহার বন্ধ করার উদ্যোগ নেওয়া হয়েছে। গত কয়েক দশকে যে পরিমাণ নদী দূষণ হয়েছে, আমরা তা বন্ধ করার উদ্যোগ নিয়েছি।

আমরা সংস্কার চাই। আমাদের একান্ত অনুরোধ, আমাদের উপর যে সংস্কারের গুরু দায়িত্ব দিয়েছেন, সেই দায়িত্ব দিয়ে আপনারা দর্শকের গ্যালারিতে চলে যাবেন না। আপনারা আমাদের সঙ্গে থাকুন। আমরা একসঙ্গে সংস্কার করবো। এটা আমাদের সবার দায়িত্ব। আপনারা নিজ নিজ জগতে সংস্কার আনুন। একটা জাতির সংস্কার শুধুমাত্র সরকারের সংস্কার হলে হয় না। আপনি ব্যবসায়ী হলে আপনার ব্যবসায় সংস্কার আনুন। ব্যবসায়ী গোষ্ঠিরা তাদের নিজ নিজ সমিতির মাধ্যমে সংস্কার আনুন। সমিতিতে সংস্কার আনুন। নতুন করে সমিতির গঠনতন্ত্র সংশোধন করুন। আপনি শ্রমিক হলে আপনার ক্ষেত্রে আপনি সংস্কার করুন। আপনি রাজনৈতিক নেতা-কর্মী হলে আপনার ক্ষেত্রে সংস্কার করুন। আপনি প্রতিষ্ঠান প্রধান হলে আপনার প্রতিষ্ঠানে সংস্কার আনুন। আমি এটাকে সুযোগ হিসেবে গ্রহণ করার জন্য সবাইকে আহবান জানাচ্ছি। এই সংস্কারের মাধ্যমে আমরা জাতি হিসেবে নতুনভাবে যাত্রা শুরু করতে চাই। আমাদের এই যাত্রা আমাদের পৃথিবীর একটি সম্মানিত জাতি হিসেবে প্রতিষ্ঠিত করুক এটাই আমাদের সবার কাম্য।

বিগত মাসে আমি বেশ কিছু রাজনৈতিক দলের সঙ্গে পৃথকভাবে বসেছি। তাঁদের সঙ্গে মতামত বিনিময় করেছি। তারা আমাদের উৎসাহিত করেছেন। ছাত্র, শ্রমিক জনতার বিপ্লবের লক্ষ্যের প্রতি সমর্থন জানিয়েছেন। সংস্কারের কাজে পূর্ণ সহযোগতিা দেওয়ার আশ্বাস দিয়েছেন। আমি দেশের বিশিষ্ট সম্পাদকবৃন্দের সঙ্গে মত বিনিময় করেছি। তারাও সংস্কারের কাজে পূর্ণ সহযোগতিা দেওয়ার আশ্বাস দিয়েছেন। তারা বিভিন্ন বিষয়ে মূল্যবান পরামর্শ দিয়েছেন। সবার পরামর্শ নিয়ে এখন আমাদের অগ্রসর হওয়ার পালা। আমি বিশিষ্ট ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেছি। তাদের কাছে আমাদের সরকারের লক্ষ্যগুলি ব্যাখ্যা করেছি। তারাও আমাদের লক্ষের সঙ্গে একমত প্রকাশ করেছেন।

আপনার জানেন ছাত্র শ্রমিক জনতার ঐতিহাসিক জুলাই গণঅভ্যুত্থানের মুখে এবং হাজারো মানুষের আত্মদানের বিনিময়ে বাংলাদেশে ফ্যাসিস্ট সরকারের পতন হয়েছে। এই গণঅভ্যুত্থানের বার্তা ও আকাঙ্খা বাস্তবায়নের জন্য একটি অভূতপূর্ব সময় ও সুযোগ আমরা এর মধ্যে দিয়ে অর্জন করেছি। এর বাস্তবায়ন তথা বাংলাদেশে ফ্যাসিজম বা স্বৈরতান্ত্রিক শাসন পুনরাবৃত্তির আশঙ্কা রোধ এবং জনমালিকানা ভিত্তিক, কল্যাণমুখী ও জনস্বার্থে নিবেদিত একটি রাষ্ট্রব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে কিছু জাতীয়ভিত্তিক সংস্কার সম্পন্ন করা জরুরি হয়ে পড়েছে। উক্ত সংস্কার ভাবনার অন্যতম কেন্দ্রবিন্দু হচ্ছে সুষ্ঠু নির্বাচন ব্যবস্থা ও সুশাসন প্রতিষ্ঠা করা।

আমরা যেহেতু জনগণের ভোটাধিকার ও জনগণের মালিকানায় বিশ্বাস করি, সেহেতু নির্বাচন ব্যবস্থার উন্নয়নে আমাদের সংস্কার ভাবনায় গুরুত্ব পেয়েছে। আমরা মনে করি নির্বাচনের নামে সংখ্যাগরিষ্ঠতার একাধিপত্য ও দুঃশাসন মানুষের ওপর চাপিয়ে দেয়া বা এর মাধ্যমে এক ব্যক্তি বা পরিবার বা কোনো গোষ্ঠীর কাছে সকল ক্ষমতা কুক্ষিগত করে রাখা কোনোক্রমেই গ্রহণযোগ্য নয়। এসব আশঙ্কা রোধ করার জন্য নির্বাচনের সাথে সম্পর্কিত নির্বাচন কমিশনসহ অন্যান্য প্রতিষ্ঠানগুলোর সংস্কারের কথা আমরা ভাবছি। নির্বাচনব্যবস্থার সাথে সম্পর্কিত প্রতিষ্ঠান হিসেবে পুলিশ প্রশাসন, জনপ্রশাসন, বিচার প্রশাসন, দুর্নীতি দমন কমিশন এই চারটি প্রতিষ্ঠানের সংস্কার করা সুষ্ঠু ও অবাধ নির্বাচনের জন্য অপরিহার্য। এসব প্রতিষ্ঠানের সংস্কার জনমালিকানা ভিত্তিক, জবাবদিহিমূলক ও কল্যাণমূলক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠায়ও অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

এর পাশাপাশি করে সমাজের সকল স্তরের মানুষের প্রতিনিধিত্ব ও স্বার্থ নিশ্চিত করার জন্য এবং জুলাই গণঅভ্যুত্থানের বার্তাকে প্রতিফলিত করার জন্য সাংবিধানিক সংস্কারের প্রয়োজন আমরা অনুভব করছি।

এসব বিষয়ে সংস্কার করার প্রাথমিক পদক্ষেপ হিসাবে আমরা প্রাথমিকভাবে ছয়টি কমিশন গঠন করার সিদ্ধান্ত নিয়েছি। এসব কমিশনের কাজ পরিচালনার জন্য বিষয়ভিত্তিক অভিজ্ঞতা বিবেচনা করে ছয়জন বিশিষ্ট নাগরিককেএই কমিশনগুলি পরিচালিনা করার দায়িত্ব দিয়েছি। এর পর আরো বিভিন্ন বিষয়ে কমিশন গঠন প্রক্রিয়া আমরা অব্যাহত রাখবো।

নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন ড. বদিউল আলম মজুমদার, পুলিশ প্রশাসন সংস্কার কমিশনের প্রধান হিসেবে কাজ করবেন জনাব সফর রাজ হোসেন, বিচার বিভাগ সংস্কার কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন বিচারপতি শাহ আবু নাঈম মমিনুর রহমান, দুর্নীতি দমন সংস্কার কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন ড. ইফতেখারুজ্জামান, জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান হিসেবে জনাব আবদুল মুয়ীদ চৌধুরী, সংবিধান সংস্কার কমিশনের প্রধান হিসেবে ড. শাহদীন মালিক দায়িত্ব পালন করবেন।

এসব কমিশনের অন্য সদস্যদের নাম কমিশন প্রধানদের সাথে আলোচনা করে ঠিক করা হবে। কমিশনগুলোর আলোচনা ও পরামর্শসভায় উপদেষ্টা পরিষদের সদস্য, ছাত্র, শ্রমিক, জনতা আন্দোলনের প্রতিনিধি, নাগরিক সমাজ ও রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন।

পূর্ণাঙ্গভাবে গঠিত হওয়ার পর কমিশন আনুষ্ঠানিকভাবে তার কাজ আগামী পহেলা অক্টোবর থেকে শুরু করতে পারবে বলে আশা করছি এবং এটি পরবর্তী তিন মাসের মধ্যে সম্পন্ন হবে বলে আমরা ধারণা করছি। কমিশনের রিপোর্টের ভিত্তিতে সরকার পরবর্তী পর্যায়েপ্রধান রাজনৈতিক দলগুলোর সাথে পরামর্শসভার আয়োজন করবে। চূড়ান্ত পর্যায়ে ছাত্র সমাজ, নাগরিক সমাজ, রাজনৈতিক দলের প্রতিনিধি, সরকারের প্রতিনিধি নিয়ে ব্যাপকভিত্তিক তিন থেকে সাত দিনব্যাপী একটি পরামর্শসভার ভিত্তিতে সংস্কার ভাবনার রূপরেখা চূড়ান্ত করা হবে। এতে এই রূপরেখা কীভাবে বাস্তবায়ন হবে তার একটি ধারণাও দেওয়া হবে।

এই আয়োজন জুলাই গণঅভ্যুত্থানের বার্তা বাস্তবায়ন এবং রাষ্ট্র পুনঃনির্মাণ তাগিদের ঐক্যবন্ধনে গোটা জাতিকে শক্তিশালী ও আশাবাদী করে তুলবে বলে আমাদের বিশ্বাস।

প্রিয় দেশবাসী,

আমাদের সামনে অনেক কাজ। সবাই মিলে একই লক্ষ্যে আমরা অগ্রসর হতে চাই। আমাদের মধ্যে, বিশেষ করে আমাদের নতুন প্রজন্মের মধ্যে যে সুপ্ত প্রতিভা লুকিয়ে আছে সেটা যেন বিনা বাধায়, রাষ্ট্রের এবং সমাজের সহযোগিতায় প্রকাশ করতে পারি সেই সুযোগের কাঠামো তৈরি করতে চাই। সকলে মিলে আমাদের পরিবারের প্রতিটি সদস্যকে, সে ঝাড়ুদার হোক, ছাত্র হোক, শিক্ষক হোক, যে কোনো ধর্মের হোক, সবার সমান অধিকার নিশ্চিত করতে চাই। এই হলো আমাদের সংস্কারের মূল লক্ষ্য। আসুন ছাত্র, শ্রমিক, জনতার এই বিপ্লবের লক্ষ্যকে আমরা দ্রুত বাস্তবায়ন করি।

আমাদের প্রথম মাসে আমরা যে গতিতে, যে উদ্যম নিয়ে কাজ এগিয়ে নিয়ে যাওয়ার কথা চিন্তা করেছিলাম হয়ত সেটা করতে পারিনি বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে। দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা গেলে আশা করি আমরা আমাদের গতি অনেক বাড়াতে পারবো। এজন্য দেশের সকল মানুষের কাছে- শিক্ষক, ছাত্র-ছাত্রী, কৃষক, শ্রমিক, পেশাজীবী, বড় ব্যবসায়ী, ক্ষুদ্র ব্যবসায়ী, দিন মজুর, গৃহিণী সকলের সহযোগিতা চাইছি।


আমাদের কাজ বড় কঠিন, কিন্তু জাতি হিসেবে এবার ব্যর্থ হওয়ার কোনো অবকাশ আমাদের নেই। আমাদের সফল হতেই হবে। এই সাফল্য আপনাদের কারণেই আসবে। আপনার সহযোগিতার কারণে আসবে। আমাদের কাজ হবে আপনার, আমার স্বপ্নকে বাস্তবে রূপায়িত করা। এখন আমরা দ্বিতীয় মাস শুরু করছি। আমাদের দ্বিতীয় মাসে যেন আপনাদের মনে দৃঢ় আস্থার সৃষ্টি করতে পারি সে চেষ্টা করে যাবো।

ধৈর্য ধরুন এই কথাটি আমি মোটেই আপনাদের বলবোনা। আমরা সবাই অধৈর্য হয়ে পড়েছি এতসব কাজ কখন যে শেষ হবে এটা চিন্তা করে। আমরা অধৈর্য হবো। কেন হবো না। কিন্তু সঠিকভাবে কাজ করবো। কাজে কোন অধৈর্যের চিহ্ন রাখবো না।

প্রিয় দেশবাসী, দেশের শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী, ছাত্র-ছাত্রী বয়স্ক, বৃদ্ধ, পুরুষ, মহিলা সবাইকে আবারও আমার সালাম জানাচ্ছি।

আসসালামু আলাইকুম।

আপনাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। মহান আল্লাহ আমাদের সকলের সহায় হোন।






# সময় স্বল্পতায় সংবর্ধনা অনুষ্ঠান না হওয়ার সম্ভাবনা

*(৩য় পাতার পর)* ও কনস্যুলেটে যোগাযোগ করছেন। গত ৭ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের একটি পার্টি সেন্টারে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় এসব তথ্য বলা হয়েছে।

বৈষম্যবিরোধী প্রবাসী সচেতন নাগরিক সমাজ ও প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজের ব্যানারে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান উপদেষ্টাকে সংবর্ধনা, তাঁকে বিমানবন্দর ও জাতিসংঘে ভাষণদানকালে স্বাগত জানানোর বিষয়াদি আলোচনায় স্থান পায়। সভায় আলোচনা হয়, সরকার প্রধান ড. ইউনূস ৫ দিনের সফরে আগামী ২২ সেপ্টেম্বর রোববার নিউইয়র্কে আসছেন। তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে যোগ দেবেন। সাবেক সরকারের সমর্থকেরা যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সেদিকে নজর রাখার ওপর গুরুত্ব দেন আলোচকরা।

সবংর্ধনা অনুষ্ঠানের মূল উদ্যোক্তা. ড. ইউনূসের ছাত্র প্রফেসর ড. শওকত আলী বলেন, আমরা প্রাথমিকভাবে আলোচনা করে স্যারকে সংবর্ধনার চিন্তা-ভাবনা করেছি। কিন্তু বিষয়টি নিয়ে বড় পরিসরে আলোচনার তাগিদ থেকেই বৈষম্যবিরোধী আন্দোলনের সহায়ক শক্তিগুলোর সাথে বসার প্রয়োজবোধ করি বলেই আমরা মতবিনিময় সভায় বসেছি। তিনি বলেন, সংবর্ধনার ব্যাপারে প্রধান উপদেষ্টার কার্যালয়, জাতিসংঘের বাংলাদেশ মিশন ও কনস্যুলেটে যোগাযোগ করা হলেও কোন সবুজ সংকেত পাওয়া যায়নি। তবে আমরা ঢাকার সিদ্ধান্তের অপেক্ষায় আছি।

সভায় অংশ নেন রীতা রহমান, সাঈদ তারেক, মোশাররফ হোসেন সবুজ, আব্দুস সবুর, অ্যাডভোকেট জামাল হোসেন জনি, পারভেজ সাজ্জাদ, রাসিক মালিক, মোম্মদ সেলিম, কামরুল হাসান, শাহ আলম, মির্জা আলী আজম, এম রহমান মাসুম, মাজহারুল ইসলাম মিরন, মোহাম্মদ জসিম, মোহাম্মদ মজুমদার, গিয়াস উদ্দীন, ড. শফি চৌধুরী, ইমরান রন শাহ, মোহাম্মদ রানা, শামসুল ইসলাম মজনু, হানিফ চৌধুরী, আমলাক হোসেন ফয়সল, ডা. মোহাম্মদ কাশেম, মোহাম্মদ আলী, হেলাল উদ্দীন, জাহাঙ্গীর আলম, মোহাম্মদ এ কাশেম, বদিউল আলম, আশরাফ হোসেন, ফেরদৌস আলম, ডা. আতাউল হক ওসমানী, কাজী জহিরুল ইসলাম, মিজানুর রহমান মিজান প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালক ছিলেন আহমেদ সোহেল।

সভায় বক্তারা বলেন, দূতাবাস, মিশন ও কনস্যুলেটে এখনো অনেক বিতর্কিত ব্যক্তিরা অবস্থান করছে।

এ সময় শওকত আলী বলেন, সরকার যদি তাদের ওপর আস্থা রেখে অনুষ্ঠান করতে চায় সেক্ষেত্রে আমাদের কি করার আছে? তবে আমরা উদ্বেগের কথা যথাযথ জায়গায় জানাতে পারি। কোনভাবেই যেন ড. ইউনূসের সন্মানহানি না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখতে হবে।

সভায় অর্ধ শতাধিক প্রবাসী তাদের মতামত ব্যক্ত করেন। যাদের অধিকাংশই প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ-এর ব্যানারে সবংর্ধনা আয়োজনের পক্ষে কথা বলেন। এজন্য একটি সমন্বয়ক কমিটি গঠনেরও প্রস্তাব করেন অনেকে।

# সোসাইটি, চট্টগ্রাম, কোম্পানীগঞ্জ সমিতির নির্বাচনী ভাইরাসে আক্রান্ত কমিউনিটি

*(প্রথম পাতা থেকে)* রোববার। এসোসিয়েশনের নির্বাচনী তফসীল মোতাবেক রোববার (১৫ সেপ্টেম্বর) ছিলো মনোনয়নপত্র দাখিলের দিন। এদিন উৎসবমুখর পরিবেশে প্রার্থীরা তাদেও মনোনয়নপত্র দাখিল করেন।

উল্লেখিত নির্বাচন ঘিরে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটি সরব হয়ে উঠেছে। নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ওজনপার্ক, ব্রুকলীন, ব্রঙ্কস প্রভৃতি এলাকায় চলছে সভা-সমাবেশ, মতবিনিময়, প্রার্থী পরিচিতি প্রভৃতি কর্মকান্ড।

# নিউইয়র্ক ফ্যাশন উইকে বাংলা গানে মডেল-তারকারা


**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্ক সিটির ম্যানহাটানে নিউইয়র্ক ফ্যাশন উইকে 'তোমার ঘরে বসত করে কয়জনা মন জানে না' গানের সাথে ফ্যাশন শো-তে অংশ নিলেন বিভিন্ন দেশের তরুণী মডেলরা। ছিলেন বাংলাদেশী মডেল তারকা সারাহ আলমও।

বহুজাতিক এ উৎসবে বাঙালী তরুণী রাইসা রফিকের ই-কমার্স ফ্যাশন হাউস 'রায়ু'র ডিজাইনগুলোই দৃশ্যমান হয়েছে। গত ৭ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যার বৈরী আবহাওয়ার মধ্যেই বিভিন্ন বর্ণ আর ভাষার মানুষের সম্মিলনে বর্ণাঢ্য এ উৎসবটি ছিল সবচেয়ে কম বয়েসী ডিজাইনার রাইসাকে ঘিরেই। আর তা ঝলসে উঠেছিল আনিকা রশিদের কণ্ঠে গানটি পুরো মিলনায়তনে ভিন্ন এক আমেজে আবিষ্ট করায়।

এভাবেই ২০২৩ সালে ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে ফ্যাশন বিজনেস ম্যানেজমেন্টে ব্যাচেলর ডিগ্রি নেয়া রাইসা রফিক ইতিহাসে বিশেষ এক স্থানেও অধিষ্ঠিত হলেন। পরিচিতি পেলেন বাঙালী ডিজাইনার হিসেবে।

নিউইয়র্ক ফ্যাশন উইকে এই আত্মপ্রকাশ শো-টি রায়ুর সাউন্ডস্পেস এবং ফ্যাশন সিজলের সাথে সহযোগিতার মাধ্যমে সম্ভব হয়েছে বলে জানা গেছে। ফ্যাশন সিজল প্রোডাকশন প্রায় এক দশকের অভিজ্ঞতা নিয়ে একটি অসাধারণ বৈশ্বিক প্ল্যাটফর্ম প্রদান করে। সাউন্ডস্পেস ইন্টারন্যাশনাল, যা ওমর চৌধুরী দ্বারা প্রতিষ্ঠিত, তার উদ্ভাবনী পদ্ধতি এবং ফ্যাশন ও সঙ্গীতকে মেলানোর প্রতি প্রতিশ্রুতির জন্য সুপরিচিত।









# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

**Corporate Office**
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

**Jamaica Office**
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

**Long Island Office**
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

**Bronx Office**
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

**Ozone Park Office**
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

**Buffalo Office**
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549

# ড. ইউনূসকে নিউইয়র্কে অবাঞ্ছিত ঘোষণা যুক্তরাষ্ট্র আ.লীগের




*(শেষ পাতার পর)* ২ সেপ্টেম্বর রোববার বেলা ২টায় জেএফকে বিমানবন্দরে এবং ২৭ সেপ্টেম্বর শুক্রবার সকাল ১১টায় জাতিসংঘ সদর দপ্তরের সামনে দলের পক্ষ থেকে প্রতিবাদ সভা আয়োজনের কর্মসূচীও ঘোষণা করা হয়।

সিটির জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে শুক্রবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় আয়োজিত সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। সংবাদ সম্মেলনে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মিয়া, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র আওয়ামীগ নেতা মোহাম্মদ সোলায়মান আলী, বাবু, একেএম তরিকুল হায়দার চৌধুরী, আব্দুল হামিদ,

# ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা'র বনভোজন অনুষ্ঠিত



**নিউইয়র্ক:** প্রবাসের সামাজিক সংগঠন গুলোর অন্যতম সংগঠন ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা ইন্‌ক এর বার্ষিক বনভোজন গত ২৫ আগষ্ট রোববার প্রাকৃতিক সৌন্দর্য্যের লীলাভূমি সবুজ ছাঁয়াঘেরা ও মনমুগ্ধকর স্থান লং আইল্যান্ডের হ্যাকশেয়ার স্টেট পার্কের ডিয়ার রেঞ্জ প্যাভিলিয়নে অনুষ্ঠিত হয়েছে। নিউইয়র্কের বিভিন্ন ব্যুরো থেকে আগত প্রবাসী ব্রাহ্মণবাড়িয়াবাসী ও প্রবাসের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দসহ প্রায় সাড়ে পাঁচ শতাধিক লোকের সমাগমে বনভোজন স্থানটি যেন একটি মিনি বাংলাদেশে পরিণত হয়েছিল। সব বয়সের মানুষের উপস্থিতিতে বনভোজন স্থানটি হয়ে উঠে উৎসবমূখর ও প্রাণের স্পন্দনে হৃদতায় ভরপুর। বনভোজনে আসা আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব একে অন্যের হৃদতার এ অনন্য বন্ধন লক্ষ্য করা যায় এবং *(বাকি অংশ ৭ এর পাতায়)*

# নাইন ইলেভেন'র ভিকটিমদের স্মরণে ব্রঙ্কসে সভা





**কাজী রবিউজ্জামান:** ইউনাইটেড ব্রঙ্কস বাংলাদেশউ কমিউনিটি'র উদ্যোগে ৯/১১ এর ভিকটিমদের স্মরনে এক সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১১ সেপ্টেম্বর বুধবার, ব্রঙ্কসের ট্রাই অ্যাঙ্গেল, বাংলাবাজার, পার্কচেস্টারে এই সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে ২০০১ সালের ৯/১১-এর ঘটনায় নিহতদের স্মরনে নিরাবতা পালন করা হয়, এরপর আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। এরপর নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা করে প্রার্থনা পরিচালনা করেন সেন্ট হেলেন চার্জ-এর ফাদার ডেভিড। অতপর দোয়া বিশ্ব শান্তি, ৯/১১ ভিকটিমদের স্মরণে দোয়া পরিচালনা করেন স্থানীয় বাংলাবাজার জামে মসজিদের পেশ ইমাম আবুল কাশেম ইয়াহিয়া।

সভায় ৯/১১ দিনটির গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন ষ্টেট সিনেটর ন্যাথালিয়া ফর্নান্ডেজ ও ষ্টেট অ্যাসেমবিলীওম্যান, ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভেনেসা গিবসন, কমিউনিটি বোর্ড-৯ এর চেয়ারম্যান এন মজুমদার, খলিল ফুড ফাউন্ডেশনের সিইও খলিলুর রহমান, এটর্নী রাশেদ মজুমদার, পুলিশ প্রিসেন্ট ৪৩-এর ক্যাপটেন ব্লানেকা, ল্যাফটেনেন্ট ইয়ান, কমিউনিটির পরিচিত মুখ ল্যাফটেনেন্ট বিলাল উদ্দিন, প্রফেসর ছানাউল্লাহ, কামাল উদ্দিন, হাসান আলী, কাজী রবিউজ্জামান, জহির উল হক, খায়রুল ইসলাম নাসির, মিয়া মোহাম্মদ দাউদ, নূরে আলম জিক প্রমুখ।

এ ছাড়াও ৯/১১ দিনটির স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন কমিউনিটি বোর্ড ৯-এর সদস্য জগলুল চৌধুরী ও মোতাসিম বিল্লাহ তুষার। এসময় উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে বিজয় কৃষ্ণ সাহা, কবি সুধাংশু কুমার মন্ডল, মুক্তিযোদ্ধা আব্দুস ছালাম, মুক্তিযোদ্ধা আব্দুল রউফ, মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, মুক্তিযোদ্ধা লিয়াকত আলী, তহিদুল ইসলাম, জামাল আহমেদ, আজিজুল হক, মকবুল মিয়া, লুৎফর রহমান, জালাল সরদার কমিশনার, মনজুর চকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

স্কাউট দলের উপস্থিতি অনুষ্ঠানটি প্রানবন্ত করে তোলে। এই দলের প্রতিনিধিত্ব করেন সেন্ট হেলেনা স্কুল, ব্রঙ্কস এর স্কাউট দল।

অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন এ্যাটর্নী রাশেদ মজুমদার ও মোঃ শামিম মিয়া। সমম্বয়কের দায়িত্বে ছিলেন মোতাসিম বিল্লাহ তুষার, এ ইসলাম মামুন, শামিম আহমেদ, সামাদ জাকারিয়া।

# পেনসিলভেনিয়ায় বাংলাদেশ প্যারেড ও মেলা অনুষ্ঠিত






*(শেষ পাতার পর)* বেসাপ, বিসিপি, কোম্পানীগঞ্জ, হবিগঞ্জ, বৃহত্তর কুমিল্লা, বিয়ানীবাজার, গোলাপগঞ্জ, সিলেট সদর, লক্ষীপুর, বৃহত্তর রংপুর, নরসিংদী, এবং কুষ্টিয়া-পিএ। সংগঠনগুলোর প্রতি ধন্যবাদ জানিয়ে মেলার উদ্বোধন করেন সংগঠনের সভাপতি এ.বি.এম. আলতামাস বাবুল, সাধারণ সম্পাদক সাইদুজ্জামান ডেনী এবং প্রধান অতিথি বারী গ্রুপের প্রতিষ্ঠাতা আসেফ বারী টুটুল।

বাংলাদেশী প্যারেড ও মেলাকে ঘিরে প্রবাসী বাংলাদেশীরা মেতে ওঠেন। এই প্যারেড ও মেলায় ঐতিহ্য, কেনাকাটা, আড্ডা ও আনন্দের মাধ্যমে এক বিশাল সমাবেশ ঘটে। বৃষ্টির পরেও প্যারেড থামেনি। দুপুর ১:৩০-এ আপার ডার্বির খামারবাড়ি পার্কিং লট থেকে প্যারেড শুরু হয়ে ৬৯ স্ট্রিটের আপার ডার্বি সিটি প্লে গ্রাউন্ডে শেষ হয়। সাজানো গাড়ি ও বাদ্যযন্ত্রসহ প্রবাসীরা উৎসাহের সঙ্গে অংশ নেন। বাংলাদেশি আমেরিকান কমিউনিটি ফোরাম অব পেনসিলভেনিয়ার অংশগ্রহণ ছিল বিশেষভাবে উল্লেখযোগ্য।

বিকেলে আপার ডার্বি সিটির প্লে গ্রাউন্ড মেলা প্রাঙ্গণে পরিণত হয়। প্রবাসী বাংলাদেশিরা দলবেঁধে মেলায় যোগ দেন। পেনসিলভেনিয়ার পাশাপাশি নিউজার্সি, ডেলাওয়ার, মেরিল্যান্ড, ভার্জিনিয়া, এবং নিউইয়র্ক থেকেও প্রবাসীরা অংশগ্রহণ করেন। মেলায় বুটিক, মৃৎশিল্প, হস্তশিল্প, পোশাক ও জুয়েলারিসহ বিভিন্ন পণ্যের স্টল ছিল। দেশীয় খাবারের দোকানগুলোও ক্রেতাদের মন জয় করে নেয়।

বিনোদন আয়োজনে স্থানীয় শিশু শিল্পীদের গান ও নাচের পাশাপাশি বাংলাদেশের জনপ্রিয় শিল্পীরা সংগীত পরিবেশন করেন। আকর্ষণীয় লটারি ড্রতে ছিল স্বর্ণের বার, ল্যাপটপ, এবং টেলিভিশনসহ আকর্ষণীয় পুরস্কার। অনুষ্ঠানের ইভেন্ট প্রডিউসার ছিল 'নেক্স জেনারেশন', কালচারাল ইভেন্ট কো-অর্ডিনেটর 'সপ্তক সঙ্গীত নিকেতন' এবং মিডিয়া পার্টনার ছিল 'বাংলাদেশী আমেরিকান কমিউনিটি ফোরাম অব পিএ। পুরো অনুষ্ঠানটির সাফল্যের মূল চালিকাশক্তি হিসেবে কাজ করে 'নেক্স জেনারেশন'।






সফলতার ২৮ বছরে
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা
বর্ষ ২৮ : সংখ্যা ৫১ : সোমবার, আশ্বিন ০১, ১৪৩১
রবিউল আউয়াল ১২ ১৪৪৬
Vol. 28 Issue 51 September 16, 2024 USA.

# ড. ইউনূসকে নিউইয়র্কে অবাঞ্ছিত ঘোষণা যুক্তরাষ্ট্র আ.লীগের

## ২২ সেপ্টেম্বর জেএফকে বিমানবন্দরে বিক্ষোভ
## ২৭ সেপ্টেম্বর জাতিসংঘের প্রতিবাদ সভা

সংবাদ সম্মেলনে আওয়ামী লীগ নেতৃবৃন্দ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** শান্তিতে নোবেল পুরষ্কারজয়ী বাংলাদেশের অন্তর্বর্তী সরকার প্রধান ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কে অবাঞ্ছিত ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে অংশ নিতে নিউইয়র্কে আগমন উপলক্ষে তাঁর আগমন ঘিরে 'ড. ইউনূসকে অবৈধ সরকার প্রধান' হিসেবে আখ্যায়িত করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন। এছাড়াও সংবাদ সম্মেলনে ড. ইউনূসের নিউইয়র্ক আগমনের *(বাকি অংশ ৩১ এর পাতায়)*

# মুহাম্মাদ সা: এর বিশেষ দু'টো নুর



**জা ফ র  আ হ মা দ**

মহান আল্লাহ তা'আলা তাঁর প্রিয় নবী মুহাম্মাদ সা: কে এমন দু'টো বিশেষ নূর দান করেছেন যা ইতিপূর্বে অন্য কোন নবী বা রাসুলকে দান করা হয়নি। অত্যন্ত গুরুত্বপূর্ণ নুর দু'টো হলো: এক, "ফাতিহাতুল কিতাব" অর্থাৎ সুরাতুল ফাতিহা দুই, "সুরা বাকারার শেষ অংশ"। এর যে কোন হরফ পড়া হবে তার মধ্যকার প্রার্থিত বিষয় তাকে দেয়া হবে। কোন কোন হাদীসে বলা হয়েছে, যে ব্যক্তি সুরা বাকারার শেষ দু'টো আয়াত রাতে পড়বে তা তার জন্য সে রাতের জন্য যতেষ্ট হবে। মুসলিম শরহে নবাবী ১ম খন্ড ২৭১ পৃষ্টায় বলেছেন, যতেষ্ট হওয়ার অর্থ হলো- রাতের নফল সালাত আদায় করা কিংবা শয়তানের অনিষ্ট থেকে কিংবা বিপদাপদ *(বাকি অংশ ২৩ এর পাতায়)*

# ম্যানহাটনে বাংলাদেশীদের ল্যান্ডমার্ক মদিনা মসজিদ

## নিউইয়র্কে যে স্থানকে কেন্দ্র করে প্রসারিত হয় কমিউনিটি

**শাহ্ সুমন:** নিউইয়র্কের ব্যস্ততম এলাকা ম্যানহাটন। সেখানকার ডাউনটাউনের ইস্ট ভিলেজ ফার্স্ট অ্যাভিনিউয়ে ১১ স্ট্রিটের কর্ণারে অবস্থিত ইসলামকি কাউন্সিল অব আমেরিকা যেটি মদিনা মসজিদ নামে পরিচিত। এ মসজিদটি ৪ যুগ ধরে বাংলাদেশী কমিউনিটির ল্যান্ডমার্ক হিসেবে নিউইয়র্কে এখনো দাঁড়িয়ে আছে স্ব-গৌরবে।

১১ স্ট্রিটে অবস্থিত মদিনা মসজিদের সামনে সারিবদ্ধভাবে ডেলিভারি কর্মীদের স্কুটি-বাইক রাখা। মসজিদের ভিতরে ফুড ডেলিভারি ও পার্সেল ডেলিভারি কর্মীরা কেউ কেউ ক্লান্তি কাটাতে বিশ্রাম নিচ্ছেন। আবার কেউ কেউ সেখানে ওযু করে নামাজে দাঁড়িয়েছেন। কেউ আবার নামাজ শেষে মসজিদের কার্পেটে ক্লান্ত দেহ নিয়ে ঘুমিয়ে পড়েছেন। শুধু *(বাকি অংশ ২২ এর পাতায়)*



নিউইয়র্কে ৪ যুগ ধরে বাংলাদেশী কমিউনিটির ল্যান্ডমার্ক হিসেবে স্ব-গৌরবে দাঁড়িয়ে আছে 'মদিনা মসজিদ'। ইনসেটে মসজিদের প্রবেশমুখ।

# সাংবাদিকদের সাথে 'রুহুল-জাহিদ' প্যানেলের মতবিনিময়

**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'রুহুল-জাহিদ' প্যানেল নিউইয়র্কের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। জ্যাকসন হাইটসের মুনলাইট রেষ্টুরেন্টে শনিবার (১৪ সেপ্টেম্বর) সন্ধ্যায় আয়োজিত এ মতবিনিময় সভায় 'রুহুল-জাহিদ' প্যানেল নির্বাচিত হলে কি করবেন এবং তাদের স্বপ্নের কথা তুলে ধরেন। পাশাপাশি সোসাইটির নির্বাচনে সকল মিডিয়ার সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভায় সোসাইটির বর্তমান সভাপতি ও কার্যকরী সদস্য পদপ্রার্থী মোহাম্মদ রব মিয়া সহ 'রুহুল-জাহিদ' প্যানেলের প্রার্থীদের মধ্যে সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী, সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু ও কার্যকরী পরিষদ পদপ্রার্থী তাজু মিয়া উপস্থিত ছিলেন।

সভার *(বাকি অংশ ২৩ এর পাতায়)*

# চট্টগ্রাম সমিতির নির্বাচনে দুই প্যানেলে ৩৯ প্রার্থী

## 'তাহের-আরিফ' প্যানেলের মনোনয়ন



'তাহের-আরিফ' প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থী

**বাংলা পত্রিকা রিপোর্ট:** চট্টগ্রাম এসোসিয়েশন অব আমেরিকার (চট্টগ্রাম সমিতি) আসন্ন নির্বাচনে কার্যকরী *(বাকি অংশ ২ এর পাতায়)*

## 'মাকসুদ-মাসুদ' প্যানেলের মনোনয়ন



'মাকসুদ-মাসুদ' প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থী

**বিশেষ প্রতিনিধি:** 'চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক' (চট্টগ্রাম সমিতি)-এর আসন্ন নির্বাচনে *(বাকি অংশ ২ এর পাতায়)*

# 'রুহুল-জাহিদ' প্যানেলের পরিচিতি সভা অনুষ্ঠিত

## 'নির্বাচিত হলে কমিউনিটি ভবন তৈরির আশ্বাস'



'রুহুল-জাহিদ' প্যানেলের পরিচিতি সভায় নেতৃবৃন্দরা

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'রুহুল-জাহিদ' প্যানেলের পরিচিতি সভা জ্যামাইকায় অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় স্থানীয় স্টার কাবার রেষ্টেরেন্টে অয়োজিত সভায় সভাপতিত্ব করেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন। বিপুল সংখ্যক জ্যামাইকাবী সভায় যোগ দেন।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন গোলাম আজম রকি। সভায় সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া ও 'রুহুল-জাহিদ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা ডা. টমাস দুলু রয়, অধ্যাপিকা হুসনে আরা বেগম ও রেজাউল করীম চৌধুরী, সাবেক সভাপতি *(বাকি অংশ ২ এর পাতায়)*

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

**এম কামাল**



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে *(বাকি অংশ ৮ এর পাতায়)*

# এক স্লিপ



**সালাহউদ্দিন আহমেদ:** নিউইয়র্কের বাংলা প্রিন্ট মিডিয়াগুলোর অনেক খবরই একইভাবে একাধিক মিডিয়ায় প্রকাশিত হচ্ছে। কোন কোন খবর একটু-আধটু এডিট করে তা হুবহু প্রকাশ করা হচ্ছে। আবার এক মিডিয়ার খবর আরেক মিডিয়া প্রকাশ করা হচ্ছে কোন কৃতজ্ঞতা ছাড়াই। কমিউনিটির নিউজ এজেন্সীগুলোর মধ্যে ইউনাইটেড নিউজ অব আমেরিকা (ইউএনএ) আর বাংলা প্রেস সক্রিয় থাকলেও এই দুই এজেন্সী প্রেরীত খবর বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত হলেও অধিকাংশ মিডিয়ায় তারও ক্রেডিট (কৃতজ্ঞতা স্বীকার) দেয়া হয় না। এনিয়ে সংশ্লিষ্টরা মনোক্ষুণ্ন হলেও কমিউনিটির সেবায় তারা *(বাকি অংশ ৮ এর পাতায়)*

TiME television

# পেনসিলভেনিয়ায় বাংলাদেশ প্যারেড ও মেলা অনুষ্ঠিত

**বিশেষ প্রতিনিধি:** যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়ার আপার ডার্বিতে গত ৭ সেপ্টেম্বর শনিবার বাংলাদেশ সোসাইটি অব পেনসিলভেনিয়ার আয়োজনে বাংলাদেশ প্যারেড ও মেলা অনুষ্ঠিত হয়। এই আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিল বাংলাদেশ সোসাইটি অব পেনসিলভেনিয়া (বিএসপি)। সহযোগিতা করেছে *(বাকি অংশ ৩১ এর পাতায়)*










Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com